

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ

প্রশিক্ষণ মডিউল

৯

প্রজননতন্ত্র ও যৌনবাহিত
সংক্রমণ ব্যবস্থাপনা



অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

হেল্থ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ

WQ 100.JB2

B418e

1998

cop.2

RE
AND
SEARCH

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ
Essential Services Package (ESP)

প্রশিক্ষণ মডিউল - ৯



প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা

**(Management of Reproductive Tract
Infection/Sexually Transmitted Disease)**

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

হেল্থ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ

১৯৯৮

প্রণয়নে	:	ডাঃ সুরাইয়া বেগম
সহযোগিতায়	:	ডাঃ সুমনা সাফিনাজ
পরিকল্পনায়	:	ডঃ আবদুল্লাহ-হেল বাকী প্রফেসর বরকত-ই-খুদা ডঃ ক্রীস টুনন
কম্পিউটার কম্পোজ	:	সুভাষ চন্দ্র সাহা মোঃ ইউসুফ
প্রচ্ছদ পরিকল্পনা	:	আসেম আনসারী
কালার স্ক্যানিং	:	গ্রাফিক স্ক্যান লিঃ
প্রচ্ছদ ছবি	:	মোঃ মাহবুব-উল-আলম

ICDDR,B Special Publication No. 83
ISBN: 984-551-161-9

© 1998, International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh

ICDDR,B LIBRARY	
SERIAL NO.	031624
CLASS NO.	WR 100.3B2
SOURCE	0087

প্রকাশনায়ঃ

অপারেশনাল রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াস ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮ ।

প্রচ্ছদ মুদ্রনেঃ সেবা প্রিন্টিং প্রেস, ঢাকা

ma 1001502
B418e
1998
cop.2



সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুভেচ্ছা


গত দেড়যুগেরও বেশী সময় ধরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং আই সি ডি ডি আর বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্ট (যা ইতিপূর্বে এম.সি.এইচ. এফ.পি. আরবান ও রুরাল এক্সটেনশন প্রজেক্ট নামে দু'টি পৃথক প্রজেক্ট হিসেবে কার্যরত ছিল) যৌথভাবে কাজ করে আসছে। অপারেশন্স রিসার্চ প্রজেক্ট মাঠ পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রায়োগিক গবেষণার মাধ্যমে জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীর ব্যবস্থাপনা উন্নয়ন, সেবার মান বৃদ্ধি ও স্থায়িত্বশীলতা অর্জনের পথ ও পদ্ধতি নিরূপণে কাজ করে চলেছে। উল্লেখ্য যে, এই প্রজেক্টের গবেষণালব্ধ সুফল জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীতে অন্তর্ভুক্ত হয়ে আসছে।

বর্তমানে জাতীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মসূচীর আওতায় অত্যাৱশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের প্রয়োজনীয়তা সংশ্লিষ্ট সকল মহল কর্তৃক স্বীকৃত হয়েছে। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার গ্রহণযোগ্যতা বৃদ্ধির অন্যতম প্রধান শর্ত হচ্ছে উন্নত মানের সেবা প্রদান এবং আমরা জানি, উন্নতমানের সেবা প্রদানের নিশ্চয়তা বিধানের জন্য কার্যকরী প্রশিক্ষণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেবা প্রদানের সঠিক নির্দেশনা ইতিপূর্বে বাংলা ও ইংরেজী ভাষায় অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা প্যাকেজ প্রটোকল প্রকাশিত হয়েছে।

স্বাস্থ্যসেবা প্রদানকারীরা যেন সঠিক উপায়ে এবং যথাযথভাবে এই প্রটোকলটি ব্যবহার করে সেবা দিতে পারেন, সে উদ্দেশ্যে এই প্রশিক্ষণ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছে। এতে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনার পদ্ধতি ও প্রক্রিয়া এবং প্রশিক্ষণের বিষয়বস্তু বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। আশাকরি এই প্যাকেজ অনুসরণ করে প্রশিক্ষকগণ খুব সহজেই অংশগ্রহণমূলক পদ্ধতিতে ফলপ্রসূভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা বাস্তবায়নে প্রায়োগিক গবেষণার উদ্দেশ্যে ছয়টি প্রাথমিক সেবা কেন্দ্রে অর্থাৎ তিনটি সরকারী ডিসপেন্সারী ও তিনটি এনজিও ক্লিনিকে সেবা প্রদানকারীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে এ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছিল। এ প্রকাশনায় NIPHP (জাতীয় সম্বন্ধিত জনসংখ্যা ও স্বাস্থ্য কর্মসূচী) পার্টনারদের যৌথ প্রচেষ্টায় প্রণীত বিভিন্ন বিষয় অভিযোজন করা হয়েছে।

বর্তমান প্রয়োজনকে সামনে রেখে অত্যাৱশ্যকীয় সেবা প্রশিক্ষণ প্যাকেজ প্রকাশের সময়োচিত পদক্ষেপ গ্রহণের জন্য আমি আন্তরিকভাবে আই সি ডি ডি আর,বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্টকে ধন্যবাদ জানাই। আমার দৃঢ় বিশ্বাস, সরকারী ও বেসরকারী সেবাকেন্দ্রের প্রশিক্ষকগণ এই প্রশিক্ষণ প্যাকেজ ব্যবহার করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদানে সক্ষম হবেন।


মোহাম্মদ আলী

স্বীকৃতি পত্র

আইসিডিডিআর,বি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এই অপারেশন রিসার্চ প্রজেক্টটি বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা করা, গবেষণালব্ধ ফলাফল প্রচার করা এবং কারিগরি সাহায্য প্রদানের মাধ্যমে জাতীয় স্বাস্থ্য এবং জনসংখ্যা কর্মসূচীর (সরকারী, বেসরকারী ও বানিজ্যিক খাতে) উন্নয়ন করা।

আইসিডিডিআর,বি-এর সাথে যৌথ চুক্তিনামা নং ৩৮৮-০০৭১-এ-০০-৩০১৬-০০ এর অধীনে ইউ এস এ আই ডি (USAID) এই প্রকাশনায় আর্থিক সাহায্য দিয়েছে। আইসিডিডিআর,বি কে আর্থিক সহায়তা প্রদানকারী দাতা সরকারসমূহ হচ্ছে, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, বেলজিয়াম, কানাডা, জাপান, নেদারল্যান্ড, নরওয়ে, সৌদি আরব, শ্রীলংকা, সুইডেন, সুইজারল্যান্ড, গ্রেটব্রিটেন এবং আমেরিকা। সহায়তা প্রদানকারী আন্তর্জাতিক সংস্থাসমূহের মধ্যে রয়েছে আরব গাল্ফ ফান্ড, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউনিসেফ, ইউএনডিপি এবং ওয়ার্ল্ড হেলথ অরগানাইজেশন। ফাউন্ডেশনগুলোর মধ্যে রয়েছে আগা খান ফাউন্ডেশন, চাইল্ড হেলথ ফাউন্ডেশন, ফোর্ড ফাউন্ডেশন, পপুলেশন কাউন্সিল, রকফেলার ফাউন্ডেশন, থ্যাশার রিসার্চ ফাউন্ডেশন এবং জর্জ ম্যাশন ফাউন্ডেশন। বেসরকারী সংস্থাসমূহের মধ্যে রয়েছে ইস্ট ওয়েস্ট সেন্টার, হেলেন কেলার ইন্টারন্যাশনাল, ইন্টারন্যাশনাল এটমিক এনার্জি এজেন্সী, ইন্টারন্যাশনাল সেন্টার ফর রিসার্চ অন উইমেন, ইন্টারন্যাশনাল ডেভেলোপমেন্ট রিসার্চ সেন্টার, ইন্টারন্যাশনাল লাইফ সাইন্সেস ইনস্টিটিউট, ক্যারোলিন্স্কা ইনস্টিটিউট, লন্ডন স্কুল অব হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন, লেডেরলি প্রাক্সিস, ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথ, নিউ ইংল্যান্ড মেডিসিন সেন্টার, প্রক্টর এন্ড গ্যান্সল, র্যান্ড কর্পোরেশন, স্যোশাল ডেভেলোপমেন্ট সেন্টার অব ফিলিপাইন, সুইস রেড ক্রস, জন হপকিন্স ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব অ্যালাবামা এ্যাট বার্মিংহাম, ইউনিভার্সিটি অব লোয়া, ইউনিভার্সিটি অব গোটের্গ, ইউ সি বি অসমোটিক্স লিমিটেড, ওয়াশ্ডার এ,জি এবং আরোও অন্যান্য সংস্থা।

কৃতজ্ঞতা স্বীকার

এই প্রশিক্ষণ কারিকুলাম পর্যালোচনা করে যাঁরা মূল্যবান পরামর্শ ও মতামত প্রদান করে বিশেষ অবদান রেখেছেন, তাঁরা হচ্ছেনঃ

ডাঃ এ, এম, জাকির হোসেন

পরিচালক, পি এইচ সি, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ সামসুল হক

প্রকল্প পরিচালক, ইপিআই

ডাঃ জাফর আহমেদ হাকীম

প্রকল্প পরিচালক, এফপিসিএসপি, পরিকল্পনা অধিদপ্তর

ডাঃ এস এম আসিব নাসিম

প্রাক্তন প্রকল্প পরিচালক, সি ডি ডি প্রকল্প

ডাঃ এনামুল করিম

আই ই ডি সি, আর

ডাঃ আনওয়ারুল হক মিয়া

যৌন রোগ নিয়ন্ত্রণ প্রকল্প

ডাঃ খায়রুল ইসলাম

প্ল্যান ইন্টারন্যাশনাল

মিসেস লায়লা বাকী

ইউরোপিয়ান কমিশন

ডাঃ শবনম শাহনাজ

পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল

মিঃ মোহাম্মদ আলী ভূইয়া

আই সি ডি ডি আর,বি

ডঃ সুব্রত রাউথ

আই সি ডি ডি আর,বি

ডাঃ শেখ আমিনুল ইসলাম

আই সি ডি ডি আর,বি

ডাঃ সেলিনা আমিন

আই সি ডি ডি আর,বি

এ ছাড়া এই কারিকুলাম প্রণয়নে যাঁদের সুচিন্তিত পরামর্শ ও নেতৃত্ব বিশেষভাবে উল্লেখযোগ্য, তাঁরা হলেনঃ

প্রফেসর বরকত-ই-খুদা

অপারেশন রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি

ডঃ ক্রীস টুনন

অপারেশন রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা Management of RTI & STD

সূচীপত্র

প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী	১
প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতি	৪
প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ এবং এইচ আই ভি/এইডস	৯
প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা	১৫
যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় শিক্ষা ও পরামর্শদান (কাউন্সেলিং)	২৬
সিনড্রোমিক ব্যবস্থাপনা	৪৬
Urethral Discharge (মূত্রনালীর নিঃসরণ)	৬০
Vaginal Discharge (যোনিপথে স্রাব)	৬৮
Lower Abdominal Pain (তলপেটে ব্যথা)	৮০
Genital Ulcer (যৌনাস্থে ক্ষত)	৮৮
হাসপাতাল ভিজিট	৯৭
Scrotal Swelling (ক্ষীত অভকোষ)	১০৭
Inguinal Bubo	১১৫
Neonatal Conjunctivitis (নবজাতকের চোখে সংক্রমণ)	১২৩
প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা: ভূমিকাভিনয় (Role Play)	১২৯
এইডস	১৩১
ধারণা যাচাই পত্র	১৪১

প্রশিক্ষণ ম্যানুয়েল ব্যবহার করার নিয়ম

- প্রশিক্ষকদের সাহায্য করার জন্য এই ম্যানুয়েলটি প্রণীত হয়েছে। এর উপর ভিত্তি করে নির্ধারিত অধিবেশনগুলো পরিচালনা করা যাবে।
- প্রশিক্ষণ কর্মসূচী অংশগ্রহণমূলক ও কার্যকর করার জন্য যে প্রক্রিয়া ও প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করা হয়েছে তা আগে থেকে পড়ে প্রয়োজনীয় প্রস্তুতি নিন।
- বিভিন্ন ক্ষেত্রে যেমন রোগের নাম, ওষুধ, সাধারণভাবে ব্যবহৃত কিছু শব্দ ইংরেজীতে ব্যবহার করা হয়েছে। সেশন পরিচালনায় সহজতা অর্থাৎ অংশগ্রহণকারীর স্বাচ্ছন্দ্য অনুযায়ী বাংলা অথবা ইংরেজী ব্যবহার করতে পারেন।
- প্রশিক্ষণের প্যাকেজের দশটি সেবার জন্য একটি পরিচিতি অধিবেশন ও যোগাযোগের সেশন তৈরী করা হয়েছে। সেশনটি আপনার সুবিধামতো প্রশিক্ষণ কর্মসূচীতে অন্তর্ভুক্ত করে নেবেন। তবে কর্মসূচীর প্রথম দিকে করা বাঞ্ছনীয়। এতে অংশগ্রহণকারীরা গ্রহীতার সাথে সফল যোগাযোগের প্রক্রিয়া সঠিকভাবে অনুধাবন করতে পারবেন যা পরবর্তীতে ভূমিকাভিনয় বা অনুশীলনে সহায়ক হবে।
- প্রশিক্ষণকে উপভোগ্য ও আকর্ষনীয় করার সম্ভাব্য উপায় হিসেবে ম্যানুয়েলে কিছু খেলার উল্লেখ রয়েছে। একঘেয়েমী ও ক্লান্তি দূরীকরণার্থে উদ্দীপক হিসাবেও কোন কোন খেলা ব্যবহার করা যেতে পারে।
- প্রশিক্ষণপূর্ব ও পরবর্তী ধারণা যাচাই করার জন্য প্রতিটি বিষয়ের শেষে একটি মূল্যায়ন পত্র সংযোজন করা হয়েছে। এটি একটি নমুনা মাত্র। প্রশিক্ষক ইচ্ছে করলে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারেন।
- প্রতিটি সেশনের উদ্দেশ্য অনুযায়ী সেশন পরিচালনার প্রক্রিয়া ধাপে ধাপে আলোচনার পর 'বিষয় সম্পর্কিত তথ্য' shade/বক্সে দেয়া হয়েছে।
- অনুশীলন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে হাসপাতাল বা ক্লিনিক পরিদর্শনের সময়সীমা অথবা দিন প্রয়োজন অনুযায়ী বাড়ানো যেতে পারে। যেমন ডায়রিয়া, শ্বাসতন্ত্রের সংক্রমণ বা প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনার ক্ষেত্রে। এ ছাড়া কোন বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রয়োজনে ক্লিনিক ভিজিটের আয়োজন করা যেতে পারে।
- যে সমস্ত সেশনে VIPP কার্ড ব্যবহার করা হয়েছে, নমুনা হিসাবে কিছু রঙের উল্লেখ আছে। VIPP এর নীতিমালা অনুসরণ করে আপনার সুবিধা অনুযায়ী অন্য কোন রঙ ব্যবহার করতে পারেন। VIPP কার্ড ব্যবহারের নিয়ম প্রশিক্ষণ পদ্ধতিতে উল্লেখ করা হয়েছে।

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনাঃ প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী

স্থিতি : ১৫ মিনিট

পূর্বপ্রস্তুতি : - প্রশিক্ষণের উদ্দেশ্য ট্রান্সপারেন্সী অথবা পোস্টার পেপারে লিখে নিন।
- প্রশিক্ষণ কর্মসূচী প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করে রাখুন।

প্রক্রিয়া : - সবাইকে স্বাগত জানিয়ে 'প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা' কোর্সটির সূচনা করুন। পোস্টার পেপার অথবা ট্রান্সপারেন্সী দেখিয়ে প্রশিক্ষণের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।
- কর্মসূচীর কপি প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন এবং কর্মসূচী আলোচনা করুন। প্রশিক্ষণে ব্যবহৃত বিভিন্ন পদ্ধতি ও উপকরণ সম্পর্কে ধারণা দিন ও সক্রিয় অংশগ্রহণের গুরুত্ব উল্লেখ করুন। আলোচনার সময় চা বিরতি ও মধ্যাহ্ন বিরতির সময়সূচী জানিয়ে দিন।

প্রশিক্ষণের উদ্দেশ্য

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রাথমিক পরিচর্যা কেন্দ্রে প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে সিনড্রোমিক ব্যবস্থাপনার গুরুত্ব ও উপাদান উল্লেখ করতে পারবেন;
- খ. প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে সিনড্রোম অনুযায়ী ব্যবস্থাপনা দিতে পারবেন; এবং
- গ. এইচ আই ভি এবং এইডস এর কারণ, ঝুঁকি ও প্রতিরোধ সম্পর্কে জনগণকে বিশেষতঃ যৌনরোগে আক্রান্ত রোগীদের পরামর্শ দিতে পারবেন।

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা
Management of RTI & STD

স্থিতিঃ ৫ দিন
প্রশিক্ষণ কর্মসূচী*

১ম দিন

সময়	পাঠ	অধিবেশন
৯ঃ০০ - ৯ঃ১৫		প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী
৯ঃ১৫ - ৯ঃ৪৫		প্রশিক্ষণ-পূর্ব ধারণা যাচাই
৯ঃ৪৫ - ১০ঃ০০		চা বিরতি
১০ঃ০০ - ১০ঃ৪৫	১	প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতি
১০ঃ৪৫ - ১১ঃ৩০	২	প্রজননতন্ত্র, যৌনবাহিত সংক্রমণ এবং এইচ আই ডি/এইডস
১১ঃ৩০ - ১১ঃ৪৫		উদ্বীপক খেলা
১১ঃ৪৫ - ১ঃ১৫	৩	প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা
১ঃ১৫ - ২ঃ০০		মধ্যাহ্ন বিরতি
২ঃ০০ - ৩ঃ১৫	৪	যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় শিক্ষা ও পরামর্শদান (কাউন্সেলিং)
৩ঃ১৫ - ৩ঃ৩০		চা বিরতি
৩ঃ৩০ - ৫ঃ০০		যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় শিক্ষা ও পরামর্শদান (কাউন্সেলিং)

২য় দিন

সময়	পাঠ	অধিবেশন
৯ঃ০০ - ৯ঃ৩০		পুনরালোচনা
৯ঃ৩০ - ১১ঃ০০	৫	সিনড্রোমিক ব্যবস্থাপনা
১১ঃ০০ - ১১ঃ১৫		চা বিরতি
১১ঃ১৫ - ১২ঃ১৫	৬	Urethral Discharge (মূত্রনালীর নিঃসরণ)
১২ঃ১৫ - ১ঃ০০		মধ্যাহ্ন বিরতি
১ঃ০০ - ২ঃ৩০	৭	Vaginal Discharge (যোনিপথে স্রাব)
২ঃ৩০ - ২ঃ৪৫		চা বিরতি
২ঃ৪৫ - ৩ঃ৪৫	৮	Lower Abdominal Pain (তলপেটে ব্যথা)
৩ঃ৪৫ - ৪ঃ০০		খেলা
৪ঃ০০ - ৫ঃ০০	৯	Genital Ulcer (যৌনাঙ্গে ক্ষত)

৩য় দিন

সময়	পাঠ	অধিবেশন
০৯:০০ - ৯:১৫		ক্লিনিক ভিজিটের প্রস্তুতি
০৯:১৫ - ১:০০	১০	ক্লিনিক ভিজিট
১:০০ - ২:০০		মধ্যাহ্ন বিরতি
২:০০ - ২:৪৫		অভিজ্ঞতা বিনিময়
২:৪৫ - ৩:০০		চা বিরতি
৩:০০ - ৪:০০	১১	Scrotal Swelling (ক্ষীত অভকোষ)
৪:০০ - ৪:১৫	১২	খেলা
৪:১৫ - ৫:০০	১৩	Inguinal Bubo

৪র্থ দিন

সময়	পাঠ	অধিবেশন
০৯:০০ - ৯:১৫		পুনরালোচনা
০৯:১৫ - ১:০০		ক্লিনিক ভিজিট
১:০০ - ২:০০		মধ্যাহ্ন বিরতি
২:০০ - ২:৪৫	১৪	অভিজ্ঞতা বিনিময়
২:৪৫ - ৩:০০		চা বিরতি
৩:০০ - ৩:৪৫		Neonatal Conjunctivitis (নবজাতকের চোখে সংক্রমণ)
৩:৪৫ - ৪:০০		খেলা
৪:০০ - ৫:০০		প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা (ভূমিকাভিনয়)

৫ম দিন

সময়	পাঠ	অধিবেশন
০৯:০০ - ১২:৩০		ক্লিনিক ভিজিট
১২:৩০ - ১:০০		অভিজ্ঞতা বিনিময়
১:০০ - ১:৪৫		মধ্যাহ্ন বিরতি
১:৪৫ - ৩:৩০	১৫	এইডস
৩:৩০ - ৩:৪৫		চা বিরতি
৩:৪৫ - ৪:১৫		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাই প্রস্তুতি
৪:১৫ - ৫:০০		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাই

* কর্মসূচী বা সংস্থার প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা যেতে পারে।

যৌনবাহিত/প্রজননতন্ত্র সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতি

পাঠ : ১
স্থিতি : ৪৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতি বর্ণনা করতে পারবেন; এবং
খ. পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির সংগে প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের বা রোগের সম্পর্ক উল্লেখ করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
ক	যৌনবাহিত/প্রজননতন্ত্র সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতি	২৫ মি.	দৃশ্যমান উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
খ	বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি ও প্রজননতন্ত্র/যৌনবাহিত রোগ/সংক্রমণ	১০ মি.	ধারণা প্রকাশ	ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	৫ মি.	প্রশ্নোত্তর	

- পূর্বপ্রস্তুতি : নিম্নলিখিত বিষয়গুলি ট্রান্সপারেন্সীতে লিখে নিনঃ
- সেশনের উদ্দেশ্য
 - 'প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ' সম্পর্কিত বিভিন্ন তথ্য
 - পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি ও প্রজননতন্ত্র/যৌনবাহিত রোগ বিষয়ক তথ্য

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ৫ মিনিট

- : - অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানিয়ে বলুন 'আমাদের অনেকেরই ধারণা প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণ শুধুমাত্র উন্নত বিশ্বের সমস্যা। আমাদের মতো রক্ষণশীল সমাজে এ সমস্যা তেমন প্রকট নয়। কিন্তু এ সংক্রান্ত বিভিন্ন জরীপ থেকে দেখা গেছে শুধু উন্নত বিশ্বেই নয়, বাংলাদেশে অনেকেই এ রোগে ভুগছেন এবং প্রতিদিন বহু রোগী এ ধরণের সমস্যা নিয়ে চিকিৎসার জন্য বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে আসেন।'
- ট্রান্সপারেন্সি দেখিয়ে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক

স্থিতি

প্রক্রিয়া

: যৌনবাহিত/প্রজননতন্ত্র সংক্রমণের বর্তমান পরিস্থিতি

: ২৫ মিনিট

- : - নিম্নলিখিত তথ্য ট্রান্সপারেন্সি দেখিয়ে বড় দলে আলোচনা করুন। আলোচনার ফাঁকে ফাঁকে প্রতিবর্তা নিন।

বিশ্ব পরিস্থিতি

- উল্লেখযোগ্য সংখ্যক পুরুষ ও মহিলা প্রজননতন্ত্রের সংক্রমণজনিত কারণে মৃত্যুবরণ করেন এবং অনেকে অসুস্থতাজনিত জটিলতায় কষ্ট পান।
- উন্নয়নশীল দেশে যে সব রোগে পুরুষ ও মহিলা চিকিৎসা নিতে আসেন, প্রজননতন্ত্র/যৌনবাহিত রোগ প্রথম পাঁচটি রোগের মধ্যে একটি।
- গ্রামের চেয়ে শহর এলাকায় সংক্রমণের হার বেশী, বিশেষতঃ সমুদ্র/নদী বন্দর ও সীমান্ত এলাকায়।
- যদিও সব যৌনবাহিত রোগ প্রতিকারযোগ্য নয় কিন্তু সব যৌনবাহিত রোগই প্রতিরোধযোগ্য।
- সমগ্র পৃথিবীতে প্রতিবছর ৩৩৩ মিলিয়ন নতুন রোগী যৌনবাহিত রোগে আক্রান্ত হন যা থেকে প্রতিকার বা আরোগ্য লাভ করা সম্ভব।
- লক্ষণবিহীন যৌন রোগীদের অধিকাংশই মহিলা।
- প্রতিবছর প্রায় ১.৩ মিলিয়ন মহিলা প্রতিরোধযোগ্য প্রজননস্বাস্থ্য সংক্রান্ত সমস্যায় মৃত্যুবরণ করেন।
- পুরুষ রোগী ও ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ব্যক্তিদের চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বাংলাদেশ পরিস্থিতি

বাংলাদেশে প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের প্রকোপ জানার জন্য বেশ কয়েকটি জরীপ করা হয়েছে। বিভিন্ন জরীপের ফলাফল থেকে বিভিন্ন রকম তথ্য পাওয়া গেছে।

এলাকা ভিত্তিক জরীপঃ

- মোট সক্ষম দম্পতি মহিলাদের মধ্যে শতকরা ২১.৯ - ৩২.৯ ভাগ প্রজননতন্ত্রের সংক্রমণে ভুগছেন।
- গ্রাম এলাকায় সক্ষম দম্পতি মহিলাদের মধ্যে শতকরা ২৩.২ ভাগ প্রজননতন্ত্রের সংক্রমণে আক্রান্ত।

ঢাকায় বস্তুি এলাকার একটি জরীপে দেখা গেছেঃ

- সিফিলিস রোগে আক্রান্ত পুরুষ ও মহিলার হার যথাক্রমে ১১.৫% ও ৫.৪%.

কুমিল্লায় মতলবে এক জরীপে দেখা গেছেঃ

- মহিলাদের মধ্যে সংক্রমণের হারঃ

Candidiasis/ক্যানডিডিয়াসিস	-	১১.৩%
Bacterial Vaginosis/ব্যাকটারিয়াল ভ্যাজাইনোসিস	-	৯.১%
Trichomoniasis/ট্রাইকোমোনিয়াসিস	-	০.৫%
Genital warts/ জেনিটাল ওয়ার্টস	-	৪%

ক্লিনিক ভিত্তিক জরীপঃ

- পাথফাইণ্ডার ইন্টারন্যাশানাল-এ কৃত জরীপের তথ্য অনুযায়ী ক্লিনিকে সেবা নিতে আগত গ্রহীতাদের মধ্যে সংক্রমণের হারঃ

Trichonioniasis	-	31%
PID	-	10.8%
Cervicitis	-	10.2%

- Marie Stopes Clinicএর তথ্য অনুযায়ী দেখা গেছে আগত রোগীদের মধ্যে শতকরা ২৩ জনের প্রজননতন্ত্র/ যৌনবাহিত সংক্রমণ রয়েছে। অধিকাংশ রোগী vaginal discharge, cervicitis এবং PIDতে ভুগছেন। দেখা গেছে, গার্মেন্টস কর্মীদের মধ্যে vaginal discharge এবং যৌন কর্মীদের মধ্যে PID ও genital ulcer এ সংক্রমণের হার খুব বেশী।

- ঢাকার মিটফোর্ড হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী Skin ও VD আউটডোরে আগত রোগীদের মধ্যে সংক্রমণের হারঃ

Chancroid	-	36%
Syphilis	-	32%
Infected scabies	-	16%
Herpes	-	9%
LGV	-	0.1%

- ঢাকা, চট্টগ্রাম, বরিশাল মেডিকেল কলেজ হাসপাতাল থেকে সংগৃহীত তথ্য থেকে দেখা যায়, যেসব রোগীরা যৌনরোগের চিকিৎসার জন্য আসেন, তাদের মধ্যে আক্রান্ত রোগের হার হচ্ছেঃ

Syphilis	-	14 - 30%
Chancroid	-	5 - 37%
Gonorrhoea	-	25 - 31%
NGU	-	5 - 6%
Herpes	-	3%
Genital warts	-	2%
Scabies	-	11%

এদের মধ্যে অনেকের একাধিক বা মিশ্র সংক্রমণ ছিল।

একটু চিন্তা করলেই বোঝা যায় এ চিত্রই সম্পূর্ণ নয়, কেননা -

- অনেকক্ষেত্রেই এ রোগগুলোর কোন লক্ষণ থাকে না, এবং
- লক্ষণ থাকলেও অনেকেই চিকিৎসার জন্য আসেন না।

ঝুঁকিপূর্ণ পেশা-ভিত্তিক জরীপঃ

- ঝুঁকিপূর্ণ পেশার কর্মীদের মধ্যে পরিচালিত বেশ কয়েকটি জরীপে দেখা গেছে যে তাদের অর্থাৎ যৌনকর্মীদের মধ্যে এ রোগের প্রকোপ খুব বেশী। বিভিন্ন জরীপের ফলাফল থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী নিম্নলিখিত হার পাওয়া গেছে :

Syphilis	-	28 - 67.5%
Gonorrhea	-	14.3 - 27%
Hepatitis B	-	18%

যৌন-আচরণ সম্পর্কিত সমীক্ষাঃ

বাংলাদেশে একাধিক যৌনসংগী থাকার ঘটনা বিরল বা অস্বাভাবিক নয়। ঢাকায় বস্তিবাসীদের উপর পরিচালিত এক জরীপে দেখা গেছে, ১২ - ১৫ বছর বয়সের মধ্যে ছেলেমেয়েদের প্রথম যৌন অভিজ্ঞতা হয়। কতিপয় সমীক্ষার ফলাফলে কারও কারও বিবাহ-পূর্ব ও বিবাহ-বহির্ভূত যৌন সম্পর্ক রয়েছে বলে জানা গেছে। বেশীর ভাগ ক্ষেত্রে এদের সংগীরা হচ্ছে যৌনকর্মী, প্রেমিক/প্রেমিকা, এবং আত্মীয়স্বজন।

এছাড়া কিছু জরীপে যৌন আচরণের ক্ষেত্রে মুখ ও পায়ুর ব্যবহার ছাড়াও সমকামি, দ্বৈত (bi-sexual) ও দলীয় যৌন সম্পর্ক (group-sex) লক্ষ্য করা গেছে।

উল্লেখ করুন, যৌনবাহিত রোগ বিশেষতঃ genital ulcer এ আক্রান্ত রোগীর HIV ভাইরাসে সংক্রমিত হবার আশংকা বেশী। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে প্রতি বছর ২৫০ মিলিয়ন মানুষ যৌনবাহিত রোগে সংক্রমিত হচ্ছেন এবং ২০০০ সালের মধ্যে ৩০-৪০ মিলিয়ন মহিলা, পুরুষ এবং শিশু HIV ভাইরাসে আক্রান্ত হবেন। তাই যৌনবাহিত প্রজননতন্ত্রের রোগ বা সংক্রমণ নিয়ে এলে রোগীকে প্রয়োজনীয় চিকিৎসা দেয়া ছাড়াও রোগের ঝুঁকি, নিরাপদ যৌন আচরণ ও প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে সচেতন করে তোলা আমাদের দায়িত্ব।

- উদ্দেশ্য-খ : পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি, প্রজননতন্ত্র ও যৌনবাহিত রোগ
- স্থিতি : ১০ মিনিট
- প্রক্রিয়া : - পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির সাথে যৌনবাহিত রোগের সম্পর্ক আছে কিনা ও কোন পদ্ধতির সাথে কি সম্পর্ক রয়েছে, প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন।
- প্রাপ্ত ধারণাসমূহ বোর্ডে লিখুন এবং ট্রান্সপারেন্সীর সাহায্যে বিষয়টি বড় দলে আলোচনা করুন।

যৌনবাহিত রোগ ও বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি

কনডম	▶ HIV, গণোরিয়া, ক্ল্যামাইডিয়া, ট্রাইকোমোনিয়াসিস, সিফিলিস, শ্যাংক্রয়েড ও হারপিস সিমপ্লেক্স সংক্রমণ প্রতিরোধ করে।
খাবার বড়ি	▶ তলপেটের সংক্রমণ প্রতিরোধে বড়ির ভূমিকা গুরুত্বপূর্ণ।
	▶ গ্রহীতাদের ক্ল্যামাইডিয়া সংক্রমণের আশংকা কমিয়ে দেয়; কিন্তু
	▶ ক্যানডিডিয়াসিস হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে।
ইনজেকশন	▶ তলপেটে সংক্রমণের আশংকা কমায়।
আই.ইউ.ডি.	▶ গ্রহীতাদের তলপেটে সংক্রমণের ঝুঁকি বৃদ্ধি করে।

শিক্ষণ মূল্যায়ন

- স্থিতি : ৫ মিনিট
- প্রক্রিয়া : একজন অংশগ্রহণকারীকে সামনে এসে সেশনের মূল শিক্ষণ প্রশ্নোত্তরের মাধ্যমে পুনরালোচনা করার আহবান জানান। প্রয়োজনে সহযোগিতা দিন।

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ এবং এইচ আই ভি/এইডস

পাঠ : ২
স্থিতি : ৪৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণের পার্থক্য বলতে পারবেন; এবং
খ. প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের সাথে এইচ আই ভি/এইডস(HIV/AIDS) -
এর সম্পর্ক ব্যাখ্যা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	পোস্টার পেপার/ ট্রান্সপারেঙ্গী
ক	প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণের পার্থক্য	১৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
খ	প্রজনন/যৌনবাহিত সংক্রমণ ও HIV/AIDS রোগের সম্পর্ক	২০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	৫ মি.	প্রশ্নোত্তর	---

- পূর্বপ্রস্তুতি : - 'সেশনের উদ্দেশ্য' পোস্টার পেপারে অথবা ট্রান্সপারেঙ্গীতে লিখে নিন।
- 'প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের সংজ্ঞা ও পার্থক্য' ট্রান্সপারেঙ্গীতে লিখে নিন।
- 'যৌনবাহিত সংক্রমণের সাথে HIV/AIDS এর সম্পর্ক', 'Epidemiological Synergism' এর মূল পয়েন্ট ট্রান্সপারেঙ্গীতে লিখে নিন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

: ৫ মিনিট

প্রক্রিয়া

: - শুভেচ্ছা জানিয়ে সেশন শুরু করুন।

- ট্রাসপারেন্সী বা পোস্টারে লেখা সেশনের উদ্দেশ্য প্রদর্শন ও ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক

: প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণ

স্থিতি

: ১৫ মিনিট

প্রক্রিয়া

: - এভাবে শুরু করুন, প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণ দু'টি অনেকের কাছে সমার্থক মনে হলেও এদের মধ্যে পার্থক্য আছে। 'প্রজননতন্ত্রের সংক্রমণ (Reproductive Tract Infection)' সম্পর্কে প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন।

- সঠিক উত্তরের জন্য প্রশংসা করুন। প্রয়োজনে সহায়তা দিন।

- একইভাবে প্রশ্ন করে, 'যৌনবাহিত সংক্রমণ (Sexually Transmitted Infection)' সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা নিন।

- উত্তর সঠিক হলে সমর্থন জানান এবং RTI (Reproductive Tract Infection) ও STI (Sexually Transmitted Infection) এর পার্থক্য জিজ্ঞেস করুন। সবাইকে মতামত প্রকাশের সুযোগ দিন ও সঠিক সিদ্ধান্তে আসতে সাহায্য করুন।

- প্রয়োজনে ট্রাসপারেন্সী দেখিয়ে ব্যাখ্যা করুন।

প্রজননতন্ত্রের সংক্রমণ (Reproductive Tract Infection) ও যৌনবাহিত সংক্রমণ বা রোগ (Sexually Transmitted Infection)

প্রজননতন্ত্রের সংক্রমণ (RTI) বলতে যৌনাঙ্গ বা প্রজননতন্ত্রের সংক্রমণকে বোঝায়। প্রজননতন্ত্রের সংক্রমণ বেশীরভাগ ক্ষেত্রেই যৌনবাহিত হয় তবে কখনও কখনও অন্যান্য কারণেও প্রজননতন্ত্রের সংক্রমণ হতে পারে। যেমনঃ ক্যানডিডিয়াসিস সংক্রমণ (Candidiasis) ও ব্যাকটেরিয়াজনিত সংক্রমণ (Bacterial Vaginosis) মূলতঃ প্রজননতন্ত্রের সংক্রমণ, যৌনবাহিত রোগ নয়। এ ছাড়া জীবাণুমুক্ত যন্ত্রপাতি বা পরিবেশ বজায় না রাখার কারণে প্রজননতন্ত্রের সংক্রমণ হতে পারে।

যৌন সম্পর্কের মাধ্যমে যে সমস্ত সংক্রমণ বা রোগ ছড়ায় সেগুলো হচ্ছে যৌনবাহিত সংক্রমণ বা রোগ (STI)। তবে যৌনবাহিত সংক্রমণ বা রোগ সব সময় প্রজননতন্ত্রের সংক্রমণ নয়। যেমনঃ হেপাটাইটিস বি, এইডস ইত্যাদি যৌনবাহিত রোগ কিন্তু এতে প্রজননতন্ত্র সংক্রমিত হয়না।

যৌনবাহিত রোগের বিভিন্ন নামঃ

- ❑ Veneral disease: আগে মূলতঃ পাঁচটি রোগকে এই নামে চিহ্নিত করা হতে। রোগ গুলি হচ্ছে - সিফিলিস, গনোরিয়া, শ্যাংক্রয়েড, গ্রানুলোমা ইনগুইনেল (Granuloma Inguinale) এবং লিফোগ্রানুলোমা ভেনেরাম।
- ❑ যৌনবাহিত রোগ অথবা যৌনবাহিত সংক্রমণঃ যৌন সম্পর্কের মাধ্যমে যে সমস্ত রোগ বা সংক্রমণ ছড়ায়। উল্লেখিত ৫টি রোগ ছাড়াও আরোও অন্যান্য রোগ যেমন - AIDS, ট্রাইকোমোনিয়াসিস, ক্ল্যামাইডিয়া ইত্যাদি অন্তর্ভুক্ত। বর্তমানে যৌনবাহিত রোগ অথবা সংক্রমণ বলা হয়, veneral disease শব্দটি ব্যবহার হয়না।

প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণ/রোগ এর মধ্যে সুস্পষ্ট পার্থক্য রয়েছে। প্রজননতন্ত্রের সংক্রমণ বলতে যৌনসঙ্গ বা প্রজননতন্ত্রের সংক্রমণকে বোঝায়, এ সংক্রমণ যৌনবাহিত হতে পারে বা নাও হতে পারে। যেমনঃ ক্যানডিডিয়াসিস ও ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস। যোনিপথে অবস্থিত flora-র ভারসাম্য নষ্ট হবার ফলে হয়। আবার জীবাণুমুক্ত যন্ত্রপাতি/জিনিষপত্র ব্যবহার না করার ফলে তলপেটে যে সংক্রমণ (PID) হয়, তা প্রজননতন্ত্রের সংক্রমণ, যৌনবাহিত সংক্রমণ নয়। পক্ষান্তরে HIV ভাইরাস, Hepatitis-B, C, D ইত্যাদি মূলতঃ যৌনবাহিত রোগ, কিন্তু প্রজননতন্ত্র আক্রান্ত হয়না।

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের প্রকার ভেদ

মূলত তিন ভাগে ভাগ করা যায়ঃ

- ১) প্রজননতন্ত্রের সংক্রমণ কিন্তু যৌনবাহিত নয়
 - ১) প্রজননতন্ত্রের সংক্রমণ কিন্তু যৌনবাহিত নয়
 - ২) যৌনবাহিত প্রজননতন্ত্রের সংক্রমণ
 - ৩) যৌনবাহিত কিন্তু প্রজননতন্ত্র আক্রান্ত হয়না।
- ১) প্রজননতন্ত্রের সংক্রমণ কিন্তু যৌনবাহিত নয় -
 - ক্যানডিডিয়াসিস/মোনিলিয়াসিস
 - ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস
 - জীবাণুমুক্ত যন্ত্রপাতি/জিনিষপত্র ব্যবহারের ফলে তলপেটের সংক্রমণ (Iatrogenic PID)
- ২) যৌনবাহিত প্রজননতন্ত্রের সংক্রমণ -

যৌন সম্পর্কের মাধ্যমে যখন প্রজননতন্ত্র আক্রান্ত হয়। যেমনঃ

 - ট্রাইকোমোনিয়াসিস
 - গনোরিয়া
 - ক্ল্যামাইডিয়া

- হারপিস জেনিটালিয়া
- সিফিলিস
- শ্যাংক্রয়েড
- থ্রানুলোমা ইনগুইনেল এবং লিম্ফোগ্রানুলোমা ভেনেরাম
- তলপেটে সংক্রমণ (PID)
- অন্যান্য রোগ সমূহঃ
 - চুলকানি (Scabies)
 - হারপিস জেনিটালিস, anorectal herpes এবং warts

৩) যৌনবাহিত কিন্তু প্রজননতন্ত্র আক্রান্ত হয়না

যৌন সম্পর্কের মাধ্যমে যে সমস্ত সংক্রমণ বা রোগ ছড়ায় সেগুলো হচ্ছে যৌনবাহিত সংক্রমণ বা রোগ (STI) তবে যৌনবাহিত সংক্রমণ বা রোগমাত্রই প্রজননতন্ত্রের সংক্রমণ নয়। যেমনঃ হেপাটাইটিস বি, এইডস ইত্যাদি যৌনবাহিত রোগ কিন্তু এতে প্রজননতন্ত্র সংক্রমিত হয়না।

উদ্দেশ্য-খ : প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ও HIV/AIDS রোগের সম্পর্ক

স্থিতি : ২০ মিনিট

- প্রক্রিয়া :
- অংশগ্রহণকারীদের কাছে প্রশ্ন করে যৌনবাহিত রোগের সাথে HIV/AIDS রোগের সম্পর্ক, Epidemiological Synergism এবং যৌনবাহিত ও HIV/AIDS ছড়ানোর উপায় সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন।
 - বিষয়টি বড়দলে আলোচনা করুন। আলোচনার সময় প্রয়োজনে ট্রান্সপারেঙ্গীতে লেখা বিষয়ের মূল পয়েন্ট দেখাতে পারেন।

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ও HIV/AIDS

যৌনবাহিত সংক্রমণের ফলে বিভিন্ন জটিলতা দেখা দেয়, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে। কিন্তু এ বিষয়টি এতদিন বেশী গুরুত্ব পায়নি। বর্তমানে HIV/AIDS রোগের কারণে যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা গুরুত্ব পেয়েছে কারণ দেখা গেছে যৌনবাহিত সংক্রমণ থাকলে HIV তে আক্রান্ত হবার আশংকা বৃদ্ধি পায়।

যদিও বাংলাদেশে এখনও HIV/AIDSএ আক্রান্ত রোগীর সংখ্যা অনেক কম কিন্তু যৌনরোগে আক্রান্ত প্রচুর রোগী রয়েছে। HIV/AIDS রোগের কারণ, ভয়াবহতা ও পরিণতি সম্পর্কে জনগণের সঠিক জ্ঞান বা সচেতনতা তেমন নেই। আমাদের পাশ্চাত্য দেশে ইতিমধ্যে এইডস-এ আক্রান্ত প্রচুর রোগী রয়েছে। এই রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য সরকার ইতিমধ্যে জাতীয় নীতি (National Policy) প্রণয়ন করেছে। এছাড়া এই রোগের গুরুত্ব বিবেচনা করে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজে (Essential Services Package) প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা অগ্রাধিকার পেয়েছে।

দেখা গেছে, যৌনবাহিত সংক্রমণ যথাযথভাবে চিকিৎসা অথবা প্রতিরোধ করলে HIV/AIDS এ আক্রান্ত হবার ঝুঁকি উল্লেখযোগ্যভাবে কমে যায়।

যৌনবাহিত সংক্রমণ এবং HIV/AIDS এর সম্পর্কঃ

যৌনবাহিত সংক্রমণ এবং HIV/AIDS এর মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। যৌনবাহিত সংক্রমণের প্রাথমিক অবস্থায় যথাযথ চিকিৎসা করলে HIV/AIDS রোগের ঝুঁকি অনেকাংশে কমে যায়। জরীপে দেখা গেছে, যৌনবাহিত রোগ (ক্ষতসহ ও ক্ষতহাড়া) থাকলে HIV/AIDS এ আক্রান্ত হবার ঝুঁকি দুই থেকে পাঁচ গুণ বৃদ্ধি পায়, যদিও শ্যাংক্রয়েড ও সিফিলিস (এই দু'রকমের সংক্রমণে ক্ষত সৃষ্টি হয়) রোগে অন্যান্য যৌনবাহিত রোগের তুলনায় (যেমন ক্ল্যামাইডিয়া, গণোরিয়া এবং ট্রাইকোমোনিয়াসিস) HIV তে আক্রান্ত হবার ঝুঁকি তুলনামূলকভাবে বেশী।

যৌনবাহিত সংক্রমণ	HIV/AIDS ছড়ানোর ঝুঁকি
• সিফিলিস	+++
• শ্যাংক্রয়েড	+++
• ক্ল্যামাইডিয়া	++
• গণোরিয়া	++
• ট্রাইকোমোনিয়াসিস	+
• হারপিস সিমপ্লেক্স	+

Epidemiological Synergism:

যখন কোন সংক্রমণ অন্য কোন সংক্রমণকে ত্বরান্বিত করে, তাকে Epidemiological Synergism বলে।

যৌনবাহিত সংক্রমণ যেমন HIV সংক্রমণের ঝুঁকি বাড়ায়, একইভাবে HIVতে আক্রান্ত হলে যৌনবাহিত সংক্রমণের ঝুঁকি বা আক্রান্তকালই শুধু বাড়ে না, অন্যান্যদের মধ্যেও HIV ছড়ানোর আশংকা থাকে।

HIVতে আক্রান্ত হলেঃ

- যৌনরোগ দীর্ঘস্থায়ী হয়
- পুনঃ পুনঃ সংক্রমণ হয়
- চিকিৎসায় কাজ হয়না
- রোগের লক্ষণ ভিন্ন ধরনের হয়
- রোগ জটিল আকার ধারণ করে।

যৌনবাহিত ও HIV/AIDS রোগ ছড়ানোর উপায়ঃ

- অরক্ষিত যৌনসংগমের মাধ্যমে (পায়ু সংগম বা স্বাভাবিক যৌন মিলন)
- মা থেকে শিশুতেঃ

গর্ভাবস্থায় : HIV ও সিফিলিস

প্রসবকালে : গণোরিয়া, ক্ল্যামাইডিয়া, HIV

জন্মের পর : HIV

(বুকের দুধের মাধ্যমে সংক্রমণের আশংকা খুবই কম)

- রক্ত সঞ্চালনের মাধ্যমে (সিফিলিস, HIV, হেপাটাইটিস-বি)
- সূঁচ সিরিঞ্জের মাধ্যমে

যৌনবাহিত রোগ এবং HIV ছড়ানোর অন্যান্য শর্তঃ

- নিরাপদ যৌন আচরণ যেমন কনডম ব্যবহার না করা
- দেৱীতে যৌনরোগের চিকিৎসা করা
- যৌনসংগীকে চিকিৎসা না করানো
- চিকিৎসার পুরো ডোজ বা কোর্স শেষ না করা
- দারিদ্র, রাজনৈতিক অস্থিরতা, দেৱীতে বিয়ে, অল্পবয়সে যৌনসম্পর্ক এবং ঝুঁকিপূর্ণ পেশায় জড়িত থাকা।

AIDS রোগ সম্পর্কে তথ্যঃ

- এখন পর্যন্ত এইডস রোগের কোন চিকিৎসা নাই। এই রোগের কোন টিকা আজ পর্যন্ত আবিষ্কার হয়নি তাই প্রতিরোধই হচ্ছে একমাত্র উপায়।
- HIV ভাইরাসে আক্রান্তদের মধ্যে শতকরা ৯০ ভাগ যৌনসম্পর্কের মাধ্যমে হয়েছে। তাই AIDS রোগের প্রতিরোধে এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম।
- সংক্রমিত ব্যক্তির সাথে যৌনমিলনের ফলে আক্রান্ত হবার আশংকা শতকরা ১ ভাগ কিন্তু সংক্রমিত রক্তগ্রহণের মাধ্যমে আক্রান্ত হবার আশংকা শতকরা ১০০ ভাগ।
- সক্ষম পুরুষ/নারী এ রোগে বেশী আক্রান্ত হয়।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ৫ মিনিট

প্রক্রিয়া : ছোট ছোট প্রশ্নের সাহায্যে শিক্ষণ মূল্যায়ন করুন।

নমুনা প্রশ্নঃ

- প্রজননতন্ত্রের সংক্রমণ বলতে কি বুঝি? কয়েকটি প্রজননতন্ত্রের সংক্রমণ কিন্তু যৌনবাহিত নয় এমন রোগের নাম বলুন।
- যৌনবাহিত সংক্রমণ কাকে বলে? কয়েকটি যৌনবাহিত প্রজননতন্ত্রের সংক্রমণের নাম বলুন।
- প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত সংক্রমণের পার্থক্য কি?
- যৌনবাহিত রোগ ও HIV/AIDS কিভাবে ছড়ায়?
- Epidemiological Synergism-এর অর্থ কি? HIVতে আক্রান্ত রোগীর ক্ষেত্রে এর প্রভাব কি?

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা

পাঠ	: ৩
স্থিতি	: ১ ঘন্টা ৩০ মিনিট
উদ্দেশ্য	: অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপসমূহ উল্লেখ করতে পারবেন;
- খ. ইতিহাস গ্রহণের জন্য উপযুক্ত পরিবেশ ও আচরণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন ও আন্তরিক পরিবেশ সৃষ্টি করে সঠিকভাবে ইতিহাস নিতে পারবেন; এবং
- গ. রোগীর শারীরিক পরীক্ষা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
ক	সূচনা এবং রোগী ব্যবস্থাপনার ধাপ	১০ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
খ	উপযুক্ত পরিবেশ তৈরী ও ইতিহাস গ্রহণ	৪৫ মি.	ভূমিকাভিনয়	ইতিহাস গ্রহণের প্রশ্ন তালিকা, ট্রান্সপারেন্সী
গ	শারীরিক পরীক্ষা	২৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	প্রশ্ন লেখা কাগজ

- পূর্বপ্রস্তুতি :
- সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সীতে লিখে নিন।
 - ভূমিকাভিনয়ের জন্য
 - ইতিহাস গ্রহণের প্রশ্ন তালিকাটি ২ কপি করে রাখুন।
 - ১টি কার্ডে 'ইতিহাস গ্রহণের উপযুক্ত পরিবেশ ও কাংখিত আচরণ' এবং অপর ১টি কার্ডে 'ইতিহাস গ্রহণের অনুপযুক্ত পরিবেশ ও অনাকাংখিত আচরণ' লিখে রাখুন।

- ইতিহাস গ্রহণের জন্য নমুনা প্রশ্ন ছাড়া বাকী তথ্য ট্রান্সপারেন্সিতে লিখে নিন।
- পুরুষ ও মহিলার শারীরিক পরীক্ষার মূল পয়েন্ট ট্রান্সপারেন্সিতে লিখে নিন।
- শিক্ষণ মূল্যায়নের জন্য ছোট ছোট কাগজে প্রশ্ন লিখে ভাঁজ করে প্যাকেটে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা ও উদ্দেশ্য কঃ প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপ

স্থিতি

: ১০ মিনিট

প্রক্রিয়া

- এভাবে শুরু করুন, 'আমরা জানি প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার কয়েকটি ধাপ রয়েছে।' প্রশ্ন করে ধাপসমূহ সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা বোর্ডে লিখুন। প্রয়োজনে সহায়তা দিন।
- উল্লেখ করুন, 'তাহলে দেখা যাচ্ছে যে, শুধুমাত্র রোগ নির্ণয় এবং চিকিৎসার মধ্যেই ব্যবস্থাপনা সীমাবদ্ধ নয়। রোগীর ঝুঁকিপূর্ণ আচরণ চিহ্নিত করে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ দেয়ার পাশাপাশি রোগীর যৌন সঙ্গীর যথাযথ চিকিৎসা ও পরামর্শদান এই ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত। সিনড্রোমিক ব্যবস্থাপনায় ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা খুবই গুরুত্বপূর্ণ। প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় রোগের সম্ভাব্য লক্ষণ ও চিহ্ন সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন। রোগীর যথাযথ ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষার মাধ্যমে রোগের লক্ষণ ও চিহ্ন নির্ণয় করে সঠিক ফ্লো-চার্ট অনুসরণ করে চিকিৎসা দেয়া সম্ভব।'।
- ট্রান্সপারেন্সী দেখিয়ে সেশনের উদ্দেশ্য বর্ণনা করুন।

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণে রোগী ব্যবস্থাপনার ধাপসমূহ

- ক) ইতিহাস গ্রহণ
- খ) শারীরিক পরীক্ষা
- গ) শিক্ষা ও পরামর্শদান (4Cs)
- ঘ) চিকিৎসা
- ঙ) ক্লিনিক্যাল ফলো-আপ।

- উদ্দেশ্য-খ : ইতিহাস গ্রহণের জন্য উপযুক্ত পরিবেশ ও ইতিহাস গ্রহণ
- স্থিতি : ৪৫ মিনিট
- প্রক্রিয়া :
- অংশগ্রহণকারীদের খেলার মাধ্যমে ২টি দলে ভাগ করুন। প্রতি দলকে ১টি কার্ড টেনে নিতে বলুন।
 - ভূমিকাভিনয়ের জন্য প্রয়োজনীয় প্রশ্নমালা উভয়দলকে দিন। দলীয় কাজ ব্যাখ্যা করুন। অর্থাৎ কার্ড অনুযায়ী দল দু'টি ভূমিকাভিনয়ের প্রস্তুতি নেবেন। একই প্রশ্নমালা ব্যবহার করে ভিন্ন ভিন্ন দু'টি পরিবেশ সৃষ্টি করতে হবে। প্রস্তুতির জন্য ১৫ মিনিট সময় দিন ও বলুন যে প্রতি দল অভিনয়ের জন্য ১০ মিনিট করে সময় পাবেন।
 - প্রথম দল ইতিহাস গ্রহণের জন্য 'অনুপযুক্ত পরিবেশ ও অনাকাঙ্ক্ষিত আচরণ' অভিনয়ের মাধ্যমে ফুটিয়ে তুলে রোগীর ইতিহাস গ্রহণ করবেন। দ্বিতীয় দল একটি 'আদর্শ পরিবেশ ও কাঙ্ক্ষিত আচরণ' ফুটিয়ে তুলবেন।
 - সংলাপ তৈরীর সময় সবার অংশগ্রহণ নিশ্চিত করুন।
 - দুই দলের অভিনয় শেষ হলে অভিনন্দন জানান এবং অংশগ্রহণকারীদের মতামত জিজ্ঞেস করুন।
 - এবার উপযুক্ত পরিবেশ ও আচরণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন ও পরিবেশ সৃষ্টির কিছু শর্ত ট্রান্সপারেন্সী দেখিয়ে আলোচনা করুন।
 - উল্লেখ করুন যে, 'ঝুঁকিপূর্ণ আচরণ চিহ্নিত করার জন্য আমরা যে প্রশ্নগুলো করেছি, সেগুলো খুবই স্পর্শকাতর ও গোপনীয়। প্রশ্নগুলো করার আগে রোগীর অনুভূতির প্রতি সম্মান রেখে কথা বলা প্রয়োজন। এছাড়া দেখা গেছে, মহিলা রোগীরা প্রায়শই অবস্থার শিকার হন। কখনও নিজ পেশাগত কারণে বা বাইরে কাজ করতে এসে, কখনও স্বামী/সংগীর ঝুঁকিপূর্ণ যৌন আচরণের কারণে। সুতরাং সেবাপ্রদানকারী হিসাবে আমাদের আচরণ নিরপেক্ষ হওয়া উচিত।'
 - সবশেষে আবারও জোর দিয়ে বলুন যে, রোগীর ধারণা থেকে আপনার ধারণা ভিন্ন হতে পারে কিন্তু আপনি অবশ্যই মনে রাখবেনঃ
 - * রোগীর আচরণ সম্পর্কে কোন রকম মন্তব্য/মতামত প্রকাশ করবেন না।
 - * রোগীকে আশ্বস্ত করবেন যে তার সব বক্তব্য গোপন রাখা হবে।

ইতিহাস গ্রহণ

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের ক্ষেত্রে ইতিহাস গ্রহণের উদ্দেশ্য দুটিঃ

- রোগের পূর্ণ ইতিহাস নেয়া,
- সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।

যৌনবাহিত রোগে ইতিহাস গ্রহণের জন্য উপযুক্ত পরিবেশ তৈরী করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপযুক্ত পরিবেশ তৈরীতে সহায়ক কিছু শর্ত নীচে উল্লেখ করা হলো -

রোগীর বিশ্বাস ও আস্থা অর্জন করা প্রয়োজন, কারণঃ

- বিষয়টি তার কাছে ব্যক্তিগত ও গোপনীয়,
- রোগী তার যৌনসঙ্গী সম্পর্কিত তথ্য গোপন রাখতে পারেন এবং
- আপনি সমালোচনা, বিদ্রূপ ও মন্তব্য করতে পারেন ভেবে রোগী সঠিক বা সম্পূর্ণ ইতিহাস নাও দিতে পারেন।

ইতিহাস গ্রহণের সময় লক্ষ্য করুন যেনঃ

- ১) রোগী স্বাচ্ছন্দ্যবোধ করেন;
- ২) গোপনীয়তা রক্ষা হয়;
- ৩) রোগীর বিশ্বাস অর্জন করার জন্য এবং রোগ সম্পর্কিত সব তথ্য পাবার জন্য সঠিক প্রশ্ন করা হয়;
- ৪) শুধুমাত্র প্রয়োজনীয় প্রশ্ন করা হয়।

১) রোগীর স্বাচ্ছন্দ্য নিশ্চিত করার জন্য যা করণীয় -

- রোগীকে বন্ধুত্বপূর্ণভাবে অভ্যর্থনা জানান।
- রোগীর চোখের দিকে তাকান যাতে তিনি বুঝতে পারেন আপনি তার সম্পর্কে আগ্রহী।
- সহজ ভাষায় কথা বলুন।
- সাধারণ প্রশ্ন দিয়ে শুরু করুন, যেন রোগী সহজ অনুভব করেন।
- ব্যক্তিগত প্রশ্ন করার আগে রোগীর অনুমতি নিন। অনুমতি না দিলে জোর করবেন না।
- তাড়াছড়ো বা ব্যস্ততা দেখাবেন না।
- সহজ ভাষায় সুনির্দিষ্ট প্রশ্ন করুন।
- এক সাথে বেশী প্রশ্ন করবেন না। একটি একটি করে প্রশ্ন করুন।

২) গোপনীয়তা রক্ষা করার জন্য প্রয়োজন -

- রোগীর সাক্ষাতকার ও শারীরিক পরীক্ষার জন্য একটি আলাদা ঘর (যদি সম্ভব না হয় পর্দা বা পার্টিশানের ব্যবস্থা করতে হবে)।
- ইতিহাস নেয়ার জন্য দু'টি চেয়ার।
- পরীক্ষা করার জন্য একটি বিছানা।
- কোলাহলমুক্ত পরিবেশ।

৩) কিভাবে প্রশ্ন করবেন?

- খোলা (open question) ও বন্ধ (closed question) উভয় ধরনের প্রশ্ন করেই ইতিহাস নিতে হয়। সাধারণতঃ খোলা প্রশ্নে রোগী বিস্তারিত উত্তর দেন এবং বন্ধ প্রশ্নে হ্যাঁ বা না বলে উত্তর দেয়া যায়।

রোগীর সমস্যা বোঝার জন্য শুরুতে খোলা প্রশ্ন করলেও পরবর্তীতে বন্ধ প্রশ্ন করাই ভালো। এতে সময় কম লাগে এবং রোগী অনেক বিব্রতকর প্রশ্নের উত্তর সহজে দিতে পারেন।

- খোলা প্রশ্নের নমুনাঃ
- আপনার অসুবিধা কি?
 - আপনার সমস্যা কিভাবে শুরু হলো?
- বন্ধ প্রশ্নের নমুনাঃ
- আপনার পেটে কি ব্যথা আছে?
 - আপনার কি যোনিপথে অস্বাভাবিক স্রাব যায়?

- প্রশ্ন করার সময় স্বাভাবিক ভঙ্গীতে প্রশ্ন করুন। আপনার গলার স্বরে বা কথাবলার মধ্যে বিদ্রূপ/অস্বস্তি/বিত্রতভাব যেন না থাকে। গলার স্বরে ভদ্রতা, বন্ধুত্ব ও শান্তভাব বজায় রাখুন।

ইতিহাস গ্রহণের সময় সাধারণতঃ ৪ ধরনের তথ্য প্রয়োজন হয়। যেমনঃ

- (১) সাধারণ তথ্য (General details)
- (২) অসুস্থতাজনিত তথ্য (Medical history)
- (৩) বর্তমান অসুস্থতা (Present illness)
- (৪) যৌন সংক্রান্ত ইতিহাস (Sexual history)

ক) ইতিহাস গ্রহণ (নমুনা প্রশ্ন)

১) সাধারণ তথ্য (General details) যেমন -

- নাম
- বয়স
- ঠিকানা এবং কতদিন ধরে ওখানে আছেন
- পেশা
- বৈবাহিক অবস্থা
- সন্তানসংখ্যা
- গর্ভবতী/ স্তনদানকারী (মহিলাদের ক্ষেত্রে)
- পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার।

২) বর্তমান অসুস্থতা (Present illness)

সব রোগীকে প্রশ্ন করুন -

- আপনার সমস্যা কি?
- কতদিন ধরে এই সমস্যা?
- কিভাবে শুরু হয়েছে?

রোগী যে সমস্যা নিয়ে এসেছেন সেই সমস্যা বিষয়ক কিছু প্রশ্ন করুন, যেমন -

ক্ষত নিয়ে আসা রোগীকে প্রশ্ন করুনঃ

- আগে কখনও এ'ধরণের ক্ষত হয়েছে?
- কিভাবে শুরু হলো?
- ব্যথা আছে?

শ্রাবের সমস্যা নিয়ে এলে রোগীকে প্রশ্ন করুনঃ

- শ্রাবের পরিমাণ, রং, গন্ধ ও ঘনত্ব কি ধরণের?
- চুলকানি আছে?
- সহবাস বা প্রস্রাবে ব্যথা, জ্বালাপোড়া হয়?

তলপেটে ব্যথা নিয়ে এলে প্রশ্ন করুনঃ

- শেষ মাসিকের তারিখ?
- মাসিক কি স্বাভাবিক ছিলো?
- কোন মাসিক কি বাদ গেছে বা দেরীতে হয়েছে?
- অস্বাভাবিক রক্তস্রাব আছে?
- প্রসব বা গর্ভপাত হয়েছে কি?
- কোন পদ্ধতি ব্যবহার করছেন?
- শ্রাব আছে কি? শ্রাব কি রকম?
- জ্বর আসে?
- পেটে কোন চাকা আছে কি?

৩) অসুস্থতা জনিত তথ্য (Medical History)

যৌনবাহিত রোগ সম্বন্ধীয়
(পূর্ব ইতিহাস)

- আগে কখনও এ ধরণের সমস্যা হয়েছিল?
- কখন হয়েছিল?
- তখন কি করেছিলেন?

চিকিৎসার ইতিহাস

- কোন ওষুধ ব্যবহার করছেন?
- কি ধরণের ওষুধ?
- এতে কি কোন উপকার হচ্ছে?
- আপনার কি কোন ওষুধে এলার্জি আছে?
- আপনাকে কি কখনও কোন বিশেষ ধরণের ওষুধ খেতে নিষেধ করা হয়েছে?
- আপনার অন্য কোন সমস্যা আছে?

৪) যৌন সংক্রান্ত ইতিহাস (Sexual History)

- বর্তমানে যৌন ক্রিয়ায় সক্ষম কিনা
- গত তিন মাসে কোন নতুন সঙ্গীর সাথে যৌন সম্পর্ক হয়েছে কিনা
- যৌনিপথে শ্রাবের সমস্যায় রোগীর ঝুঁকি নিরূপণ

- মহিলাদের যোনিপথে স্রাব থাকলে ঝুঁকি নিরূপণ করুন। কারণ রোগী Cervicitis- এ ভুগছেন কিনা তা নির্ণয়ের জন্য ঝুঁকি নিরূপণ খুব গুরুত্বপূর্ণ। রোগী ঝুঁকিপূর্ণ হলে যৌনবাহিত সংক্রমণের আশংকা বেশী। শতকরা ৭০ ভাগ মহিলাদের কোন লক্ষণ থাকেনা, তাই এক্ষেত্রে ঝুঁকি নিরূপণ গুরুত্বপূর্ণ। এ বিষয়ে বিশেষজ্ঞদের সুপারিশে ঝুঁকি নিরূপনের উদ্দেশ্যে কিছু প্রশ্নমালা তৈরী করা হয়েছে।

যোনিপথে স্রাব নিয়ে এলে মহিলাদের যৌনবাহিত রোগের ঝুঁকি নিরূপণের জন্য নিম্নলিখিত প্রশ্ন করুনঃ

- সঙ্গীর কোন সমস্যা আছে কি? সম্প্রতি যৌনবাহিত রোগের জন্য চিকিৎসা করা হয়েছে কি?
- রোগী কি যৌনকর্মী?
- রোগীর কি একাধিক যৌনসংগী আছে অথবা গত ৩ মাসে নতুন কোন সংগীর সাথে যৌন সম্পর্ক হয়েছে? (উপরোক্ত প্রশ্নের মধ্যে যে কোন একটির উত্তর হ্যাঁ হলে ধরে নিন মহিলা ঝুঁকিপূর্ণ।)
- আপনার স্বামী/সংগী কি দূরপাল্লার ড্রাইভার/পুলিশ/মিলিটারী অথবা পেশাগত কারণে বাইরে থাকেন?
- গত দুই সপ্তাহে আপনার স্বামী/সংগী রাতে বাড়ির বাইরে ছিলেন?
- আপনার স্বামী/সংগীর গত দু'মাসে অন্য কারো সাথে যৌন সম্পর্ক হয়েছে বলে মনে হয়?
- রোগী নিজেই ঝুঁকিপূর্ণ পেশায় আছেন? যেমন গার্মেন্টস কর্মী বা মিলে/ফ্যাক্টরীতে কাজ করেন? (উপরোক্ত প্রশ্নসমূহের মধ্যে দুই বা দুইয়ের বেশীর উত্তর 'হ্যাঁ' হলে রোগী ঝুঁকিপূর্ণ)

অনেকে তাঁদের নিজের আচরণের কারণে ঝুঁকিপূর্ণ, আবার অনেকে তাদের সঙ্গীর কারণে ঝুঁকিপূর্ণ। দেখা গেছে, অধিকাংশ ক্ষেত্রে মহিলারা তাঁদের স্বামীর কারণে ঝুঁকিপূর্ণ হয়ে থাকেন। সেজন্যে ঝুঁকি নিরূপণের জন্য সঙ্গী সম্পর্কে প্রশ্ন করা প্রয়োজন। এছাড়া কিছু কিছু পেশা খুব ঝুঁকিপূর্ণ। বাংলাদেশে যৌনকর্মী ছাড়াও নিরক্ষর মহিলারা যখন গার্মেন্টস-এ চাকুরীর আশায় গ্রাম ছেড়ে আসেন, তখন তাঁদের অবস্থান ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। সামাজিক ও অর্থনৈতিক কারণে যৌন নির্যাতনের শিকার হন। পুরুষদের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ পেশা হচ্ছে দূরপাল্লার ড্রাইভার ও তাঁর সহকারী, ইউনিফর্ম-সার্ভিসরত, বিদেশে চাকুরীরত অথবা ব্যবসার কাজে যারা প্রায়ই বাইরে যান।

উদ্দেশ্য-গ : শারীরিক পরীক্ষা

স্থিতি : ২৫ মিনিট

- প্রক্রিয়া : - ইতিহাস নেবার পর মহিলা ও পুরুষ রোগীদের কি কি শারীরিক পরীক্ষা করতে হয় সে সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা প্রশ্ন করে জেনে নিন।
- উত্তরগুলো বোর্ডে লিখুন। লেখার সময় পুরুষ ও মহিলা আলাদাভাবে লিখুন।
- বোর্ডে লেখা শেষে ট্রান্সপারেন্সী প্রদর্শন করুন ও একটি করে পয়েন্ট উল্লেখ করে আলোচনা করুন।
- যে পয়েন্টগুলো অংশগ্রহণকারীরা উল্লেখ করেননি সেগুলো জোর দিয়ে উল্লেখ করুন। আলোচনার ফাঁকে ফাঁকে অংশগ্রহণকারীদের কোন প্রশ্ন আছে কিনা জেনে নিন এবং প্রতিবর্তা (ফিডব্যাক) নিন।

খ) শারীরিক পরীক্ষা

শারীরিক পরীক্ষার সময় -

- গোপনীয়তা ও নির্জনতা বজায় রাখুন।
- রোগী পরীক্ষা করতে দিতে না চাইলে বা লজ্জাবোধ করলে শারীরিক পরীক্ষার প্রয়োজনীয়তা ও কি কি পরীক্ষা করবেন, তা' বুঝিয়ে বলুন।
- নিজে স্বাভাবিক থাকুন, কোনরকম লজ্জা বা বিব্রতভাব রোগীর সামনে প্রকাশ করবেন না।
- যে স্থান পরীক্ষা করবেন শুধু সেখানকার কাপড় সরাতে বলুন/সরিয়ে দিন। পরীক্ষার পর পুনরায় ঢেকে দিন।
- যদি জীবাণুমুক্ত গ্লাভস না পাওয়া যায়, রোগীকে foreskin retract ও milking (urethral discharge এর ক্ষেত্রে) করতে বলুন। আপনি স্পর্শ করবেন না।

পুরুষ রোগীর শারীরিক পরীক্ষাঃ

- ১। রোগীকে দাঁড়ানো অবস্থায় তার পরিহিত পোষাক (প্যান্ট বা লুঙ্গী) বুকের নীচ থেকে হাট পর্যন্ত নামাতে বলুন। দাঁড়ানো অবস্থায় রোগীকে পরীক্ষা করা ভালো তবে আপনার সুবিধামত রোগীকে শোয়ানো অবস্থায় পরীক্ষা করতে পারেন।
- ২। রোগীর সিনড্রোম অর্থাৎ লক্ষণ, চিহ্ন ছাড়াও প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের অন্যান্য চিহ্ন আছে কিনা তা পরীক্ষা করে দেখুন।

➤ পুরুষাঙ্গ

- নিঃসরণ (discharge)
- দানা (rash)
- ক্ষত বা ulcer

[foreskin থাকলে রোগীকে retract করতে বলুন ও glans penis ও urethral meatus পরীক্ষা করে নিঃসরণ দেখুন। প্রয়োজনে নিঃসরণ দেখার জন্য রোগীকে milk urethra করতে বলুন]

➤ কুঁচকি (Inguinal region)

- লসিকা গ্রন্থি - স্বাভাবিক অথবা বৃদ্ধিপ্রাপ্ত
- ইনগুইনাল বুবো

➤ অণ্ডকোষ (Scrotum)

- ফোলা
- চাপ দিলে ব্যথা (tenderness)

(ফোলা থাকলে অণ্ডকোষে চামড়ায় কোন আঘাতের চিহ্ন, testis elevated বা rotated আছে কিনা পরীক্ষা করে দেখুন)

মহিলা রোগীর শারীরিক পরীক্ষাঃ

- ১। রোগীকে বুকের নীচ থেকে কাপড় সরিয়ে গুতে বলুন। অন্য একটা কাপড় দিয়ে পরীক্ষা করার স্থান ব্যতীত পুরো শরীর ঢেকে দিন।
- ২। রোগীকে হাঁটু ভাঁজ করে পা ফাঁক করতে বলুন।
- ৩। রোগীর সিন্ড্রোম অর্থাৎ লক্ষণ/চিহ্ন ছাড়াও প্রজননতন্ত্র/ যৌনবাহিত সংক্রমণের অন্যান্য চিহ্ন আছে কিনা তা পরীক্ষা করে দেখুন। রোগীর শ্রাব, ক্ষত বা দানা আছে কিনা দেখুন।
- ৪। রোগীর vulva, মলদ্বার এবং পেরিনিয়াম পরীক্ষা করুন।
- ৫। **কুঁচকী (Inguinal region)**
 - লসিকা গ্রন্থি- স্বাভাবিক অথবা বৃদ্ধিপ্রাপ্ত
 - ইনগুইনাল বুবো
- ৬। **পেট পরীক্ষা**
 - পেটে চাপ দিলে ব্যথা বা কোন চাকা (pelvic mass) আছে কিনা (পরীক্ষার সময় রোগী যেন ব্যথা না পায় সে দিকে লক্ষ্য রাখুন)।
 - তলপেটে ব্যথা থাকলে চাপ দিয়ে পরীক্ষার সময় abdominal guarding বা rebound tenderness দেখুন।
 - রোগীর তাপমাত্রা এবং যোনিপথের শ্রাব পরীক্ষা করুন।
- ৭। **পরীক্ষা করে দেখুন**
 - যোনিপথে শ্রাব- বর্ণ, গন্ধ, পরিমাণ ও ধরণ
 - ক্ষত
 - Buboos
- ৮। **সম্ভব হলে Speculum দিয়ে পরীক্ষা করে শ্রাবের উৎস এবং ধরণ দেখুন**
 - Cervicitis আছে কিনা পরীক্ষা করুনঃ
 - একটি পরিষ্কার গজ দিয়ে ১/২ মিনিট জরায়ু মুখে ধরে রেখে শ্রাবের উৎস ও cervix friable কিনা পরীক্ষা করুন।
 - Vaginitis আছে কিনা দেখুন
 - Speculum বের করার সময় vagina তে শ্রাব এবং ক্ষত আছে কিনা পরীক্ষা করুন। শ্রাব থাকলে শ্রাবের ধরণ, গন্ধ, রং ও পরিমাণ দেখুন।
- ৯। দুই হাত দিয়ে (bi-manual) পরীক্ষা করে cervical motion tenderness আছে কিনা দেখুন।

গ) শিক্ষা ও পরামর্শ দান (4Cs)

পরবর্তী সেশনে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

ঘ) চিকিৎসা

রোগীর চিকিৎসা সম্পূর্ণ করার লক্ষ্যে পূর্ণ মাত্রার ওষুধ সরবরাহ করুন। প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় নির্দেশনা অনুযায়ী চিকিৎসা দিন।

রোগীর সঙ্গীর চিকিৎসা নিশ্চিত করার জন্য ক্লিনিকে আনার পরামর্শ দিন। সম্ভব না হলে একান্ত প্রয়োজনে রোগীর হাতেই সঙ্গীর চিকিৎসা দিন।

ঙ) ক্লিনিক্যাল ফলো-আপ

রোগীর সুস্থতা নিশ্চিত করার লক্ষ্যে ফলো-আপের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিশেষ করে যৌনাঙ্গে ক্ষত, তলপেটে ব্যথা, স্ফীত ও যন্ত্রণাদায়ক অণুকোষ এ আক্রান্ত রোগীর ক্ষেত্রে ফলো-আপ নিশ্চিত করা অত্যন্ত জরুরী।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

প্রক্রিয়া : - প্যাকেট বা বাক্স থেকে একটি কাগজ নিয়ে প্রশ্ন ও উত্তর বলতে বলুন। প্রয়োজনে অন্যান্য অংশগ্রহণকারীরা সহায়তা করতে পারেন।

নমুনা প্রশ্নঃ

- ইতিহাস গ্রহণের সময় কি কি বিষয় লক্ষ্য করতে হয়?
- রোগীর স্বাচ্ছন্দ্যবোধের জন্য কি কি বিষয় লক্ষ্য রাখা জরুরী?
- বন্ধ প্রশ্নের দু'টি উদাহরণ দিন।
- খোলা প্রশ্নের দু'টি উদাহরণ দিন। কখন খোলা প্রশ্ন করবেন?
- কিভাবে রোগীকে প্রশ্ন করবেন?
- তলপেটে ব্যথা নিয়ে এলে কি কি প্রশ্ন করবেন?
- যৌনাঙ্গে ক্ষত নিয়ে এলে কি কি প্রশ্ন করবেন?
- স্রাব নিয়ে এলে কি কি প্রশ্ন করবেন?
- মহিলাদের যৌনবাহিত রোগের ঝুঁকি নিরূপনের জন্য কি কি প্রশ্ন করবেন?
- রোগী ঝুঁকিপূর্ণ কিনা তা কিভাবে নিশ্চিত হবেন?
- কোন্ কোন্ পেশাজীবী বেশী ঝুঁকিপূর্ণ?
- গোপনীয়তা রক্ষা করা প্রয়োজন কেন?
- রোগীর বিশ্বাস ও আস্থা অর্জন করার প্রয়োজনীয়তা কি?
- শারীরিক পরীক্ষার সময় কোন কোন বিষয় লক্ষ্য রাখবেন?
- পুরুষ রোগীদের কি কি পরীক্ষা করবেন?
- মহিলা রোগীদের কি কি পরীক্ষা করবেন?
- পরীক্ষার জন্য জীবাণুযুক্ত গ্লাভস্ না পেলো কি করবেন?

যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় শিক্ষা ও পরামর্শদান (কাউন্সেলিং)

- পাঠ : ৪
- স্থিতি : ২ ঘন্টা ৪৫ মিনিট
- উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -
- ক. প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় কাউন্সেলিং-এর ৪টি মৌলিক স্বাস্থ্য তথ্য (4Cs) উল্লেখ করতে পারবেন;
 - খ. সঠিক নিয়মে চিকিৎসা সম্পূর্ণ করার উপায় ব্যাখ্যা করতে পারবেন;
 - গ. রোগ প্রতিরোধে কাউন্সেলিং, শিক্ষা প্রদানের গুরুত্ব ও যোগাযোগের কার্যকরী পন্থা ব্যাখ্যা করতে পারবেন;
 - ঘ. কাউন্সেলিং-এর ৬টি ধাপ ব্যাখ্যা করতে পারবেন;
 - ঙ. কনডম-এর সঠিক ব্যবহার, সুবিধা, অসুবিধা ও ব্যবহার বৃদ্ধির উপায় উল্লেখ করতে পারবেন; এবং
 - চ. সঙ্গী ব্যবস্থাপনার বিভিন্ন উপায় ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	২০ মি.	মূল্যবোধ বিশ্লেষণ	ট্রান্সপারেঙ্গী
ক	৪টি মৌলিক স্বাস্থ্য তথ্য (4Cs)	২০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী, বোর্ড, মার্কার
খ	সঠিক নিয়মে চিকিৎসা সম্পূর্ণ করার উপায়			
গ	রোগ প্রতিরোধে কাউন্সেলিং ও শিক্ষা প্রদানের গুরুত্ব ও যোগাযোগের কার্যকরী পন্থা	২০ মি.	ধারণা প্রকাশ	ট্রান্সপারেঙ্গী, বোর্ড, মার্কার
ঘ	কাউন্সেলিং-এর ধাপ	৪০ মি.	ভূমিকাভিনয়	ট্রান্সপারেঙ্গী
ঙ	কনডম এর সঠিক ব্যবহার, সুবিধা, অসুবিধা ও ব্যবহার বৃদ্ধির উপায়	৩০ মি.	প্রদর্শন	কনডম, পুরুষাঙ্গের মডেল
চ	সঙ্গী ব্যবস্থাপনার বিভিন্ন উপায় ও গুরুত্ব	২০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	১৫ মি.	প্রশ্নোত্তর	নমুনা প্রশ্ন

পূর্বপ্রস্তুতি

ঃ নিম্নলিখিত বিষয়গুলি ট্রান্সপারেন্সীতে লিখে নিনঃ

- 'সেশনের উদ্দেশ্য'
- 'কাউন্সেলিং ও শিক্ষা প্রদান'
- 'কাউন্সেলিং এর ধাপ'
- 'Drug compliance উন্নত করার উপায়'
- 'সঙ্গী ব্যবস্থাপনার মূল পয়েন্ট ও সিনড্রোম অনুযায়ী সঙ্গী ব্যবস্থাপনার চার্ট'
- 'পুরুষদের কনডম ব্যবহারের নিয়ম'

'কনডম ব্যবহার অনুশীলনের জন্য পুরুষদের মডেল/কলা/বেগুন ও যথেষ্ট পরিমাণ কনডম যোগাড় করে রাখুন।'

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

ঃ ২০ মিনিট

- ঃ - সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলুন 'অধিবেশনের শুরুতেই আসুন একটি গল্প শোনা যাক।' সবাইকে গল্পটি মনোযোগ দিয়ে শোনার জন্য অনুরোধ করুন।
- সুন্দর করে, গুছিয়ে, সাবলীলভাবে গল্পটি বলুন যেন সবাই শুনতে পান।
- গল্পটি বলা শেষ হলে নীচের প্রশ্নগুলো বোর্ডে লিখুন এবং বিষয়টি গভীরভাবে ভাবার জন্য ২/৩ মিনিট সময় দিন।
 - গল্পের কোন চরিত্রটি আপনার সবচেয়ে বেশী পছন্দ?
 - কেন পছন্দ?
- নির্দিষ্ট সময় পর প্রত্যেকের উত্তর শুনুন। অংশগ্রহণকারীরা উত্তর দেবার সময় কোন মতামত দেবেননা। পরস্পরের কাছে যুক্তি প্রকাশের কিছুটা সুযোগ দিন।
- সবার উত্তর দেয়া শেষ হলে বলুন যে, 'দেখা যাচ্ছে আমাদের প্রত্যেকের পছন্দ, চিন্তাধারা, দৃষ্টিভঙ্গী ও মূল্যবোধ আলাদা। আসলে কারো দৃষ্টিভঙ্গীই ভুল বা ঠিক নয়। প্রত্যেকের কাছে নিজস্ব ভাল লাগা, চিন্তাধারা ও মূল্যবোধ গুরুত্বপূর্ণ, অর্থাৎ সবাই নিজ ধ্যান-ধারণাকে গুরুত্ব দেন। কিন্তু অন্যের পছন্দ, দৃষ্টিভঙ্গী, মূল্যবোধকে সম্মান দিতে পারা একটি মানবিক গুণ। যৌনবাহিত/প্রজননতন্ত্রের সংক্রমণ নিয়ে এলে রোগীকে কাউন্সেলিং করার সময় তাঁর মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গীর প্রতি সম্মান রেখে ব্যবস্থাপনা দেয়া আমাদের দায়িত্ব'।
- এবার ট্রান্সপারেন্সীর সাহায্যে সেশনের উদ্দেশ্য বর্ণনা করুন।

রাত্রির গল্প

রাত্রির বয়স ১৮ বছর। রতন তার সহপাঠি, ভালো ছাত্র। ছোটবেলা থেকেই তারা খেলার সাথী, পরস্পরকে খুব ভালবাসে। রাত্রি এবং রতনের বাড়ী পাশাপাশি দুই গ্রামে, মাঝখানে ছোট একটি নদী। রাত্রির চাচাত ভাই শাহেদ বড় ব্যবসা করে। রাত্রিকে তার খুব পছন্দ, কিন্তু রাত্রি শাহেদকে পছন্দ করেনা। সাইফ একজন পরোপকারী, সহজ, সরল মানুষ। বিপদে আপদে, কাজে-কর্মে সবসময় সে সবার সাহায্যে এগিয়ে যায়। রাত্রিদের গ্রামে সাইফ থাকে। একদিন বিকেলে রাত্রি খবর পায় রতন খুব অসুস্থ। বাসায় রতনকে দেখাশোনার তেমন কেউ নেই। রাত্রি রতনকে দেখার জন্য খুব অস্থির হয়ে পড়লো। তখন প্রচণ্ড ঝড়, আকাশে বিদ্যুৎ চমকচ্ছে - সবকিছু উপেক্ষা করে রাত্রি রতনের গ্রামে যাবার জন্য বেরিয়ে পড়লো। নদীর ঘাটে এসে দেখে, পারাপারের সমস্ত নৌকা বেঁধে রাখা হয়েছে, কোন মাঝি নেই। রাত্রি কেঁদে কেটে অস্থির হয়ে পড়লো। পারাপারের কোন উপায় না দেখে বাড়ী ফিরে আসার পথে মাঝি আসাদ এর সাথে দেখা। রাত্রি আসাদকে দেখে ছুটে গিয়ে তাকে পার করে দেয়ার জন্য অনুরোধ জানালো। ঝড়ের প্রচণ্ডতা ও বিপদের কথা ভেবে আসাদ কিছুতেই রাজী হলোনা। রাত্রি বারবার রতনের অসুস্থতার কথা বলে আকৃতি জানাতে শুরু করলো। শেষ পর্যন্ত এক পর্যায়ে আসাদ একটি শর্তে রাত্রিকে পার করার প্রস্তাব দিলো। শর্তটি ছিলো রাত্রিকে আসাদের সাথে দৈনিক সম্পর্ক স্থাপন করতে হবে। প্রস্তাবে রাত্রি খুবই ক্ষুব্ধ হলো ও কষ্ট পেলো কিন্তু রতনের অসুস্থতার কথা ভেবে অনন্যোপায় হয়ে আসাদের প্রস্তাবে রাজী হলো।

রাত্রি শেষ পর্যন্ত রতনের বাসায় পৌঁছে দেখে রতনের অবস্থা আশংকাজনক। রাত্রি ডাক্তার ডেকে তার চিকিৎসার ব্যবস্থা করলো এবং নিজেই পাশে থেকে সেবা সুশ্রম্বা করে কয়েক দিনের মধ্যে রতনকে সুস্থ করে তুললো। রতন সুস্থ হয়ে রাত্রিকে তার ভালবাসা ও কষ্টের জন্য কৃতজ্ঞতা জানালো। সেই রাতে দুর্যোগপূর্ণ আবহাওয়ায় ঝুঁকি নিয়ে পার হওয়ার জন্য রাত্রির সাহসের প্রশংসা করলো। রতন বললো, 'আমি তোমাকে খুব ভালবাসি, তোমাকে ছাড়া আমি বাঁচবোনা, তোমার জন্য আমি সবকিছু করতে পারি।' উত্তরে রাত্রি বললো, 'রতন আমিও তোমাকে এতো ভালবাসি যে তোমার অসুস্থতার খবর শুনে ঐ রকম দুর্যোগপূর্ণ আবহাওয়ায়ও আমি সেদিন ছুটে এসেছি।'

রাত্রি রতনকে সেই রাতে পার হওয়ার পুরো ঘটনা খুলে বললো। সব শোনার পর রতন ক্ষুব্ধ হয়ে বললো, 'ছিঃ ছিঃ, তোমাকে আমি ঐ ধরণের মেয়ে ভাবিনি। তুমি আমার সামনে থেকে চলে যাও, আমি আর তোমার মুখ দেখতে চাইনা'। রাত্রি খুবই কষ্ট পেলো এবং সারা পথ কাঁদতে কাঁদতে বাড়ী ফিরে এলো। রাত্রির শাহেদের কথা মনে পড়লো। শাহেদের বাড়ী গিয়ে শাহেদকে সবকিছু জানিয়ে তার সাহায্য প্রার্থনা করলো। শাহেদ জানালো সে ছোটবেলা থেকেই রাত্রিকে খুব ভালবাসতো এবং বার বার তার ভালবাসার কথা জানিয়েছে। এখন সে ব্যবসার কাজে খুব ব্যস্ত এবং রাত্রির এই ব্যক্তিগত ব্যাপারে সে কোন সাহায্য করতে পারবেনা।

মনের কষ্টে রাত্রি সাইফের সঙ্গে দেখা করে সবকিছু খুলে বললো। সাইফ রতনের উপর খুব বিরক্ত হয়ে তার বাসায় ছুটে গেল। রাত্রিকে অপমান করার জন্য সে রতনকে চিৎকার করে গালাগালি করলো। রতনকে বোঝানোর চেষ্টা করলো। কিন্তু রতন তার পরিবারের সম্মানের কথা বলে অপারগতা প্রকাশ করলো।

- উদ্দেশ্য ক ও খ : কাউন্সেলিং-এর ৪টি মৌলিক স্বাস্থ্য তথ্য ও সঠিক নিয়মে চিকিৎসা সম্পূর্ণ করার উপায়
স্থিতি : ২০ মিনিট
- প্রক্রিয়া : - প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় ৪টি মৌলিক স্বাস্থ্য তথ্য সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা প্রশ্ন করে জেনে নিন এবং ট্রান্সপারেন্সীর সাহায্যে বিষয়টি বড় দলে আলোচনা করুন।
- স্বাস্থ্যতথ্য আলোচনার সময় উল্লেখ করুন, 'যে সমস্ত রোগীরা যৌনবাহিত সংক্রমণে চিকিৎসা নিতে আসেন তাদের যৌনবাহিত ও এইডস রোগ প্রতিরোধের শিক্ষা ও পরামর্শ দেয়া (কাউন্সেলিং) অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে যারা এ ধরনের সমস্যায় ভুগছেন, তারা সহজেই বিষয়টি গ্রহণ করেন কারণ সংক্রমিত হবার পর তারা নিজস্ব অভিজ্ঞতার আলোকে সমস্যার গুরুত্ব অনুভব করতে পারেন। আমরা এই সুযোগ সদ্ব্যবহার করে রোগীকে যৌনবাহিত ও এইচ আই ভি সংক্রমণ প্রতিরোধে প্রয়োজনীয় তথ্য ও শিক্ষা দিতে পারি।'
 - বোর্ডে লিখুন, 'রোগীরা ঠিকমত চিকিৎসা করেন না কারণ -----।' অংশগ্রহণকারীদের একটি করে কারণ উল্লেখ করতে বলুন এবং সংক্ষেপে লিখুন। সবার কারণ বলা শেষ হলে আপনার মতামত দিন ও বিষয়টি বড় দলে আলোচনা করুন।
 - একই পদ্ধতিতে drug compliance উন্নত করার উপায় সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন। শেষে আপনার মতামত দিন ও বিষয়টি বড় দলে আলোচনা করুন। আলোচনার সময় প্রয়োজনে ট্রান্সপারেন্সী ব্যবহার করতে পারেন।

চারটি মৌলিক স্বাস্থ্য তথ্য (4Cs)

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ-এ সিনক্রোমিক ব্যবস্থাপনায় কাউন্সেলিং করার সময় রোগী এবং তার সঙ্গীকে ৪টি মৌলিক স্বাস্থ্য তথ্য দেয়া প্রয়োজন -

- ১) সঠিক নিয়মে চিকিৎসা সম্পূর্ণ করা (Compliance with treatment)
- ২) রোগ প্রতিরোধে কাউন্সেলিং বা পরামর্শদান (Counseling for prevention)
- ৩) কনডম ব্যবহার শিক্ষা ও সরবরাহ (Condoms: demonstration of correct use)
- ৪) সঙ্গী চিহ্নিত করে চিকিৎসা প্রদান (Contact tracing and treatment)

সঠিক নিয়মে চিকিৎসা সম্পূর্ণ করা (Compliance with treatment)

রোগীর ঠিকমত চিকিৎসা শেষ না করার কারণঃ

- নির্দেশনা (কখন, কতবার ও কতদিন খেতে হবে) ঠিকমত বোঝেন না।
- চিকিৎসা ব্যবস্থাপনা খুব জটিল।
- চিকিৎসা ব্যয়বহুল হওয়ায় রোগীরা সব ওষুধ একসাথে কেনেন না।
- উপসর্গ ভাল হয়ে যাওয়ায় ওষুধ খাওয়া বন্ধ করে দেন।
- পার্শ্ব-প্রতিক্রিয়া হওয়ার ফলে ওষুধ খাওয়া বন্ধ করে দেন।

Drug compliance কিভাবে উন্নত করা যায়ঃ

- ওষুধ খাবার নিয়ম সহজ ভাষায় বুঝিয়ে দিন।
- উপসর্গ ভাল হলেও সংক্রমণ থাকতে পারে, অতএব উপসর্গ ভাল হলেও চিকিৎসা শেষ করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন।
- রোগীর কাছে প্রতিবার্তা নিন।
- রোগীর হাতে লিখিত নির্দেশনা দিন।
- রোগী নিরক্ষর হলে ছবি বা চিহ্ন এঁকে বুঝিয়ে দিন।
- একই সাথে বিভিন্ন ওষুধ খেতে হলে তার সময়, খরচ ও পার্শ্ব-প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করুন।
- চিকিৎসা চলাকালে এবং সঙ্গীর চিকিৎসা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত যৌন মিলন পরিহার করতে বলুন।
- যৌন মিলন পরিহার না করলে, সঙ্গী রোগী থেকে বা রোগী সঙ্গীর কাছ থেকে এই রোগে পুনরায় সংক্রমিত হতে পারেন। নিতান্ত জরুরী ক্ষেত্রে কনডম ব্যবহার করতে বলুন।
- ওষুধ সঠিক নিয়মে শেষ না করার সম্ভাব্য কারণ, যেমন - একাধিক ওষুধ, ওষুধের পার্শ্ব-প্রতিক্রিয়া ও ওষুধের খরচ সম্পর্কে আলোচনা করুন ও প্রয়োজনীয় সহায়তা দিন।
- রোগীকে নিয়ম অনুযায়ী ফলো-আপে আসতে বলুন।

- উদ্দেশ্য গ : রোগ প্রতিরোধে কাউন্সেলিং, শিক্ষা প্রদানের গুরুত্ব ও যোগাযোগের কার্যকরী পছা
- স্থিতি : ২০ মিনিট
- প্রক্রিয়া : - কাউন্সেলিং ও শিক্ষা প্রদান এবং এদের পার্থক্য সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা প্রশ্ন করে জেনে নিন এবং ট্রান্সপারেন্সীর সাহায্যে বিষয়টি বড় দলে আলোচনা করুন।
- কাউন্সেলিং ও শিক্ষা প্রদানের পার্থক্য আলোচনার সময় উল্লেখ করুন যে, 'যদিও কাউন্সেলিং ও শিক্ষাপ্রদানকে আমরা দুটো আলাদা দক্ষতা হিসেবে বিবেচনা করছি কিন্তু কাউন্সেলিং করার সময় রোগ সম্পর্কে বিস্তারিত শিক্ষা বা ধারণা দেবার পর ঝুঁকিপূর্ণ আচরণ বদলানোর বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করি। আমরা যখন কাউন্সেলিং করি, তখন শিক্ষা প্রদানের মাধ্যমে বিষয়টি অর্থাৎ রোগ সম্পর্কে বিস্তারিত ধারণা দেবার পর রোগীকে সিদ্ধান্ত নিতে সাহায্য করি।'
 - 'যৌনবাহিত ও প্রজননতন্ত্রের সংক্রমণে কাউন্সেলিং ও শিক্ষাপ্রদান' করা কঠিন কেন এ সম্পর্কে অংশগ্রহণকারীদের একটি করে কারণ উল্লেখ করতে বলুন। সবার কারণ বলা শেষ হলে আপনার মতামত দিন ও বিষয়টি বড় দলে আলোচনা করুন।
 - একই পদ্ধতি অনুসরণ করে যোগাযোগের কার্যকরী পছা (WELL) ও রোগীকে স্বাচ্ছন্দ্য বোধ করানোর উপায় বড়দলে আলোচনা করুন। আলোচনার সাথে সাথে প্রতিবর্তা নিন।

রোগ প্রতিরোধে কাউন্সেলিং বা পরামর্শদান

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে সিনড্রোমিক ব্যবস্থাপনার সাফল্যের মূল চাবিকাঠি হচ্ছে রোগ প্রতিরোধের লক্ষ্যে পরামর্শদান বা কাউন্সেলিং। চিকিৎসার জন্য ক্লিনিকে বা স্বাস্থ্যকেন্দ্রে আগত প্রতিটি রোগীকে কাউন্সেলিং করা প্রয়োজন। রোগীকে যৌনবাহিত/প্রজননতন্ত্র, এইচ আই ভি সংক্রমণ থেকে নিজেকে ও সঙ্গীকে রক্ষা করার জন্য প্রতিরোধ সংক্রান্ত তথ্য দিয়ে সাহায্য করা প্রয়োজন। সংক্রমিত অবস্থায় প্রতিরোধ সংক্রান্ত তথ্যের গ্রহণযোগ্যতা তুলনামূলকভাবে বেশী। স্থানীয় এলাকায় জনগণের মধ্যে রোগ প্রতিরোধে এটি একটি অন্যতম পদক্ষেপ।

কাউন্সেলিং ও শিক্ষা প্রদান

কাউন্সেলিংঃ কোন রোগী যৌনবাহিত রোগ নিয়ে এলে মুখোমুখি আলোচনার মাধ্যমে বিস্তারিত তথ্য দেবার পর সমস্যা সমাধানে বা ঝুঁকিপূর্ণ আচরণ বদলাতে সহায়তা করার প্রক্রিয়াকে কাউন্সেলিং বা পরামর্শদান বলা হয়। রোগীর সমস্যা মন দিয়ে শোনা, তাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করা ও সমস্যা সমাধানে সাহায্য করা - এ সবই কাউন্সেলিং এর অন্তর্ভুক্ত। সাধারণতঃ সেবাপ্রদানকারী কাউন্সেলর-এর ভূমিকা পালন করেন।

কাউন্সেলিং একা বা দলীয়ভাবে করা যায়। সাধারণ তথ্য দেবার সময় দলীয়ভাবে করা গেলেও একক কাউন্সেলিং-এর মাধ্যমে রোগীর ঝুঁকি নিরূপণ করে সমস্যা সমাধানে তথ্য ও সহায়তা দেয়া প্রয়োজন।

শিক্ষা প্রদান: শিক্ষা প্রদান অর্থ যৌনবাহিত রোগ সম্পর্কে বিভিন্ন তথ্য যেমন- রোগের নাম, লক্ষণ, চিকিৎসা, কিভাবে এই রোগ ছড়ায় ও প্রতিরোধ সম্পর্কে রোগীকে বুঝিয়ে বলা। শিক্ষা প্রদানের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে রোগী কিভাবে নিজেকে, তাঁর সঙ্গীকে এবং সন্তানকে এই রোগ থেকে রক্ষা করবে, সেই সম্পর্কে জানতে সাহায্য করা।

কাউন্সেলিং ও শিক্ষা প্রদানের পার্থক্য

“কাউন্সেলিং” অর্থ- শিক্ষাদানের পাশাপাশি রোগীর ঝুঁকি নির্ণয়, রোগী এবং তার পরিবারকে বিপদ থেকে রক্ষার জন্য রোগীর আচরণ বদলাতে সহায়তা করা আর “শিক্ষা প্রদান” হচ্ছে - যৌন সংক্রমণ ছড়ানোর প্রক্রিয়া রোধ করার উপায় সম্পর্কে জানানো।

কাউন্সেলিং ও শিক্ষা প্রদান করা কঠিন, কারণ -

রোগী বিভিন্ন কারণে তাঁর রোগ সম্পর্কে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে চান না। যেমনঃ-

- ◆ অপবাদের ভয়ে,
- ◆ সেবা প্রদানকারী যদি রোগীকে অবজ্ঞা বা কটু মন্তব্য করেন,
- ◆ রোগী ও রোগ সম্পর্কে সেবা প্রদানকারী যদি গোপনীয়তা রক্ষা না করেন,
- ◆ সেবা প্রদানকারী যদি রোগীকে বিব্রত করেন বা লজ্জা দেন এবং চিকিৎসা দিতে না চান।

সেবা প্রদানকারীর জন্যও অনেক সময় পরামর্শ দেয়া কঠিন হয়। কারণঃ

- ◆ সেবা প্রদানকারী যদি ব্যস্ত থাকেন,
- ◆ যৌন রোগের চিকিৎসা সম্পর্কে অনভিজ্ঞ হন,
- ◆ যৌন বিষয়ে কথা বলতে অস্বস্তিবোধ করেন,
- ◆ চিকিৎসার ক্ষেত্রে যদি নিজস্ব বিশ্বাস, নীতি, ধর্ম, সামাজিক মূল্যবোধ টেনে আনেন।

তাই দেখা যায়, প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে কাউন্সেলিং-এ সবচেয়ে বড় বাধাঃ

- ◆ সেবা প্রদানকারীর নিজস্ব মূল্যবোধ, মতামত ও বিশ্বাসের প্রতি অটল থাকা ও নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীর অভাব
- ◆ ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা না করা
- ◆ যৌনসংক্রান্ত আলোচনায় অস্বস্তিবোধ।

"একজন ভাল পরামর্শদাতা সবসময়ই রোগীর প্রতি সমানুভূতিশীল, শ্রদ্ধাশীল, সৎ থাকেন এবং রোগীর আচরণ সম্পর্কে কোনরকম ব্যক্তিগত মতামত প্রকাশ করেননা।"

যোগাযোগে কার্যকরী পছাঃ

ইংরেজী WELL শব্দটি মনে রেখে প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে আক্রান্ত ব্যক্তিদের সাথে যোগাযোগ করলে রোগীরা সহজবোধ করবেন এবং আপনাকে সহায়ক হিসেবে গ্রহণ করবেন।

W = Welcome Your Clients - রোগীকে স্বাগত জানান। আন্তরিক ও উষ্ণ সম্বর্ধনা জানিয়ে রোগীকে বসতে বলুন। আপনিও কাছাকাছি বসুন যেন স্বচ্ছন্দ্য গোপনীয়তা রক্ষা করে কথা বলতে পারেন। এক্ষেত্রে গোপনীয়তা রক্ষার ব্যাপারটি খুব জরুরী। গলার স্বরে আন্তরিকতার ছোঁয়া বজায় রাখুন যেন আপনি কোন ঘনিষ্ঠ বন্ধুর সাথে কথা বলছেন।

E = Encourage Your Clients to Talk - রোগীকে কথা বলতে উৎসাহিত করুন। রোগীর চোখে চোখ রেখে, প্রশ্ন জিজ্ঞেস করে, রোগীর কথা বলার সময় মাথা নেড়ে, বা 'ও, আচ্ছা' বা 'এ বিষয়ে আরও বলুন' ইত্যাদি কথা বলে রোগীকে কথা বলতে উৎসাহিত করুন।

L = Look at Your Clients - রোগীর দিকে তাকান। রোগী কথা বলার সময় বন্ধুত্বপূর্ণ ও আন্তরিকভাবে রোগীর দিকে তাকান। নিজেকে স্বাভাবিক রাখুন।

L = Listen to Your Clients - রোগীর কথা শুনুন। রোগীর সব কথা মনোযোগ দিয়ে শুনুন। আপনার আগ্রহ বোঝানোর জন্য মাঝে মাঝে উৎসাহব্যঞ্জক শব্দ/ভংগী করুন।

কিভাবে রোগীকে স্বচ্ছন্দ্য বোধ করাতে পারেন ?

- রোগীকে বন্ধুত্বপূর্ণভাবে স্বাগত জানান।
- রোগীর দিকে এমনভাবে দৃষ্টি রাখুন যেন রোগী অনুভব করেন যে আপনি তার প্রতি আন্তরিক ও আগ্রহী।
- শারীরিক অংগভংগীর মাধ্যমে আপনার আন্তরিকতা প্রকাশ করুন।
- এমন ভাষায় কথা বলুন যেন রোগী যৌনসম্পর্কিত কথা বলতে সহজবোধ করেন।
- রোগী বুঝতে পারেন এমন শব্দ ব্যবহার করুন।
- ব্যক্তিগত বিষয় সম্পর্কে প্রশ্ন করার আগে রোগীর অনুমতি নিন।
- রোগী যদি গোপন বা স্পর্শকাতর প্রশ্নগুলির উত্তর না দিতে চান, তাহলে জোর করবেন না।

যারা যৌনবাহিত সংক্রমণে ভুগছেন তাদের যেসব তথ্য জানা প্রয়োজনঃ

- সাধারণতঃ যৌন সম্পর্কের মাধ্যমে এই রোগ ছড়ায়।
- চিকিৎসা না করলে গুরুতর জটিলতা দেখা দিতে পারে।
- এইচ আই ভি ভাইরাস ও যৌনবাহিত রোগ বা সংক্রমণ ছড়াবার উপায়।
- যৌনবাহিত সংক্রমণ থাকলে এইচ আই ভি-তে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশী।
- নবজাতকের চোখে (Neonatal conjunctivitis) সংক্রমণ নিয়ে এলে মাকে তথ্য ও পরামর্শের পাশাপাশি শিশুর সংক্রমণের কারণ জানিয়ে দেয়া।

মনে রাখবেনঃ

- রোগীকে যৌন আচরণ সম্পর্কিত বা ব্যক্তিগত প্রশ্ন একবারই করুন।
- মনোযোগ দিয়ে রোগীর সব কথা শুনুন।
- বারবার জিজ্ঞেস করে রোগীকে বিরত করবেন না।

এছাড়াও উপযুক্ত পরিবেশ সৃষ্টি কাউন্সেলিং এর অন্যতম প্রধান শর্ত। উপযুক্ত পরিবেশ সৃষ্টির জন্য প্রয়োজনঃ

- একটি কক্ষ - রোগীর সাথে ব্যক্তিগত/গোপনীয় কথা বলার জন্য (যদি সম্ভব না হয় পার্টিশন/পর্দার ব্যবস্থা করতে হবে)।
- চেয়ার - রোগীর সাথে বসে কথা বলার জন্য।
- পর্যাপ্ত পরিমাণে কনডমের সরবরাহ। কনডম ব্যবহার প্রদর্শনের জন্য কনডমের মডেল।
- যৌনবাহিত রোগের উপর বিভিন্ন লিফলেট, পুস্তিকা - রোগীর সাথে আলোচনার সময় ব্যবহারের জন্য।
- সংগীত 'রেফারেল স্লিপ' (সম্ভব হলে) - সংগীত চিকিৎসার জন্য।

উদ্দেশ্য স্ব : কাউন্সেলিং এর ৬টি ধাপ

স্থিতি : ৪০ মিনিট

প্রক্রিয়া : - ট্রান্সপারেন্সীর সাহায্যে কাউন্সেলিং এর ধাপ সমূহ আলোচনা করুন। সম্ভব হলে দু'তিনটি ধাপ দু'জন অংশগ্রহণকারীকে সামনে এসে অভিনয়ের মাধ্যমে দেখাতে বলুন। অভিনয়ের পর অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত আহ্বান করুন। আপনিও মতামত দিন। লক্ষ্য রাখবেন যেন বিভিন্ন ধাপ অভিনয়ের জন্য একই অংশগ্রহণকারী বার বার না আসেন। সব অংশগ্রহণকারীকে পালক্রমে সুযোগ দিন। উল্লেখ করুন, কাউন্সেলিং করার সময় আমরা রোগীকে তার রোগ সম্পর্কে অর্থাৎ কিভাবে ছড়ায়, প্রতিরোধ ব্যবস্থা, চিকিৎসা, জটিলতা ইত্যাদি সম্পর্কে আলোচনা করি এবং রোগীকে ঝুঁকি নিরূপণ করে আচরণ বদলাতে সাহায্য করি। অর্থাৎ কাউন্সেলিং করার সময় আমরা রোগীকে শিক্ষা প্রদান করি কিন্তু শিক্ষা প্রদান করাই কাউন্সেলিং নয়। কাউন্সেলিং এ আরও কিছু করণীয় রয়েছে।

যৌনবাহিত রোগ সম্পর্কে কাউন্সেলিং এর ৬টি ধাপ

- ১। রোগীকে তার যৌনবাহিত রোগ সম্পর্কে এবং এই রোগের অসুবিধা, প্রতিরোধ ব্যবস্থা, ফলাফল ও চিকিৎসা সম্পর্কে শিক্ষা দিন।
- ২। সঙ্গী খুঁজে বের করতে রোগীকে সাহায্য করুন।
- ৩। রোগীর ঝুঁকি নিরূপণ করুন।
- ৪। চিহ্নিত করুন- ঝুঁকিপূর্ণ আচরণ বদলানোর ক্ষেত্রে রোগীর কি কোন বাঁধা আছে?
- ৫। রোগীকে তাঁর ঝুঁকির পরিমাণ সম্পর্কে বুঝিয়ে বলুন।
- ৬। রোগীকে তাঁর আচরণ বদলাতে সাহায্য করুন।

প্রথম ধাপঃ রোগীকে তার যৌনবাহিত রোগ সম্পর্কে এবং এই রোগের অসুবিধা, প্রতিরোধ ব্যবস্থা, ফলাফল ও চিকিৎসা সম্পর্কে জানান/শিক্ষা দিন।

শিক্ষা প্রদানের ছয়টি প্রধান তথ্যঃ

রোগী কিভাবে সুস্থ হয়ে উঠবেন এবং ভবিষ্যতে সংক্রমণ থেকে নিজেকে মুক্ত রাখতে পারবেন, তা জানিয়ে দিন। রোগ সম্পর্কে রোগীকে কিছু ধারণা দিন।

প্রতিটি যৌন রোগে আক্রান্ত রোগীকে নিম্নলিখিত ৬টি তথ্য দেয়া প্রয়োজন-

ক) রোগের চিকিৎসা সম্পূর্ণ করুন।

খ) এইচ.আই.ভি (HIV)সহ অন্যান্য যৌনবাহিত রোগ ছড়ানো থেকে সাবধান থাকুনঃ

- ◆ চিকিৎসা চলাকালে যৌন মিলন পরিহার করুন।
- ◆ যৌন মিলন পরিহার না করলে, সঙ্গী আপনার থেকে এই রোগে সংক্রমিত হতে পারে।
- ◆ নিতান্ত জরুরী ক্ষেত্রে কনডম ব্যবহার করুন।

গ) আপনার স্বামী অথবা যৌন সঙ্গীকে চিকিৎসা লাভে সহায়তা করুনঃ

- ◆ সঙ্গীকে চিকিৎসার জন্য নিয়ে আসুন, অন্যথায় সঙ্গী দ্বারা আপনি পুনরায় সংক্রমিত হতে পারেন।
- ◆ সঙ্গীকে যথাযথ চিকিৎসা নিতে বলুন।

ঘ) আরোগ্য লাভ করেছেন কিনা নিশ্চিত হওয়ার জন্য ফলো-আপে আসুনঃ

- ◆ যদি লক্ষণ ভাল না হয় অথবা চিকিৎসার নির্দেশ মেনে না চলেন তাহলে আবার চিকিৎসার জন্য ফলো-আপে আসুন।
- ◆ যদি চিকিৎসার নির্দেশ যথাযথভাবে মেনে চলেন এবং সুস্থ হয়ে উঠেন তবু আরোগ্য লাভ করেছেন কিনা নিশ্চিত হওয়ার জন্য ফলোআপে আসুন।

৬) নিরাপদ যৌন আচরণ মেনে চলুন ও সুস্থ থাকুনঃ

- ▶ আপনার সংগী সংক্রমিত কিনা দেখুন ও পরস্পরের প্রতি বিশ্বস্ত থাকুন।
- ▶ কনডম ব্যবহার করে যৌনবাহিত রোগ/ এইডস প্রতিরোধ করুন।
- ▶ Non-penetrative sex বা প্রয়োজনে যৌন সংসর্গ থেকে বিরত থাকুন।
- ▶ দ্রুত ও কার্যকরী চিকিৎসা নেবার মানসিকতা গড়ে তুলুন।

৮) আপনার সন্তানকে রক্ষা করুনঃ

- ▶ গর্ভের প্রথম ৩ মাসের মধ্যে এন্টিন্যাটাল ক্লিনিকে শারীরিক পরীক্ষা ও যৌনবাহিত রোগের পরীক্ষা করুন।

দ্বিতীয় ধাপঃ সঙ্গী খুঁজে বের করতে রোগীকে সাহায্য করুন।

রোগীকে সঙ্গীর চিকিৎসার প্রয়োজনীয়তা বুঝিয়ে বলুন।

- ▶ রোগীকে জিজ্ঞেস করুন সঙ্গীকে খুঁজে বের করতে ও চিকিৎসা করতে আপনি কিভাবে তাকে সাহায্য করতে পারেন। একমাত্র রোগীই জানেন ও বলতে পারেন তিনি কোথা থেকে সংক্রমিত হয়েছেন। ব্যাখ্যা করুন, সঙ্গীর চিকিৎসা না করা হলে রোগী পুনরায় আক্রান্ত হয়ে পড়বেন।

তৃতীয় ধাপঃ রোগীর ঝুঁকি নিরূপণ করুন।

ঝুঁকি চিহ্নিত করতে রোগীকে নিম্নোক্ত প্রশ্নগুলি করুনঃ

□ রোগীর যৌন আচরণঃ

- ▶ বিগত সময়ের যৌন সংগী
- ▶ যৌনবাহিত সংক্রমণের পূর্ব ইতিহাস

□ অন্যান্য ঝুঁকি সমূহঃ

- ▶ রক্ত সঞ্চালন
- ▶ সূঁচ-সিরিঞ্জের ব্যবহার

□ সংগীর যৌন আচরণঃ

- ▶ যৌনবাহিত সংক্রমণ আছে কিনা
- ▶ সিরিঞ্জের সাহায্যে কোন নেশা করেন কিনা
- ▶ অন্য কোন যৌন সঙ্গী আছে কিনা

□ রোগীর মাদকাসক্তের ইতিহাসঃ

- ▶ মদ অথবা নেশার ওষুধ (ড্রাগ)

□ রোগীর প্রতিরোধমূলক অভ্যাসঃ

- ◆ নিরাপদ যৌনাভ্যাস
- ◆ কনডম ব্যবহার

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ এবং এইডস সম্পর্কে কিছু প্রচলিত ভ্রান্ত ধারণাঃ

- ◆ বিবাহিত মহিলা, তরুণ, তরুণী অথবা পরিচ্ছন্ন ও স্বাস্থ্যবান সঙ্গীরা সাধারণতঃ সংক্রমণমুক্ত।
- ◆ যৌনসংসর্গের পূর্বে ও পরে এন্টিবায়োটিক অথবা ম্যালেরিয়া প্রতিরোধের ওষুধ খেলে সংক্রমণ হয় না।
- ◆ যৌন সম্পর্কের পর পরই প্রস্রাব করলে, ধুয়ে ফেললে বা ডুশ নিলে সংক্রমণের ভয় থাকেনা।
- ◆ আমি ঝুঁকিপূর্ণ দলের যেমন যৌনকর্মী, ট্রাক-ড্রাইভার, সমকামি নই - অতএব আমি নিরাপদ।

চতুর্থ ধাপঃ *ঝুঁকিপূর্ণ আচরণ বদলানোর ক্ষেত্রে রোগীর কোন বাঁধা আছে কিনা, চিহ্নিত করুন।*

যৌন আচরণ বদলানো খুব কঠিন। কারণ, এটি খুবই ব্যক্তিগত, গোপনীয় ও আনন্দদায়ক। যা' আমরা অনুভব করি, ভাবি এবং করে থাকি - সেটাই আমাদের আচরণ। আচরণ জন্মগত নয়। আমাদের শারীরিক কাঠামো, সংস্কৃতি, ধর্ম, অর্থনৈতিক কাঠামো, চারিত্রিক বৈশিষ্ট্য, মূল্যবোধ ও পারিপার্শ্বিক পরিবেশ মিলে গঠিত হয় আমাদের আচরণ। অধিকাংশ যৌন আচরণই অভ্যাসগত; আপনা-আপনি, কোন রকম চিন্তা-ভাবনা ছাড়াই মানুষ করে থাকে।

রোগীর ঝুঁকিপূর্ণ আচরণ বদলাতে সাহায্য করতে হলে রোগীর আচরণের কারণ জানা প্রয়োজন। বিভিন্ন রোগীর আচরণ বা প্রকৃতির কথা চিন্তা করে তাদের বিভিন্ন পরামর্শ ও শিক্ষা প্রদান করুন।

পঞ্চম ধাপঃ *রোগীকে তাঁর ঝুঁকির পরিমাণ সম্পর্কে বুঝিয়ে বলুন।*

রোগীকে তার ঝুঁকির পরিমাণ সম্পর্কে বলুন। রোগীকে সরাসরি তার চরিত্র/আচরণ বদলাতে বলা কাউন্সেলরের দায়িত্ব নয়। বরং তাঁর ঝুঁকি সম্পর্কে বিভিন্ন তথ্য দিন এবং রোগীর আচরণ বদলাতে কোন বাঁধা থাকলে সে বাঁধা অতিক্রম করতে সাহায্য করুন। ভয় দেখিয়ে রোগীকে সাবধান করা উচিত নয়; এবং তা' অনেকাংশে ফলপ্রসূ নয়। বরং রোগীকে নিরাপদ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা ও সহায়তা দেয়া প্রয়োজন। যেমন, 'কনডম ব্যবহার আপনি ও আপনার সঙ্গীকে যৌন রোগ থেকে রক্ষা করবে' ও কনডম সরবরাহের ব্যবস্থা করা।

ষষ্ঠ ধাপঃ *রোগীকে তাঁর আচরণ বদলানোর পরিকল্পনা গ্রহণে সাহায্য করুন।*

বিভিন্নভাবে রোগীকে সাহায্য করা যায়ঃ

- রোগীর তাৎক্ষণিক সুবিধা সম্পর্কে বুঝিয়ে বলতে পারেন।
- নিরাপদ যৌন অভ্যাস গড়ে তোলা, যেমন -
 - ◆ নিরাপদ যৌন অভ্যাস
 - ◆ প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের লক্ষণ, চিহ্ন ও দ্রুত চিকিৎসার প্রয়োজনীয়তা
 - ◆ মাদকাসক্ত হলে চিকিৎসা নেয়া
 - ◆ শরীর ছিদ্র করতে হয় এমন কোন যন্ত্রপাতির ব্যবহার এড়িয়ে চলা
 - ◆ যেসব ক্লিনিকে সঠিকভাবে নিজীবকরণের মাধ্যমে জীবাণুমুক্ত সূঁচ ও যন্ত্রপাতি ব্যবহার করা হয়, সেসব ক্লিনিক থেকে রোগীকে সেবা গ্রহণ করতে বলা
- অন্যান্য বাধা অতিক্রমে রোগীকে সাহায্য করা।

- উদ্দেশ্য : কনডম-এর সঠিক ব্যবহার, সুবিধা, অসুবিধা ও ব্যবহার বৃদ্ধির উপায়
- স্থিতি : ৩০ মিনিট
- প্রক্রিয়া : - কনডম সঠিকভাবে ব্যবহারের সুবিধা, অসুবিধা, ব্যবহার না করার কারণ ও প্রয়োজনীয়তা, ব্যবহার বৃদ্ধির উপায় সম্পর্কে একে একে প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন। আপনার মতামত দিন ও বড় দলে আলোচনা করুন।
- 'সঠিকভাবে কনডম ব্যবহারের নিয়ম' হাতে কলমে মডেলের সাহায্যে প্রদর্শনের জন্য কোন নীরব বা আগ্রহী অংশগ্রহণকারীকে আমন্ত্রণ জানান। প্রয়োজনে অন্যান্য অংশগ্রহণকারীরা সহায়তা করতে পারেন। আপনিও সহায়তা করতে পারেন।

কনডমঃ সঠিক ব্যবহার প্রদর্শন

যৌনবাহিত বা এইচ আই ভি সংক্রমণ প্রতিরোধের জন্য প্রতিটি রোগীকে কনডমের সঠিক ব্যবহার শিখিয়ে দিনঃ


- ▶ মডেলের মাধ্যমে কনডমের সঠিক ব্যবহার প্রদর্শন করুন।
- ▶ প্রতিটি ক্লিনিকে পুরুষাঙ্গের মডেল রাখার ব্যবস্থা করুন।
- ▶ প্রতিটি রোগীকে কনডম সরবরাহ নিশ্চিত করুন।

কনডম ব্যবহারের নিয়ম

- ▶ প্রতি সহবাসের সময় একটি করে নতুন কনডম ব্যবহার করতে হয়।
- ▶ সাবধানে প্যাকেট খুলতে হবে যেন ছিঁড়ে না যায়। কখনও দাঁত বা ধারালো কিছু প্যাকেট খোলার জন্য ব্যবহার করা ঠিক নয়। পরার আগে কনডমের ভাঁজ খোলা যাবেনা।
- ▶ Circumcision করা না থাকলে foreskin পেছন দিকে টেনে ধরতে হবে। কনডম পরার সময় সামনের অংশ টিপে ধরে নিতে হবে যেন উখিত অংশে পরার পর সামনে দেড় সেন্টিমিটার অতিরিক্ত জায়গা শুক্রে ধারণের জন্য থাকে এবং সেখানে কোন বাতাস না থাকে। বাতাস থাকলে কনডম ফেটে যেতে পারে। এরপর অন্য হাতে উখিত অংশে মোড়ানো কনডমটি পরতে হবে।
- ▶ ধীরে ধীরে মোড়ানো কনডমটি পুরুষাঙ্গ সম্পূর্ণ ঢেকে না যাওয়া পর্যন্ত পরতে হবে।
- ▶ সহবাসের ঠিক পূর্ব মুহূর্তে কনডম পরতে হবে। কনডমে তৈলাক্ত কোন কিছু যেমন তেল, লোশন, ভেসলিন দেওয়া যাবেনা, এতে কনডম ছিঁড়ে যেতে পারে।
- ▶ বীর্যপাত হবার পরপরই উখিত থাকা অবস্থায় কনডমের গোড়া চেপে যোনিপথ থেকে পুরুষাঙ্গ বের করে আনতে হবে।
- ▶ সাবধানে কনডম পুরুষাঙ্গ থেকে খুলতে হবে।
- ▶ কনডম বেঁধে কাগজে বা প্যাকেটে জড়িয়ে ডাষ্টবিনে ফেলতে হবে। ফেলার পর হাত সাবান দিয়ে ধুতে হবে।
- ▶ অন্যান্য আর্জনার মত রাস্তার ডাষ্টবিনে ফেলা/আঙুলে পোড়ানো অথবা মাটি চাপা দেয়ার পর হাত ধুয়ে ফেলতে হবে।


পুরুষের কনডম ব্যবহারের নিয়ম

১)




সাবধানে প্যাকেট খুলুন যেন কনডম ছিড়ে না যায়।
পরার আগে কনডমের ভাঁজ খুলবেন না।

২)




Circumcision করা না থাকলে foreskin
পেছন দিকে টেনে ধরুন। কনডমের সামনের অংশ
টিপে ধরে উত্থিত পুরুষাঙ্গে পরুন।

৩)




ধীরে ধীরে মোড়ানো কনডমটি পুরুষাঙ্গ সম্পূর্ণ ঢেকে
না যাওয়া পর্যন্ত পরতে থাকুন।

৪)




সবসময় সহবাসের ঠিক পূর্বমুহূর্তে কনডম পরবেন।

৫)




বীর্যপাত হবার পর পরই উত্থিত থাকা অবস্থায় কনডমের
গোড়া চেপে ধরে যোনিপথ থেকে পুরুষাঙ্গ বের করুন।

৬)



সাবধানে কনডম পুরুষাঙ্গ থেকে খুলুন।

৭)



কনডম বেধে কাগজে বা প্যাকেটে জড়িয়ে ডাস্টবিনে
ফেলুন। হাত ধুয়ে ফেলুন।

৮)



অথবা অন্যান্য আবর্জনার সাথে/আগুনে গোড়ানো অথবা
মাটি চাপা দেয়ার পর হাত ধুয়ে ফেলুন।

রোগীকে পরামর্শ দিনঃ

যে সব কনডম শুকনা, নোংরা, ভংগুর, রঙচটা, নষ্ট বা মেয়াদকাল উত্তীর্ণ, শক্ত, গলে যাওয়া তা ব্যবহার করবেন না।

ব্যবহৃত কনডম পুনরায় ব্যবহার করবেন না। নতুন কনডম সংগ্রহ করে শুকনা ও স্বাভাবিক ঠাণ্ডা জায়গায় সংরক্ষণ করুন। আলো, সঁাতসঁ্যাতে বা উত্তপ্ত জায়গায় কনডম রাখবেন না।

কনডম ব্যবহারের সুবিধাঃ

- ▶ এইচ আই ভি সহ প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ প্রতিরোধ করে।
- ▶ অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ প্রতিরোধ করে।
- ▶ নিরাপদ বোধ সৃষ্টি হয়।
- ▶ যৌনসঙ্গীর প্রতি যত্নশীলতা প্রকাশ পায়।
- ▶ প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণজনিত কারণে চিকিৎসা বা অহেতুক খরচ হয় না।
- ▶ সঙ্গমের পূর্বকাল অধিক আনন্দদায়ক হয়।
- ▶ বীর্যপাত দেরীতে হয় বলে আনন্দঘন সময় দীর্ঘক্ষন স্থায়ী হয়।

কনডম ব্যবহারের অসুবিধাঃ

- ▶ পূর্ব পরিকল্পনার দরকার হয়।
- ▶ যৌন সংগমে বাধা মনে হতে পারে।
- ▶ ছিঁড়ে বা খুলে যেতে পারে।
- ▶ কিছুটা খরচ সাপেক্ষ।
- ▶ বীর্যপাত দেরীতে হয়।
- ▶ সঙ্গম কম আনন্দদায়ক মনে হতে পারে।
- ▶ কারও কারও লেটেক্স কনডমে এলার্জি থাকতে পারে।

কনডম ব্যবহার না করার কারণঃ

সাধারণতঃ পুরুষেরা কনডম ব্যবহার করতে চাননা এবং নানারকম অজুহাত বা কারণ দেখান। যেমনঃ-

- ▶ কনডম ব্যবহারে তৃপ্তি বা আনন্দ কম হয়।
- ▶ সহজে পাওয়া যায় না বা কেনার সামর্থ নেই।
- ▶ সঙ্গীর সামনে সম্পর্কের কারণে অনেক সময় কনডম ব্যবহারে দ্বিধা হয়।
- ▶ কনডম ব্যবহারের সাথে পরিচিত নয়।

কনডম ব্যবহার বৃদ্ধির উপায়ঃ

- ▶ কনডম ব্যবহারের সুবিধা সম্পর্কে রোগীকে বুঝিয়ে বলা।
- ▶ রোগীকে কনডম সম্পর্কে পরিচিত করে তোলা যেমন, রোগীর সামনে প্যাকেট খুলে কনডম কতটা পাতলা তা ছুঁয়ে রোগীকে অনুভব করতে বলা এবং সঠিক ব্যবহার প্রদর্শন করা।
- ▶ কনডম কোথায় পাওয়া যায় তা জানিয়ে দেয়া।
- ▶ সঙ্গীর সাথে সম্পর্কের কারণে কনডম ব্যবহারে দ্বিধা বা সমস্যা থাকলে প্রয়োজনীয় সহায়তা/পরামর্শ দেয়া।

- উদ্দেশ্য চ : সঙ্গী ব্যবস্থাপনার বিভিন্ন উপায় ও গুরুত্ব
- স্থিতি : ২০ মিনিট
- প্রক্রিয়া : - প্রশ্ন করুন, 'আমাদের ক্লিনিক বা কেন্দ্র থেকে কিভাবে আমরা সংগী ব্যবস্থাপনা নিশ্চিত করতে পারি'।
- অংশগ্রহণকারীদের কেন্দ্রের অবস্থা অনুযায়ী রোগীর দ্বারা রেফারেল বা সেবাপ্রদানকারী দ্বারা রেফারেল এর নিয়ম, সুবিধা, অসুবিধা আলোচনা করুন।
- 'সঙ্গী ব্যবস্থাপনার গুরুত্ব, চিকিৎসা, ব্যবস্থাপনার সম্ভাব্য উপায়' সম্পর্কে প্রশ্ন করে অংশগ্রহণকারীদের বর্তমান ধারণা জেনে নিন ও বিষয়টি বড়দলে আলোচনা করুন।
- 'রোগীর সিনড্রোম অনুযায়ী সঙ্গী ব্যবস্থাপনার' চার্টটি ট্রান্সপারেন্সিতে প্রদর্শন করে ধাপে ধাপে আলোচনা করুন।

সঙ্গী চিহ্নিত করে চিকিৎসা প্রদান (Contact tracing and treatment)

সঙ্গী ব্যবস্থাপনা অর্থ প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে আক্রান্ত রোগীর যৌন সঙ্গী/দের খুঁজে চিকিৎসা সুনিশ্চিত করা। প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় এটি অন্যতম প্রধান বা মূল পদক্ষেপ।

সঙ্গী ব্যবস্থাপনা এত গুরুত্বপূর্ণ কেন ?

রোগীর চিকিৎসার পাশাপাশি সঙ্গীর চিকিৎসা যে কতটা গুরুত্বপূর্ণ সে সম্পর্কে রোগীকে সচেতন করতে হবে। কারণ সঙ্গীর চিকিৎসা না করা হলে রোগী পুনরায় সংক্রমিত হতে পারেন। আবার রোগীও তার সঙ্গীকে সংক্রমিত করতে পারেন। সঙ্গীকে খুঁজে চিকিৎসা না দেয়া হলে প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ আরোও ছড়িয়ে পড়বে এবং রোগী ও তার সঙ্গী বার বার আক্রান্ত হবেন। তাই রোগীর যৌনসঙ্গীকে চিহ্নিত করে ব্যবস্থাপনা অর্থাৎ শারীরিক পরীক্ষা, চিকিৎসা ও পরামর্শ দিতে হবে। কখনও কখনও সঙ্গী বিশেষ করে মহিলাদের সংক্রমণ থাকলেও কোন সমস্যা বা লক্ষণ থাকে না। তাই তারা চিকিৎসা নিতে আগ্রহী হন না। কিন্তু লক্ষণ না থাকলেও রোগীর চিকিৎসার পাশাপাশি অবশ্যই সঙ্গীর চিকিৎসা দিতে হবে।

সঙ্গী ব্যবস্থাপনার নীতিমালা

গোপনীয়তা রক্ষাঃ

- ▶ রোগী ও তার সঙ্গীর সমস্ত তথ্য গোপন রাখতে হবে। গোপনীয়তা রক্ষা না হবার আশংকায় অনেকে তার সঙ্গী সম্পর্কে সম্পূর্ণ তথ্য দিতে চান না।

স্বেচ্ছাপ্রদান (voluntary):

- ▶ রোগী তার সঙ্গী সম্পর্কে তথ্য দিতে না চাইলেও তাকে চিকিৎসা এবং পরামর্শ নিতে হবে। রোগী তার সঙ্গীকে চিহ্নিত করতে পারলেও অনেক সময় সেবাপ্রদানকারীকে তার পরিচয় দিতে কুষ্ঠা বোধ করেন। এ ক্ষেত্রে রোগীকে সঙ্গী ব্যবস্থাপনার গুরুত্ব বার বার বুঝিয়ে বলতে হবে। কোন অবস্থাতেই রোগী তার সঙ্গীর পরিচয় বা সঙ্গীকে নিয়ে আসতে সম্মত না হলে রোগীর কাছেই তার সঙ্গীর ওষুধ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিতে হবে।
- ▶ রোগীর পাশাপাশি সঙ্গীর রোগ নির্ণয় এবং চিকিৎসা সেবার সুযোগ অবশ্যই থাকতে হবে।
- ▶ রোগীর চিকিৎসার ব্যাপারে কোনরকম বৈষম্য করা চলবে না। যৌনবাহিত/প্রজননতন্ত্র সংক্রমণে অনেকে সামাজিক মর্যাদা ক্ষুণ্ণ হবার ভয় করেন। রোগী এবং তার সঙ্গীকে যথাযথ সম্মান, মর্যাদা ও গোপনীয়তা রক্ষা করে চিকিৎসা দেবার ব্যাপারে যত্নবান হতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

- ▶ সঙ্গীর কোন লক্ষণ না থাকলেও সঙ্গী ব্যবস্থাপনার গুরুত্ব রোগীকে বুঝাতে সাহায্য করুন। কারণ -
 - রোগীর পুনরায় সংক্রমিত হবার ঝুঁকি রয়েছে।
 - সঙ্গীর বিভিন্ন জটিলতার আশংকা রয়েছে।
 - ▶ প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে সঙ্গীর লক্ষণ না থাকলেও অবশ্যই চিকিৎসা দিতে হবে। তবে কিছু ব্যতিক্রম রয়েছে। যেমনঃ
 - মহিলার vaginitis-এর চিকিৎসা দিলে সঙ্গীর চিকিৎসার কোন দরকার নেই।
 - মহিলার তলপেটে সংক্রমণ (PID) থাকলে সঙ্গীকে শুধুমাত্র Urethritis -এর চিকিৎসা দিতে হবে।
- Anaerobic bacteria -র জন্য সংগে Metronidazole দেবার দরকার নেই।

সঙ্গী চিহ্নিতকরণের পছা

সঙ্গী চিহ্নিতকরণের দুটি প্রধান পছা হলোঃ

- রোগী দ্বারা রেফার করা
- সেবাদানকারী দ্বারা রেফার করা।

রোগী দ্বারা রেফার করাঃ

বিশ্ব স্বাস্থ্য সংস্থা সুপারিশকৃত এই উপায়ে সেবাদানকারীর সরাসরি হস্তক্ষেপ ছাড়া রোগী নিজেই সংক্রমণের উৎস হিসেবে চিহ্নিত সঙ্গীকে রেফার করেন। এই পছায় লোকবল কম লাগে, খরচ কম এবং যৌনসঙ্গীর পরিচয় দিতে হয়না বলে অধিকাংশ দেশের জন্য উপযোগী। প্রতিটি রোগীকে সঙ্গী চিকিৎসার জন্য একটি 'রোগ নির্ণয় কোড' দেয়া হয়।

সেবাদানকারী দ্বারা রেফার করাঃ

এ পছায় সেবাদানকারী সঙ্গীকে চিহ্নিত করেন। রোগী তার সঙ্গী সম্পর্কে তথ্য প্রদান করেন যা গোপন রেখে সেবাদানকারী সঙ্গীকে চিহ্নিত করেন। এ পদ্ধতিতে যোগাযোগ কৌশলে সুদক্ষ প্রশিক্ষিত কর্মী প্রয়োজন, সময় বেশী লাগে, ব্যয় সাপেক্ষ এবং রোগী গোপনীয়তা হারাবার ভয়ে আশংকিত থাকেন।

সঙ্গী চিহ্নিতকরণে অগ্রাধিকার প্রদানঃ

পুরুষ রোগীদের স্ত্রী, বান্ধবী বা যৌনসঙ্গীর চিকিৎসার ব্যাপারে অধিক সচেষ্টিত হওয়া প্রয়োজন কারণ মহিলাদের প্রায়ই কোন সমস্যা বা লক্ষণ থাকেনা। সংক্রমণের ব্যাপারেও তাঁরা সচেতন নন কিন্তু সংক্রমণজনিত জটিলতা গুরুতর।

সঙ্গী চিহ্নিতকরণ কার্ডের নমুনা

তারিখঃ

ক্রমিক নংঃ

অনুগ্রহ করে ----- ক্লিনিকে আসুন।

সংগে কার্ড নিয়ে আসবেন।

(সেবা প্রদানের সময়ঃ সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)

রোগ নির্ণয় কোডঃ

সঙ্গীর চিকিৎসাঃ

সঙ্গী ব্যবস্থাপনার অন্যান্য সম্ভাব্য উপায়ঃ

- সঙ্গীর জন্য ওষুধ নেয়া
- সঙ্গীকে চিকিৎসার জন্য ক্লিনিকে আনা

নীচের চার্ট অনুসরণ করে রোগীর সিনড্রোম অনুযায়ী তার সঙ্গীকে চিকিৎসা দিতে হবেঃ		
কোড	প্রাথমিক(Index) রোগীদের সিনড্রোম	সঙ্গীর চিকিৎসা
UD	Urethral discharge (মূত্রনালীর নিঃসরণ)	সঙ্গীর Cervicitis -এর চিকিৎসা করুন।
GU	Genital ulcer (যৌনাঙ্গে ক্ষত)	সঙ্গীকে Genital ulcer -এর চিকিৎসা দিন।
VD	Vaginal discharge (যোনিপথে শ্রাব) <ul style="list-style-type: none"> ▶ রোগীকে vaginitis ও cervicitis এর চিকিৎসা প্রদান করা হলে ▶ রোগীকে শুধু vaginitis এর চিকিৎসা প্রদান করা হলে 	<ul style="list-style-type: none"> ▶ সঙ্গীকে Urethritis-এর চিকিৎসা দিন। ▶ সঙ্গীর চিকিৎসার কোন দরকার নেই।
PID	Pelvic Inflammatory Disease (তলপেটে সংক্রমণ)	সঙ্গীকে Urethritis -এর চিকিৎসা দিন।
SS	Scrotal swelling (ক্ষীত অণ্ডকোষ)	সঙ্গীকে Cervicitis -এর চিকিৎসা দিন।
IB	Inguinal Bubo	সঙ্গীকে Lymphogranuloma venereum -এর চিকিৎসা দিন।
NC	Neonatal conjunctivitis নবজাতকের চোখে সংক্রমণ	শিশুর মাকে Cervicitis-এর এবং পিতাকে Urethritis এর চিকিৎসা দিন।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১৫ মিনিট

প্রক্রিয়া : - ছোট ছোট প্রশ্নের সাহায্যে পুরো বিষয়টি মূল্যায়ন করুন।

নমুনা প্রশ্নঃ

- প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনায় ৪টি স্বাস্থ্য তথ্য -('4Cs') কি?
- যৌনবাহিত রোগে কাউন্সেলিং বলতে আমরা কি বুঝি?
- কাউন্সেলিং ও শিক্ষা প্রদানের মূল পার্থক্য কি?
- কাউন্সেলিং ও শিক্ষা প্রদান করা কঠিন কেন?
- কাউন্সেলিং এর ৬টি ধাপ কি কি?
- Drug Compliance কিভাবে উন্নত করা যায়?
- রোগীর পাশাপাশি সঙ্গীর চিকিৎসা আপনার কর্মক্ষেত্রে কিভাবে নিশ্চিত করবেন?
- ঝুঁকিপূর্ণ আচরণ বদলাতে রোগীকে কিভাবে সাহায্য করতে পারেন?
- যোগাযোগে কার্যকরী পছাসমূহ কি কি ?
- মহিলা রোগীর শুধুমাত্র যোনিপথে স্রাবের চিকিৎসা দিলে সংগীকে কি চিকিৎসা দিবেন?
- সঙ্গী চিহ্নিতকরণের পছাসমূহ কি কি?
- কিভাবে সঙ্গী চিহ্নিত করে চিকিৎসা প্রদান নিশ্চিত করা সম্ভব ?
- সিনড্রোমের নাম ও সিনড্রোম অনুযায়ী সঙ্গীর চিকিৎসা উল্লেখ করুন।

সিনড্রোমিক ব্যবস্থাপনা - (Syndromic Approach to STI/RTI Case Management)

পাঠ	: ৫
স্থিতি	: ১ ঘন্টা ৩০ মিনিট
উদ্দেশ্য	: অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. সিনড্রোমিক ব্যবস্থাপনা বলতে কি বোঝায় এবং যৌনবাহিত/প্রজননতন্ত্র সংক্রমণের ক্ষেত্রে সিনড্রোমিক ব্যবস্থাপনার যথার্থতা ব্যাখ্যা করতে পারবেন;
- খ. যৌনবাহিত ও প্রজননতন্ত্রের সংক্রমণে বিভিন্ন সিনড্রোম এর কারণ উল্লেখ করতে পারবেন;
- গ. যৌনবাহিত ও প্রজননতন্ত্রের বিভিন্ন রোগের নাম, কারণ ও লক্ষণ বর্ণনা করতে পারবেন এবং
- ঘ. সিনড্রোম অনুযায়ী ফ্লো-চার্ট ব্যবহার করে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেঙ্গী
ক	সিনড্রোমিক ব্যবস্থাপনা	১৫ মি.	বড় দলে আলোচনা	VIPP কার্ড
খ ও গ	বিভিন্ন রোগের সিনড্রোম ও যৌনবাহিত ও প্রজননতন্ত্রের রোগসমূহ	৪৫ মি.	দৃশ্যমান উপস্থাপনা (Visualized Presentation)	ট্রান্সপারেঙ্গী, স্লাইড, স্লাইড প্রজেক্টর
ঘ	সিনড্রোম অনুযায়ী ফ্লো-চার্ট ব্যবহার	১০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	১৫ মি.	প্রশ্নোত্তর	---

পূর্বপ্রস্তুতি

- ঃ - ট্রান্সপারেন্সীতে নিম্নলিখিত বিষয় লিখে নিনঃ
 - সেশনের উদ্দেশ্য;
 - সিনড্রোম ও রোগের কারণ;
 - যৌনবাহিত ও প্রজননতন্ত্রের রোগসমূহঃ কারণ ও লক্ষণ;
 - সিনড্রোম অনুযায়ী ফ্লো-চার্ট ব্যবহার।
- একটি oval কার্ডে 'সিনড্রোম অর্থ কি' লিখে রাখুন;
- একটি আয়তাকার কার্ডে (২২ ইঞ্চি X ৫.৫ ইঞ্চি) লিখুনঃ 'রোগের লক্ষণ ও চিহ্ন সমষ্টিকে সিনড্রোম' বলা হয়।
- একটি গোল কার্ডে 'সিনড্রোমিক ব্যবস্থাপনার প্যাকেজ' লিখে রাখুন।
- আয়তাকার কার্ড দু'ভাগ করে চারকোনা করে নিন ও নীচের পয়েন্টগুলো লিখুনঃ
 - চিকিৎসা
 - কাউন্সেলিং
 - কনডম সরবরাহ
 - সঙ্গীর চিকিৎসা
- সবগুলো কার্ড সেশন শুরু হওয়ার আগেই নমুনা অনুযায়ী VIPP বোর্ডে উল্টো করে লাগিয়ে রাখুন।
- প্রজননতন্ত্র ও যৌনবাহিত রোগসমূহের স্লাইড তৈরী করুন অথবা যোগাড় করুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা স্থিতি প্রক্রিয়া

- ঃ ৫ মিনিট
- ঃ - শুভেচ্ছা জানিয়ে শুরু করুন, 'বেশীরভাগ রোগের ক্ষেত্রে আমরা লক্ষণ/চিহ্ন দেখে এবং ল্যাবরেটরী পরীক্ষা করে কারণ নির্ণয় করি ও ব্যবস্থাপনা দেই। কিন্তু যৌনবাহিত ও প্রজননতন্ত্রের সংক্রমণ বিভিন্ন ধরনের জীবাণু দ্বারা সংক্রমিত হলেও প্রায় একই ধরনের লক্ষণ ও চিহ্ন থাকে। আমরা জানি প্রাথমিক সেবা কেন্দ্রসমূহে ল্যাবরেটরী পরীক্ষার সুযোগ কম এবং বেশ খরচ সাপেক্ষ। তাই এক্ষেত্রে লক্ষণ ও চিহ্নের উপর নির্ভর করে নির্দিষ্ট ফ্লো-চার্ট অনুসরণ করে ধাপে ধাপে ব্যবস্থাপনা দেয়া যায়।'
- সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সীতে দেখান এবং অংশগ্রহণকারীদের একটি করে পয়েন্ট পড়তে বলুন।

- উদ্দেশ্য-ক : সিনড্রোমিক ব্যবস্থাপনা
 স্থিতি : ১৫ মিনিট
 প্রক্রিয়া : - সিনড্রোম কথাটির অর্থ জিজ্ঞেস করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নেবার পর সংজ্ঞা লেখা কার্ডটি সোজা করে দিন এবং ব্যাখ্যা করুন। উল্লেখ করুন, 'ইতিহাস নিয়ে এবং শারীরিক পরীক্ষা করে রোগের সিনড্রোম নির্ণয় করা হয়।'
 - এরপর সিনড্রোমিক ব্যবস্থাপনা প্যাকেজের একটি করে সেবা লেখা কার্ড সোজা করে দিন ও আলোচনা করুন।
 - যৌনবাহিত ও প্রজননতন্ত্রের সংক্রমণে রোগ নির্ণয়ের বিভিন্ন পন্থা, সিনড্রোমিক ব্যবস্থাপনার যথার্থতা এবং সিনড্রোমিক ব্যবস্থাপনার সুবিধা, অসুবিধা বড় দলে আলোচনা করুন।

‘সিনড্রোম’
অর্থ কি?

রোগের লক্ষণ ও চিহ্নর সমষ্টিকে সিনড্রোম বলা হয়



রোগ নির্ণয়ের বিভিন্ন পছা (Approaches of RTI/STI Diagnosis)

১) কারণ ভিত্তিক (চিহ্ন ও ল্যাবরেটরী পরীক্ষার উপর ভিত্তি করে)

বৈশিষ্ট্য :

- সুনির্দিষ্টভাবে রোগের জীবাণু নির্ণয় করা যায়।
- দক্ষ কর্মী ও অত্যাধুনিক যন্ত্রপাতি প্রয়োজন।
- ল্যাবরেটরী পরীক্ষার ফলাফল জানার জন্য রোগীকে পুনরায় আসতে হয়।
- সবসময় ফলাফলের উপর নির্ভর করা যায় না।

২) ক্লিনিক্যাল পরীক্ষা ভিত্তিক (লক্ষণ ও চিহ্নের উপর নির্ভর করে)

বৈশিষ্ট্য :

- বিশেষজ্ঞ প্রয়োজন।
- মিশ্র বা Secondary সংক্রমণ হলে বিশেষজ্ঞের পক্ষেও রোগ নির্ণয় সহজসাধ্য নয়।
- ভুল বা অসম্পূর্ণ চিকিৎসা হলে রোগের সাধারণ লক্ষণের পরিবর্তন হয়।
- HIV সংক্রমণ থাকলে রোগের লক্ষণ ভিন্ন হয়।

৩) সিনড্রোম ভিত্তিক (সিনড্রোম এর উপর ভিত্তি করে)

বৈশিষ্ট্য :

- একাধিক লক্ষণ ও প্রাথমিক অবস্থায় রোগের চিহ্নের উপর ভিত্তি করে সিনড্রোমিক চিকিৎসা দেয়া সম্ভব।
- প্রাথমিক সেবা কেন্দ্রে সহজে চিকিৎসা দেয়া সম্ভব।
- সিনড্রোম অনুযায়ী একাধিক জীবাণুর বিরুদ্ধে চিকিৎসা দেয়া যায়।

সিনড্রোমিক ব্যবস্থাপনার যথার্থতা:

বাংলাদেশে প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের প্রকোপ রয়েছে। আমরা জানি, বাংলাদেশে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের অবকাঠামো রয়েছে। সর্বনিম্ন পর্যায়ে সেবা প্রদানের কেন্দ্র হচ্ছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সরকারী আউটডোর ডিসপেন্সারী ও এনজিও ক্লিনিক। সেবা প্রদানকারীদের অনেকেই প্যারামেডিক অর্থাৎ FWV, নার্স বা মেডিক্যাল এ্যাসিস্টেন্ট। বর্তমান জনবল ও অন্যান্য সুযোগ সুবিধা বিবেচনা করে দেখা গেছে ক্লিনিক্যাল পরীক্ষা ভিত্তিক সেবা প্রদান সম্ভব নয়। এছাড়া প্রাথমিক সেবা কেন্দ্রে (Primary Care Level) বিভিন্ন রকম ল্যাবরেটরী পরীক্ষা করার সুবিধা এবং দক্ষ টেকনিশিয়ান নাই। পরীক্ষা করে দেখা গেছে, ২০টিরও বেশী রোগ জীবাণু দিয়ে যৌনবাহিত সংক্রমণ (STI) হয় এবং বেশীরভাগ রোগীর ক্ষেত্রেই একাধিক জীবাণুর সংক্রমণ থাকে। ফলে ল্যাবরেটরী পরীক্ষায় একটি নির্দিষ্ট জীবাণু চিহ্নিত করা গেলেও অন্যগুলোর উপস্থিতি উপেক্ষা বা exclude করা যায়না। এ ছাড়াও ল্যাবরেটরী পরীক্ষা সময়সাপেক্ষ এবং অত্যন্ত ব্যয়বহুল।

প্রাথমিক অবস্থায় যৌনবাহিত রোগের সঠিক চিকিৎসা নিশ্চিত করতে পারলে যৌনবাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী সফল করে তোলা সম্ভব। সিনড্রোমিক ব্যবস্থাপনায় সাধারণতঃ ল্যাবরেটরী পরীক্ষার কোন দরকার হয়না এবং সেবার গুণগত মানও বজায় থাকে (Quality of Care)। এই ব্যবস্থাপনায় রোগীকে সম্পূর্ণ ও সামগ্রিক প্যাকেজ সেবা দেয়া হয় যা একই ধরনের সিনড্রোম সৃষ্টিকারী বিভিন্ন জীবাণুর বিরুদ্ধে কাজ করে।

- সুবিধা :**
- রোগী বাড়ীর কাছাকাছি সেবা কেন্দ্র থেকে কম খরচে, সহজে এবং দ্রুত সেবা পেতে পারেন।
 - শুধুমাত্র যৌনবাহিত রোগের সেবাদানকারী ক্লিনিকে (STI/RTI clinic) যেতে রোগী অস্বস্তিবোধ করতে পারেন। প্রাথমিক সেবা কেন্দ্রে একই সাথে অন্যান্য সেবা দেয়া হয় বলে রোগী সেবা নিতে দ্বিধাবোধ করেন না।
 - প্রথম ভিজিটেই সেবা দেয়া যায়।
 - সেবা দেয়ার জন্য স্পেশালিষ্ট ডাক্তারের প্রয়োজন হয়না। প্রাথমিক সেবা কেন্দ্র থেকেই সেবা প্রদানকারী সেবা দিতে পারেন।
 - একই পর্যায়ের সেবা কেন্দ্র থেকে সমমানের চিকিৎসা দেয়া হয়।
 - সেবা প্রদানকারীদের সহজে প্রশিক্ষণ দেয়া যায়।
 - ফ্লো-চার্ট অনুসরণ করে সহজে সেবা প্রদান সম্ভব।
 - তথ্য বা উপাত্ত সংগ্রহে সমতা থাকে।
 - সাশ্রয়ী।
- অসুবিধা :**
- একাধিক ওষুধ খেতে হয়।
 - একাধিক ওষুধ গ্রহণ করার ফলে পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে।

- উদ্দেশ্য-খ ও গ :** যৌনবাহিত ও প্রজননতন্ত্রের বিভিন্ন রোগের সিনড্রোম ও রোগসমূহ
- স্থিতি :** ৪৫ মিনিট
- প্রক্রিয়া :**
- উল্লেখ করুন, মূলতঃ তিন ধরনের সিনড্রোম নিয়ে রোগীরা আমাদের কাছে আসেন।

- যেমনঃ -
- *ব্রাব বা discharge বা নিঃসরণ*
 - *যৌনাস্থে ক্ষত বা ulcer*
 - *মহিলাদের তলপেটে ব্যথা।* এছাড়াও কখনো কখনো অন্যান্য সিনড্রোম নিয়েও রোগী আসতে পারেন।

- 'সিনড্রোম, লক্ষণ, চিহ্ন ও রোগের কারণ' লেখা চার্টটি ট্রান্সপারেঙ্গীতে প্রদর্শন করুন এবং যৌনবাহিত/প্রজননতন্ত্রের বিভিন্ন রোগের নাম, জীবাণু ও লক্ষণ-এর মূল পয়েন্ট ট্রান্সপারেঙ্গী দেখিয়ে আলোচনা করুন এবং স্লাইড প্রদর্শন করুন।
- [আপনি (প্রশিক্ষক) ইচ্ছে করলে পাঠ্যক্রম পদ্ধতিতে বিষয়টি পরিচালনা করতে পারেন]

সিনড্রোম	লক্ষণ	চিহ্ন	রোগের কারণ
যোনিপথে স্রাব (Vaginal Discharge)	<ul style="list-style-type: none"> • যোনিপথে স্রাব • প্রচুর দুর্গন্ধযুক্ত স্রাব • যোনিপথে চুলকানি • প্রস্রাবকালে ব্যথা • সহবাস কালে ব্যথা 	<ul style="list-style-type: none"> • যোনিপথে স্রাব (স্পেকুলাম পরীক্ষার সুযোগ থাকলে স্রাবের প্রকৃতি দেখুন) • Cervix এর ভেতর থেকে discharge • Cervix ভংগুর বা friable 	<ul style="list-style-type: none"> • ভ্যাজাইনাইটিস - ট্রাইকোমোনিয়াসিস - ক্যানডিডিয়াসিস • সার্তিসাইটিস - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া
মূত্রনালীর নিঃসরণ (Urethral Discharge)	<ul style="list-style-type: none"> • মূত্রনালীর নিঃসরণ • প্রস্রাবকালে ব্যথা • ঘন ঘন প্রস্রাব 	<ul style="list-style-type: none"> • মূত্রনালী থেকে নিঃসরণ (প্রয়োজনে milk urethra করুন) 	<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া
যৌনাঙ্গে ক্ষত (Genital Ulcer)	<ul style="list-style-type: none"> • যৌনাঙ্গে ক্ষত 	<ul style="list-style-type: none"> • যৌনাঙ্গে ক্ষত • বৃদ্ধিপ্রাপ্ত লসিকা গ্রন্থি 	<ul style="list-style-type: none"> - সিফিলিস - শ্যাংক্রয়েড - যৌনাঙ্গে হারপিস
তলপেটে ব্যথা (Lower Abdominal Pain)	<ul style="list-style-type: none"> • তলপেটে ব্যথা • সহবাস কালে ব্যথা 	<ul style="list-style-type: none"> • যোনিপথে স্রাব • তলপেটে ব্যথা - পেটে চাপ দিলে বা বাই-ম্যানুয়াল পরীক্ষায় Cervix নড়াচড়া করলে ব্যথা • তাপমাত্রা $100.8^{\circ} F$ বা $38^{\circ} C$ সেঃ এর বেশী 	<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া - এনারোবিক ব্যাকটেরিয়া
ক্ষীত অণ্ডকোষ (Scrotal Swelling)	<ul style="list-style-type: none"> • যন্ত্রনাদায়ক এবং অথবা ক্ষীত অণ্ডকোষ 	<ul style="list-style-type: none"> • ক্ষীত অণ্ডকোষ এবং/অথবা ব্যথা 	<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া
Inguinal Bubo	<ul style="list-style-type: none"> • যন্ত্রনাদায়ক ও বৃদ্ধিপ্রাপ্ত লসিকা গ্রন্থি 	<ul style="list-style-type: none"> • লসিকা গ্রন্থি যন্ত্রনাদায়ক ও বৃদ্ধিপ্রাপ্ত • ফোড়া বা ফিস্টুলা 	<ul style="list-style-type: none"> - লিম্ফোগ্র্যানুলোমা ভেনেরাম - শ্যাংক্রয়েড
নবজাতকের চোখে সংক্রমণ (Neonatal Conjunctivitis)	<ul style="list-style-type: none"> • ক্ষীত চোখের পাতা • Discharge • শিশু চোখের পাতা খুলতে পারেনা 	<ul style="list-style-type: none"> • চোখের পাতা ফোলা • পূঁজযুক্ত discharge 	<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া

A-031624

যৌনবাহিত ও প্রজননতন্ত্রের সাধারণ রোগসমূহ

অস্বাভাবিক স্রাবের কারণ ও লক্ষণঃ

ক) ক্যানডিডিয়াসিস (মোনিলিয়াসিস অথবা ঈষ্ট)

ক্যানডিডা এ্যালবিকানস্ নামে পরিচিত ঈষ্ট জাতীয় একটি ছত্রাক বা Fungus থেকে এই রোগের উৎপত্তি। এই সংক্রমণ সাধারণতঃ যৌন মিলনের মাধ্যমে ছড়ায় না। গর্ভাবস্থা, জন্মনিয়ন্ত্রণের বড়ি খেলে অথবা বহুমূত্র রোগ থাকলে এই রোগে আক্রান্ত হওয়ার আশংকা বেশী থাকে।

লক্ষণ

মহিলা

- ▶ স্রাব : মাঝারি, সাদা, ঘন, দইয়ের মত অথবা জমাট বাঁধা।
- ▶ চুলকানি : যোনিমুখে মাঝারি থেকে প্রবল চুলকানি।
- ▶ প্রস্রাব এবং যৌনমিলনে : কখনও কখনও ব্যথা ও জ্বালা।
- ▶ যোনিপথ ও যোনিমুখ : লালচে এবং ফুলে যাওয়া।

পুরুষ

- ▶ সাধারণতঃ লক্ষণবিহীন।
- ▶ কখনও কখনও পুরুষাঙ্গে ছোট ছোট ফুসকুড়ি, অস্বস্তিভাব ও চুলকানি।

খ) ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস

ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস যোনির একটি পরিচিত প্রদাহ। গার্ডনেরেলা এবং এ্যানারোবের সংমিশ্রণ থেকে এই রোগ দেখা দেয়। ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস সাধারণতঃ যৌন সংক্রমিত নয়। তাই যৌনসঙ্গীর চিকিৎসার প্রয়োজন নেই।

লক্ষণ

- ▶ স্রাবঃ 'মাছের' দুর্গন্ধসহ খুসর-সাদা পাতলা স্রাব
- ▶ সাধারণতঃ ক্ষতভাব থাকে না।

গ) ট্রাইকোমোনিয়াসিস

ট্রাইকোমোনাড নামে জীবদেহের এক কোষ বিশিষ্ট এক ধরনের প্যারাসাইট থেকে ট্রাইকোমোনিয়াসিস হয়ে থাকে। এটি মহিলাদের যোনির সবচেয়ে পরিচিত প্রদাহসমূহের একটি।

লক্ষণ

মহিলা

- ▶ স্রাবঃ প্রচুর, ফোঁসদৃশ, সবুজাভ হলুদ ও দুর্গন্ধযুক্ত।
- ▶ চুলকানিঃ প্রবল।

- ▶ প্রস্রাব ও যৌনমিলনঃ কখনও কখনও ব্যথা ও জ্বালা ।
- ▶ যোনি ও যোনিমুখেঃ ক্ষতভাব ।
- ▶ লক্ষণবিহীনও হতে পারে ।

পুরুষ

- ▶ সাধারণতঃ লক্ষণবিহীন ।
- ▶ প্রস্রাবকালে ব্যথা ।
- ▶ সাদা নিঃসরণ ।

ঘ) গনোরিয়া

নাইসেরিয়া গনোরিয়া নামের এক ধরণের জীবাণু সংক্রমণে এই রোগ হয় । গনোরিয়া ব্যাপকভাবে পরিচিত যৌনরোগসমূহের অন্যতম ।

মহিলাদের ক্ষেত্রে এই রোগের চিকিৎসা করা না হলে জরায়ুমুখ, জরায়ু এবং ডিম্ববাহী নালীতে প্রদাহ ছড়িয়ে পড়ে যার ফলে তলপেটে সংক্রমণ (পি আই ডি) দেখা দেয়, যা বন্ধ্যাত্বের একটি প্রধান কারণ ।

পুরুষদের ক্ষেত্রেও এই রোগের চিকিৎসা না হলে বন্ধ্যাত্ব হতে পারে ।

গনোরিয়ায় আক্রান্ত মায়ের কাছ থেকে নবজাত শিশুর শরীরেও এই রোগ সংক্রমিত হতে পারে এবং নবজাতকের চোখ আক্রান্ত হতে পারে ।

লক্ষণ

মহিলা

- ▶ লক্ষণবিহীন হতে পারে ।
- ▶ স্রাবঃ প্রচুর, জরায়ুমুখ থেকে হলুদ ও পুঁজের মত স্রাব ।
- ▶ যৌনমিলনকালেঃ কখনও কখনও ব্যথা ও জ্বালা ।
- ▶ মাঝে মাঝে ঘন ঘন প্রস্রাব হয় ।
- ▶ যৌনমিলনের পর ফোঁটা ফোঁটা রক্ত যেতে পারে ।

জটিলতাঃ পি আই ডি (লক্ষণঃ যৌনমিলনকালে ব্যথা, জ্বর, তলপেটে ব্যথা, pelvis-এ চাপ দিলে ব্যথা ।)

পুরুষ

- ▶ লক্ষণবিহীন হতে পারে ।
- ▶ মূত্রনালী থেকে পুঁজ (urethral discharge) নিঃসরণ ।
- ▶ প্রস্রাবকালে ব্যথা ও জ্বালা ।
- ▶ প্রস্রাবে আড়ষ্টতা ও আবদ্ধভাব ।
- ▶ ঘন ঘন প্রস্রাব ।

নবজাত শিশু

- ▶ নবজাতকের চোখে সংক্রমণ (Neonatal Conjunctivitis) ।
- ▶ চোখ ফোলা, লালচে ও পুঁজ থাকে ।
- ▶ সাধারণত চোখ বন্ধ থাকে । চাপ দিলে পুঁজ বেরিয়ে আসে ।

৬) ক্ল্যামাইডিয়া

ক্ল্যামাইডিয়া ট্র্যাকোমাইটিস থেকে এই রোগের উৎপত্তি।

প্রায়ই যৌন সংক্রমিত অন্যান্য রোগের বিশেষ করে গনোরিয়ার পাশাপাশি (১৫-২০% ও ৩০-৪০% মহিলাদের ক্ষেত্রে) এই সংক্রমণ থাকে।

যৌন সংস্পর্শ থেকে ক্ল্যামাইডিয়া ছড়ায়। আক্রান্ত মায়ের কাছ থেকে প্রসবকালে নবজাত শিশুর মধ্যেও এই রোগ ছড়াতে পারে।

লক্ষণ

মহিলা

- ▶ শ্রাবঃ প্রচুর, জরায়ুমুখ থেকে শ্লেষ্মাসহ হলুদ পুঁজের মত শ্রাব।
- ▶ জরায়ুমুখ লাল, ক্ষতপূর্ণ এবং সহজেই রক্তক্ষরণ হয়।
- ▶ যৌনমিলনের পর ফোঁটা ফোঁটা রক্ত যায়।
- ▶ প্রস্রাবের সময় যন্ত্রণা ও ঘন ঘন প্রস্রাব।
- ▶ লক্ষণবিহীন হতে পারে।

জটিলতাঃ পি আই ডি (লক্ষণঃ তলপেটে ব্যথা, Pelvis-এ চাপ দিলে ব্যথা, যৌনমিলনকালে ব্যথা, জ্বর।)

পুরুষ

- ▶ প্রস্রাবে জ্বালা।
- ▶ নিঃসরণ (urethral discharge)।
- ▶ শতকরা ৩০ ভাগের বেশী লক্ষণবিহীন হতে পারে।

নবজাত শিশু

- ▶ নবজাতকের চোখে সংক্রমণ।
- ▶ Infant pneumonitis

মহিলাদের তলপেটে সংক্রমণ

মহিলাদের তলপেটে সংক্রমণ (Pelvic Inflammatory Disease) হলে তলপেটে ব্যথার সমস্যা নিয়ে ক্লিনিকে আসেন।

গনোরিয়া অথবা ক্ল্যামাইডিয়ার চিকিৎসা না করানোর ফলে সৃষ্ট জটিলতা থেকে সাধারণতঃ এই রোগ হয়। তবে এই রোগ গর্ভপাত, প্রসব, প্রসব-পরবর্তীকালে যৌনিপথ পরীক্ষা, যন্ত্রপাতি ব্যবহার এবং আই ইউ ডি স্থাপনের সঙ্গেও সম্পর্কিত হতে পারে। এ ক্ষেত্রে প্রথম এক মাসের মধ্যেই লক্ষণসমূহ দেখা দেয়। বাংলাদেশে লক্ষ লক্ষ মহিলা এই রোগে ভুগছেন এবং এই সংক্রমণ পরবর্তীকালে প্রজননতন্ত্রের অন্যান্য অংশেও ছড়িয়ে পড়ে।

লক্ষণ

- ▶ তলপেটে ব্যথা
- ▶ পরীক্ষায় জরায়ুর মুখ নড়াবার সময় ব্যথা অনুভব (Cervical motion tenderness)
- ▶ জ্বর
- ▶ জরায়ুমুখ অথবা যোনি থেকে পুঁজযুক্ত স্রাব
- ▶ প্রস্রাবের সময় যন্ত্রণা ও ঘন ঘন প্রস্রাব
- ▶ অনিয়মিত রক্তস্রাব

জটিলতা : বন্ধ্যাত্ব

যৌনাঙ্গে আলসারের কারণ ও লক্ষণঃ

ক) হার্পীজ জেনিটালিয়া

হার্পীজ সিমপ্লেক্স (Herpes simplex) ভাইরাস থেকে যৌনাঙ্গে হার্পীজ রোগ হয়।

লক্ষণ

মহিলা এবং পুরুষ

- ▶ আলসারেশনঃ অনেকগুলো ছোট, ফোসকার মত যন্ত্রণাদায়ক ক্ষত স্থান
- ▶ স্রাবঃ যোনিপথে পানির মত স্রাব হতে পারে
- ▶ চুলকানি
- ▶ যৌনমিলনকালে ব্যথা
- ▶ প্রস্রাবকালে ব্যথা ও জ্বালা

খ) সিফিলিস

ট্রেপোনেমা প্যালিডাম নামের এক ধরনের জীবাণু থেকে এই রোগ সৃষ্টি হয়। প্রাথমিক সিফিলিসের ক্ষেত্রে রোগসংক্রমণ এবং রোগলক্ষণ প্রকাশের মধ্যবর্তী কাল হচ্ছে ৩ সপ্তাহ (ব্যাপ্তি ১০-৯০ দিন)।

সিফিলিস দুই ধরনের হয়ে থাকেঃ সহজাত (গর্ভাবস্থায় মায়ের কাছ থেকে শিশুর শরীরে সংক্রমিত হয়) এবং যৌন সংস্পর্শের ফলে অর্জিত।

সিফিলিসের তিনটি পর্যায় বা স্তর রয়েছে। প্রাথমিক এবং সবচেয়ে ছোঁয়াচে স্তরে থাকে কয়েকটি যন্ত্রণাহীন ক্ষতস্থান যেগুলো প্রায়ই মহিলারা খেয়াল করেন না। চিকিৎসা না করা হলে এই রোগ সিস্টেমিক প্রদাহের দ্বিতীয় স্তরে উপনীত হয়, তারপর সম্ভ্রাসারিত সুপ্ত পর্যায় অতিক্রম করে এবং পরে তৃতীয় পর্যায়ে পৌঁছায়। গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে প্রাথমিক স্তরের সিফিলিস থেকে জরায়ুর অভ্যন্তরে জ্রণের বৃদ্ধি ব্যহত হতে পারে, অকাল প্রসব বা মৃত প্রসব হতে পারে এবং শিশুর জন্মগত সংক্রমণ থাকতে পারে।

লক্ষণ : প্রাথমিক পর্যায়

মহিলা ও পুরুষ

- ▶ যৌনাঙ্গের বহিরাংশে যন্ত্রণাবিহীন, শক্ত একটি ক্ষত
- ▶ ক্ষত সুস্পষ্ট, পরিষ্কার, লালচে, মসৃণ ও কোন পুঁজ থাকে না
- ▶ কুঁচকির উভয়দিকে যন্ত্রণাবিহীন রাবারের মত লসিকা গ্রন্থি
- ▶ তলপেট ভারী মনে হতে পারে

চিকিৎসা করা না হলে ১ থেকে ২ মাস পর সিফিলিস দ্বিতীয় পর্যায়ে উপনীত হতে পারে।

দ্বিতীয় পর্যায়

- ▶ সাধারণভাবে চামড়ার ফুসকুড়ি দেখা যায় - যা চুলকায় না। শরীরে, হাতের ভেতরের দিকে, পায়ের তলা ও হাতের তালুতে এমনকি সারা শরীরে ছড়িয়ে পড়তে পারে।
- ▶ লক্ষণবিহীন হতে পারে।
- ▶ সমস্ত শরীরে লসিকা গ্রন্থি বৃদ্ধিপ্রাপ্ত হতে পারে (general lymphadenopathy)
- ▶ Condyloma lata - vulva, মলদ্বার, অভ্যন্তরীণ, বগলে, স্তনের নীচে আঁচিলের মত ফুসকুড়ি দেখা দিতে পারে।

তৃতীয় পর্যায় :

চিকিৎসা করা না হলে সিফিলিস বেড়ে চলতে পারে, ২ থেকে ১৫ বছরে স্নায়ুতন্ত্র, হৃৎপিণ্ড ও মগজ আক্রান্ত হতে পারে।

গ) শ্যাংক্রয়েড

হেমোফাইলাস ডুকরে (Hemophilus ducreyi) নামক জীবাণু দ্বারা এই রোগ সংক্রমিত হয়। এ রোগের সুপ্তিকাল ৩-৫ দিন। তুলনামূলক এ রোগের প্রাদুর্ভাব বাংলাদেশে কম।

- ▶ যৌনাঙ্গে গভীর, যন্ত্রনাদায়ক, অপরিষ্কার, নরম এক বা একাধিক ক্ষত
- ▶ ক্ষত অমসৃণ ও সহজেই রক্তক্ষরণ হয়
- ▶ কোন নিঃসরণ বা চুলকানি থাকেনা
- ▶ কুঁচকির (groin) একদিকে বৃদ্ধিপ্রাপ্ত যন্ত্রনাদায়ক পুঁজযুক্ত লসিকা গ্রন্থি (bubo) থাকে
- ▶ প্রত্যাবে বা সহবাসে কোন সমস্যা থাকেনা

লিম্ফোগ্র্যানুলোমা ভেনেরাম

বাংলাদেশে এ রোগের প্রাদুর্ভাব কম। ক্ল্যামাইডিয়া ট্র্যাকোমেটিস (Chlamydia trachomatis) নামক জীবাণু দ্বারা এ রোগ সংক্রমিত হয়। এ রোগের সুপ্তিকাল ৩-১২ দিন। বাংলাদেশে এ রোগ নেই বললেই চলে। এ রোগের প্রাথমিক পর্যায়ে যদিও যৌনাঙ্গে ক্ষত দেখা যায় কিন্তু তা এতই ক্ষণস্থায়ী এবং অস্পষ্ট যে রোগী অনেক সময় বুঝতে পারেন না। অধিকাংশ রোগী দ্বিতীয় পর্যায়ে Inguinal bubo -এর সমস্যা নিয়ে আসেন। দশ দিন থেকে ৬ সপ্তাহের মধ্যে দ্বিতীয় পর্যায় শুরু হয়, তখন কোন ক্ষত থাকে না।

লক্ষণঃ Groin-এর একপাশে লসিকা গ্রন্থি

- ফুলে যায়
- ব্যথা থাকে (tender)
- পূঁজযুক্ত হয় (fluctuant) এবং
- কখনও কখনও ফেটে গিয়ে fistula তৈরী হয় এ রোগের সুস্পষ্ট চিহ্ন হচ্ছে -“Groove sign”। (বৃদ্ধিপ্রাপ্ত বা ফোলা inguinal এবং femoral লসিকা গ্রন্থির মাঝে inguinal ligament দ্বারা বিভক্ত থাকে)

Inguinal region এ বৃদ্ধিপ্রাপ্ত লসিকা গ্রন্থি ও যৌনরোগে ক্ষতযুক্ত বিভিন্ন রোগসমূহঃ

- লিম্ফোগ্রানুলোমা ভেনেরাম ও শ্যাংক্রয়েড : একপাশে (unilateral) বৃদ্ধিপ্রাপ্ত লসিকাগ্রন্থি, চাপ দিলে ব্যথা অনুভূত হয়, ভেতরে পূঁজ থাকে ও ফেটে যেতে পারে
- সিকিলিস : উভয় পাশে (bilateral) বৃদ্ধিপ্রাপ্ত লসিকাগ্রন্থি, ব্যথা থাকে না
- জেনিটাল হারপিস : উভয়পাশে বৃদ্ধিপ্রাপ্ত লসিকাগ্রন্থি, চাপ দিলে শক্ত ও ব্যথা অনুভূত হয় (প্রথমবার আক্রান্ত হলে)

Donovanosis (Granuloma Inguinale)

Calymmatobacterium Granulomatosis দ্বারা এই সংক্রমণ হয়। এ রোগের সুপ্তকাল সাধারণতঃ ১-৪ সপ্তাহ এমনকি ৬ মাস পর্যন্ত হতে পারে। বাংলাদেশে এ রোগ তেমন দেখা যায় না তবে ভারতবর্ষের বহু স্থানে এ রোগের প্রাদুর্ভাব রয়েছে।

উদ্দেশ্য-খ : সিনড্রোম অনুযায়ী ফ্লো-চার্ট ব্যবহার

স্থিতি : ১০ মিনিট

প্রক্রিয়া : - উল্লেখ করুন, ‘সিনড্রোম অনুযায়ী ব্যবস্থাপনা দেয়ার জন্য WHO (ওয়ার্ল্ড হেল্থ অর্গ্যানাইজেশন) প্রতিটি সিনড্রোমের ফ্লো-চার্ট প্রণয়ন করেছে। অবশ্য প্রতিটি দেশের নিজস্ব মূল্যবোধ ও চাহিদা অনুযায়ী ফ্লো-চার্টগুলো কিছুটা পরিবর্ধন ও অভিযোজন করা হয়েছে। এখানে আমরা প্রাথমিক সেবা কেন্দ্রের সুযোগ-সুবিধার কথা বিবেচনা করে তৈরী ফ্লো-চার্টগুলো আলোচনা করবো। ফ্লো-চার্টের প্রতিটি বক্সে ধাপে ধাপে রোগী ব্যবস্থাপনায় করণীয়সমূহ উল্লেখ করা হয়েছে। রোগীর একাধিক সিনড্রোম থাকলে মিশ্র চিকিৎসা/ব্যবস্থাপনা দেয়া প্রয়োজন। প্রতিটি ফ্লো-চার্টে মূলতঃ তিনটি পদক্ষেপ রয়েছেঃ

- ১। রোগীর সমস্যা
- ২। সিদ্ধান্ত গ্রহন
- ৩। করণীয় বা ব্যবস্থাপনা। পরবর্তীতে ফ্লো-চার্ট আলোচনার সময় এ বিষয়ে আরো পরিষ্কারভাবে বুঝতে পারবো।’

- রোগের কারণ, সিনড্রোম এবং ফ্লো-চার্ট লেখা চার্টটি ট্রান্সপারেঙ্গীতে প্রদর্শন করুন এবং আলোচনা করুন।
- সবশেষে ফ্লো-চার্টের সুবিধা ও রেফার করার নিয়ম বড় দলে আলোচনা করুন।

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণে সিনড্রোমিক ব্যবস্থাপনায় ফ্লো-চার্টের ব্যবহার		
রোগের কারণ	সিনড্রোম	ফ্লো-চার্ট
<ul style="list-style-type: none"> • ভ্যাজাইনাইটিস <ul style="list-style-type: none"> - ট্রাইকোমোনিয়াসিস - ক্যানডিডিয়াসিস • সার্তিসাইটিস <ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া 	যৌনিপথে নিঃসরণ (Vaginal Discharge)	যৌনিপথে নিঃসরণ (Vaginal Discharge)
<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া 	মূত্রনালীর নিঃসরণ (Urethral Discharge)	মূত্রনালীর নিঃসরণ (Urethral Discharge)
<ul style="list-style-type: none"> - সিস্টিটিস - শ্যাংক্রয়েড - যৌনস্বে হারপিস 	যৌনস্বে ক্ষত (Genital Ulcer)	যৌনস্বে ক্ষত (Genital Ulcer)
<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া - এনারোবিক ব্যাকটেরিয়া 	তলপেটে ব্যথা (Lower Abdominal Pain)	তলপেটে ব্যথা (Lower Abdominal Pain)
<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া 	অণ্ডকোষে ফোলা (Scrotal Swelling)	অণ্ডকোষে ফোলা (Scrotal Swelling)
<ul style="list-style-type: none"> - লিম্ফোগ্র্যানুলোমা ভেনেরাম - শ্যাংক্রয়েড 	Inguinal Bubo	Inguinal Bubo
<ul style="list-style-type: none"> - গনোরিয়া - ক্ল্যামাইডিয়া 	নবজাতকের চোখে সংক্রমণ (Neonatal Conjunctivitis)	নবজাতকের চোখে সংক্রমণ (Neonatal Conjunctivitis)

ফ্লো-চার্টের সুবিধা

- প্রশিক্ষণ প্রাপ্ত সেবা প্রদানকারীরা ফ্লো-চার্ট ব্যবহার করে সহজে ব্যবস্থাপনা দিতে পারেন
- দ্রুত চিকিৎসা প্রদান করা সম্ভব হয়
- প্রাথমিক সেবা কেন্দ্রে প্রথম ভিজিটেই চিকিৎসা দেয়া যায়
- জনগণ সহজে চিকিৎসা পান : প্রাথমিক সেবা কেন্দ্র থেকে সেবা পাওয়া যায় বলে অনেকে সেবা গ্রহণে উদ্বুদ্ধ হন ও সেবা গ্রহণ করেন
- রোগ প্রতিরোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ, যেমন - তথ্য, শিক্ষা প্রদান ও কনডম সরবরাহ করার সুযোগ পাওয়া যায়।

কখন রেফার করবেন

- যখন চিকিৎসায় কোন সুফল পাওয়া যাচ্ছে না
- ল্যাবরেটরী পরীক্ষা করে রোগ নির্ণয় প্রয়োজন অথবা রোগীর জটিল সিনড্রোম রয়েছে

রেফারেল কেন্দ্রে ল্যাবরেটরী পরীক্ষার সুবিধা ছাড়াও প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসক থাকবেন যিনি সাধারণ চিকিৎসা ছাড়াও জটিল রোগীর চিকিৎসা প্রদানে সক্ষম হবেন। এ ক্ষেত্রে বিশেষজ্ঞ, বড় এনজিও, ক্লিনিক, থানা/জেলা হাসপাতালে রেফার করা যেতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১৫ মিনিট

প্রক্রিয়া : - প্রশ্নোত্তরের মাধ্যমে পুরো সেশনের মূল শিক্ষণ পুনরালোচনা করুন।

নমুনা প্রশ্নঃ

- সিনড্রোম অর্থ কি?
- সিনড্রোমিক ব্যবস্থাপনার প্যাকেজে কি কি সেবা দেয়া হয় ?
- সিনড্রোমিক ব্যবস্থাপনার সুবিধা ও অসুবিধা কি কি?
- কি কি সিনড্রোম নিয়ে রোগীরা ক্লিনিকে বেশী আসেন?
- কোন সিনড্রোম কি কি রোগের কারণে হয়?
- ক্যানডিডিয়াসিস এর কারণ ও লক্ষণ বলুন।
- ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস এর কারণ ও লক্ষণ কি কি হতে পারে?
- ট্রাইকোমোনিয়াসিস এর কারণ ও লক্ষণ বলুন।
- গনোরিয়ার কারণ ও লক্ষণ বলুন।
- ক্ল্যামাইডিয়ার কারণ ও লক্ষণ বলুন।
- তলপেটে সংক্রমণের কারণ ও লক্ষণ বলুন।
- যৌনাঙ্গে আলসারের কারণ কি কি?
- স্টিফিলিসের কারণ ও লক্ষণ বলুন।
- শ্যাংক্রয়েড এর কারণ ও লক্ষণ বলুন। কোন ফ্লো-চার্ট অনুসরণ করে ব্যবস্থাপনা দেবেন?
- লিম্ফোগ্র্যানুলোমা ভেনেরাম এর কারণ ও লক্ষণ উল্লেখ করুন। রোগী ব্যবস্থাপনায় কোন ফ্লো-চার্ট ব্যবহার করবেন?
- রোগীকে কখন রেফার করবেন ?

Urethral Discharge (মূত্রনালীর নিঃসরণ)

- পাঠ : ৬
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. Urethral Discharge (মূত্রনালীর নিঃসরণ) এর কারণ, লক্ষণ, অন্যান্য আনুষঙ্গিক সমস্যা ও জটিলতা উল্লেখ করতে পারবেন; এবং
খ. ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	পোস্টার পেপার/ ট্রান্সপারেঙ্গী
ক	মূত্রনালীর নিঃসরণের কারণ, লক্ষণ, অন্যান্য আনুষঙ্গিক সমস্যা ও জটিলতা	২০ মি.	বড় দলে আলোচনা	বোর্ড, মার্কার
খ	ফ্লো-চার্ট এর সাহায্যে ব্যবস্থাপনা	১৫ মি.	দৃশ্যমান উপস্থাপনা (visualized presentation)	ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	২০ মি.	ঘটনা বিশ্লেষণ	ঘটনা লেখা কাগজ

- পূর্বপ্রস্তুতি : - সেশনের উদ্দেশ্য পোস্টার পেপারে বা ট্রান্সপারেঙ্গীতে লিখে নিন।
- Urethral discharge ব্যবস্থাপনার ফ্লো-চার্ট এবং চিকিৎসা ট্রান্সপারেঙ্গীতে লিখে নিন।
- ঘটনা লেখা কাগজ অংশগ্রহণকারীদের জন্য কপি করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

: ৫ মিনিট

প্রক্রিয়া

- : - শুভেচ্ছা জানিয়ে বলুন যে, 'পুরুষ যৌন রোগীদের মধ্যে মূত্রনালীর নিঃসরণ urethral discharge সবচেয়ে পরিচিত সমস্যা এবং নির্দিষ্ট ফ্লো-চার্ট অনুসরণ করে আমরা সহজেই এ সমস্যার ব্যবস্থাপনা দিতে পারি।'
- পোস্টার পেপার/ট্রান্সপারেন্সীর সাহায্যে সেশনের উদ্দেশ্য আলোচনা করুন।

উদ্দেশ্য-ক

: মূত্রনালীর নিঃসরণের কারণ, লক্ষণ ও জটিলতা

স্থিতি

: ২০ মিনিট

প্রক্রিয়া

- : - পাঠ নং ৫ এর রেফারেন্স দিয়ে প্রশ্ন করুন, 'কি কি অসুখে মূত্রনালীর নিঃসরণ বা urethral discharge হয়?' অংশগ্রহণকারীদের উত্তর বোর্ডে লিখুন। উত্তর অসম্পূর্ণ হলে বোর্ডে লিখে আলোচনা করুন।
- ডিসচার্জের প্রকৃতি/বৈশিষ্ট্য, অন্যান্য আনুষঙ্গিক লক্ষণ ও জটিলতা সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা প্রশ্ন করে জেনে নিন। বিষয়টি বড় দলে আলোচনা করুন ও প্রয়োজনীয় সহায়তা দিন।

মূত্রনালীর নিঃসরণের কারণ, লক্ষণ ও জটিলতা


কারণঃ

- নাইসেরিয়া গনোরিয়া
- ক্ল্যামাইডিয়া ট্র্যাকোমাইটিস
- Ureaplasma Urealytica
- ট্রাইকোমোনাস ভ্যাজাইনালিস
- ক্যানডিডা এলবিকানস

[* শতকরা ৯৮ভাগের বেশী urethral discharge নাইসেরিয়া গনোরিয়া অথবা ক্ল্যামাইডিয়া ট্র্যাকোমাইটিস সংক্রমণের ফলে হয় এবং অনেক ক্ষেত্রেই এই দুই ধরনের মিশ্র সংক্রমণ থাকে]

লক্ষণঃ

হলুদ ও পুঁজের মতো নিঃসরণ (milk urethra করে নিশ্চিত হওয়া যায়)
কখনো কখনো পরিষ্কার সাদা অথবা হলদে সবুজ হতে পারে।



আনুষঙ্গিক সমস্যাঃ প্রসাবে জ্বালাপোড়া,
ঘন ঘন প্রসাব অথবা
মূত্রনালীর মুখে চুলকানি।
মূত্রনালীর নিঃসরণের পাশাপাশি অভুকোষে একপাশে ব্যথা ও ফোলা থাকতে পারে।
এক্ষেত্রে স্ফীত অভুকোষের (Scrotal swelling) ফ্লো-চার্ট ব্যবহার করুন।

গনোরিয়া ও ক্ল্যামাইডিয়াস সংক্রমণে একই ধরনের লক্ষণ দেখা দেয় যদিও গনোরিয়া সংক্রমণে পুরুষদের ক্ষেত্রে প্রাথমিক উপসর্গের কিছু বৈশিষ্ট্য রয়েছে। যেমনঃ

- তীব্র আকারে শুরু হয়, এ ছাড়া
- প্রসাবে খুব জ্বালাপোড়া ও
- নিঃসরণ বেশী হলেদেটে হয়।

ক্ল্যামাইডিয়াস সংক্রমণে অনেক সময় কোন লক্ষণ থাকে না।

গনোরিয়াস সুপ্তকাল ২-৫ দিন এবং ক্ল্যামাইডিয়াস সুপ্তকাল ২-৩ সপ্তাহ। তাই মিশ্র সংক্রমণের ফলে মূত্রনালীর নিঃসরণ হয়ে থাকলে এবং শুধু গনোরিয়াস চিকিৎসা দিলে ক্ল্যামাইডিয়াস সংক্রমণ জনিত লক্ষণ আবার ১-২ সপ্তাহ পরে দেখা দেয় (Post-gonococcal urethritis)

মূত্রনালীর সংক্রমণের জটিলতাঃ

মূত্রনালীর সংক্রমণের যথাযথ চিকিৎসা না হলে নিম্নলিখিত জটিলতা হতে পারে-

- বন্ধ্যাত্ব
- urethra বা মূত্রনালী সরু হয়ে বন্ধ হয়ে যাবার ফলে কিডনী নষ্ট হয়ে যেতে পারে।
(urethral stricture→ urinary tract obstruction→kidney damage)
- নিজস্ব জটিলতা ছাড়াও রোগীর পরিবারে (স্ত্রী ও সন্তান) সংক্রমিত হতে পারে।
- স্ত্রীর তলপেটে সংক্রমণ (PID)/জরায়ুর বাইরে গর্ভধারণ (Ectopic pregnancy) হতে পারে বা বন্ধ্যা হয়ে যেতে পারেন।
- নবজাতকের চোখে সংক্রমণ হতে পারে।
- চিকিৎসা না করলে HIV সংক্রমণের ঝুঁকি বেশী থাকে।

পরামর্শ :

Urethral discharge নিয়ে এলে সিনড্রোমিক ব্যবস্থাপনায় গনোরিয়া এবং ক্ল্যামাইডিয়ার চিকিৎসা একসাথে দিতে হয়।

উদ্দেশ্য-খ : ফ্লো-চার্টের সাহায্যে ব্যবস্থাপনা

স্থিতি : ১৫ মিনিট

- প্রক্রিয়া : - ট্রান্সপারেন্সীর সাহায্যে urethral discharge এর ব্যবস্থাপনা ধাপে ধাপে ব্যাখ্যা করুন।
- ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষার ধাপ আলোচনার সময় নির্ধারিত প্রশ্ন ও শারীরিক পরীক্ষার (পাঠ নং ৩ এ আলোচিত হয়েছে) ধাপগুলো অংশগ্রহণকারীদের প্রশ্ন করে পর্যালোচনা করুন।
 - আলোচনার ফাঁকে ফাঁকে প্রতিবর্তী নিন।
 - urethral discharge এর সমস্যা নিয়ে এলে অংশগ্রহণকারীরা বর্তমানে কি ওষুধ দেন প্রশ্ন করে জেনে নিন এবং ট্রান্সপারেন্সী দেখিয়ে WHO অনুমোদিত ওষুধের নাম ডোজসহ ব্যাখ্যা করুন। উল্লেখ করুন, urethral discharge নিয়ে এলে সিনড্রোমিক ব্যবস্থাপনা অনুযায়ী গনোরিয়া ও ক্ল্যামাইডিয়ার চিকিৎসা একত্রে দিতে হবে। নির্ধারিত প্রাথমিক ওষুধ Ciprofloxacin ও Doxycycline দিয়ে চিকিৎসা শুরু করতে হবে। শুধুমাত্র গর্ভবতী ও স্তন্যদানকারী মহিলার ক্ষেত্রে বিকল্প ওষুধ দিতে হবে। ফলোআপের সময় যদি দেখা যায় Antibiotics ও 4Cs সঠিকভাবে অনুসরণ করা সত্ত্বেও সংক্রমণ ভালো হয়নি তাহলে উচ্চতর/যথাযথ পর্যায়ে রেফার করতে হবে।

Urethral Discharge (মূত্রনালীর নিঃসরণ)

রোগী Urethral discharge এর সমস্যা নিয়ে এসেছেন

- ইতিহাস নিন
- শারীরিক পরীক্ষা ও প্রয়োজনে milk urethra করুন

- Urethral discharge এর সিনড্রোমিক চিকিৎসা দিন
- '4Cs' অনুসরণ করুন

১ সপ্তাহ পর ফলোআপ করুন

লক্ষণ রয়ে গেছেঃ

- ওষুধ ঠিকমত খাননি?
- পুনরায় সংক্রমণ হয়েছে?

হ্যাঁ

- পুনরায় চিকিৎসা দিন
- '4Cs' অনুসরণ করুন

না

রেফার করুন

ইতিহাস গ্রহণঃ

- Urethral discharge এর প্রকৃতি ও ইতিহাস
- প্রস্রাবের সময় ব্যথা অথবা জ্বালাপোড়া

শারীরিক পরীক্ষাঃ

- যৌনাঙ্গ পরীক্ষাঃ (Glans penis এর উপরিভাগ ও চারপাশসহ)
 - Urethral discharge (প্রয়োজনে milk urethra করণ)
- প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের অন্যান্য লক্ষণ/চিহ্ন আছে কিনা দেখুন

Urethral discharge এর সিনড্রোমিক চিকিৎসা

1. Tab Ciprofloxacin:* 500 mg মুখে একমাত্রা
অথবা
Inj. Ceftriaxone: 250 mg মাংসপেশীতে একমাত্রা
এবং
2. Cap Doxycycline:* 100 mg মুখে ১২ ঘন্টা অন্তর x ৭ দিন
অথবা
Cap Tetracycline:* 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ৭ দিন
অথবা
Tab Erythromycin: 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ৭ দিন

* গর্ভাবস্থায় ও স্তনদানকালে (সংগীর ক্ষেত্রে) দেয়া যাবে না

- সম্ভব হলে ক্লিনিকে একমাত্রার ওষুধ খাইয়ে দিন
- সংগীর Cervicitis চিকিৎসার জন্য 'UD' চিহ্নিত কার্ড দিন
- ফলোআপের সময় রোগের লক্ষণ রয়ে গেলে তা ওষুধের অকার্যকারিতা, পুনরায় সংক্রমণ বা ওষুধ ঠিকমত না খাবার কারণে হতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ২০ মিনিট

প্রক্রিয়া : - ঘটনা লেখা কাগজগুলো প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন এবং পড়ে কাগজে উত্তর লিখতে বলুন। ১৫ মিনিট সময় নির্ধারণ করুন।

- প্রতিটি ঘটনার উত্তর আলোচনা করুন। কারো উত্তর সঠিক না হলে ব্যাখ্যা করে বুঝিয়ে বলুন।

- অংশ গ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

ঘটনা বিশ্লেষণ

ঘটনা-১ঃ

আবদুর রহিম একজন ট্রাক ড্রাইভার। বয়স ৪০, গত ২ দিন ধরে তার প্রস্রাবে জ্বালাপোড়া, তাই চিকিৎসা নিতে ক্লিনিকে এসেছে। গতকাল সকালে মূত্রনালীতে হলদে discharge দেখতে পায় এবং সাথে সাথে কিছু ওষুধ কিনে খেয়ে নেয়। তখন কিছুটা সুস্থবোধ করলেও এখন সমস্যা বেড়েছে। প্রস্রাবে সাংঘাতিক কষ্ট হচ্ছে।

- ক) আপনার Diagnosis কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা-২ঃ

রবিনের বয়স ৩৩ বছর, মূত্রনালীর discharge (পাতলা, পরিমাণে কম) ও প্রস্রাবের যন্ত্রণা নিয়ে ক্লিনিকে এসেছেন। ১০ দিন আগে ব্যাংকক থেকে ফিরেছেন। সমস্যা নিয়ে তিনি কিছুটা বিব্রত। রবিন তাঁর স্ত্রী সংক্রমিত হওয়ার আশংকায় বেশ উদ্ভিগ্ন। এছাড়া স্ত্রীর কাছে সমস্যাটি গোপন রাখতেও ইচ্ছুক। এর আগে কোন চিকিৎসা নেননি।

- ক) আপনার Diagnosis কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ব্যবস্থাপনা দেবার ৭ দিন পর ফলো-আপে এলে দেখা গেল তখনও যন্ত্রণা এবং discharge রয়েছে

- গ) কী কারণে হতে পারে?
- ঘ) আপনার করণীয় কি?

ঘটনা-৩ঃ

রোববার সকালে পুলিশে চাকুরীরত সায়েম উদ্ভিগ্ন চেহারা নিয়ে ক্লিনিকে এসেছেন। পরশুদিন তিনি বাইরে থেকে ফিরেছেন। বন্ধুদের সাথে বিয়ার খেয়ে মজা করার পর সবাই মিলে ফুর্তি করেছে, যৌন কর্মীর কাছেও গিয়েছে। সায়েম এইড্‌স রোগের নাম শুনেছেন, তাই এ নিয়ে উদ্ভিগ্ন আছেন। তাঁর কোন রকম সমস্যা নেই। এর আগে কোন ওষুধ খাননি। পরীক্ষায় আপনি কোন সমস্যা পেলেন না।

- ক) আপনার Diagnosis কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা-৪ঃ

শাহেদ বনেদী, ধনী ঘরের ছেলে। ছাত্র, বয়স ২৩ বছর। গত এক সপ্তাহ থেকে পুঁজযুক্ত urethral discharge হচ্ছে, প্রস্রাবে জ্বালা-পোড়া আছে। শাহেদ ডাক্তারের কাছে যেতে লজ্জা পাচ্ছিল। অবশেষে সমস্যাটি তার বন্ধুকে জানাল। বন্ধুটিও এ সমস্যায় আগে পড়েছিল। বন্ধুর পরামর্শে সে ৫০০ মি.গ্রা. Ciprofloxacin খাবার পর চমৎকার ফল পেয়েছিল। গত ৩ দিন যাবত আগের সমস্যা শুরু হওয়ায় শেষ পর্যন্ত আপনার কাছে এসেছে।

- ক) আপনার Diagnosis কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা বিশ্লেষণের উত্তর

ঘটনা-১ঃ

- ক) Urethral discharge Syndrome
খ) Urethral discharge এর ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দেবঃ
- Cap. Ciprofloxacin ৫০০ মি.গ্রা. এক মাত্রা (মুখে)
 - Cap. Doxycycline ১ ক্যাপ. X ২বার X ৭ দিন
 - কাউসেলিং করবো ('4Cs' অনুসরণ করবো)
 - ভবিষ্যতে নিজের ইচ্ছেমত ওষুধ না খাবার পরামর্শ দেব।

ঘটনা-২ঃ

- ক) Urethral discharge Syndrome
খ) Urethral discharge এর ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দেব
- Cap. Ciprofloxacin ৫০০ মি.গ্রা. এক মাত্রা
 - Cap. Doxycycline ১ ক্যাপ. X ২বার X ৭ দিন
- গ) পুনরায় সংক্রমণের সম্ভাব্য কারণঃ
- ঠিকমত ওষুধ খাননি
 - স্ত্রীর কাছ থেকে সংক্রমিত হতে পারেন
- ঘ) পুনরায় সংক্রমণের কারণ খুঁজে বের করার চেষ্টা করে প্রয়োজনীয় পরামর্শ দেব। রোগী পরামর্শ বুঝতে পেরেছেন কিনা তা নিশ্চিত হতে হবে। স্ত্রীর কাছ থেকে পুনঃ সংক্রমণ প্রসঙ্গে স্ত্রীর চিকিৎসা সম্পূর্ণ করার গুরুত্ব ও সম্ভাব্য জটিলতা সম্পর্কে সাবধান করতে হবে।

ঘটনা-৩ঃ

- ক) বর্তমানে সংক্রমণের কোন লক্ষণ বা চিহ্ন নাই। এটা সংক্রমণের সুপ্তকালও হতে পারে।
খ) ব্যবস্থাপনাঃ রোগীকে STI/HIV/AIDS সম্পর্কে শিক্ষা দিতে হবে। রোগী চাইলে HIV Testing এর জন্য পাঠানো যেতে পারে। রোগী অথবা তার বন্ধুদের সমস্যা হলে আসার জন্য পরামর্শ দেব।

ঘটনা-৪ঃ

- ক) শাহেদ শুধুমাত্র Ciprofloxacin খেয়েছে। অর্থাৎ গনোরিয়ার চিকিৎসা পেয়েছে। এখনকার সমস্যা পুনরায় সংক্রমণের কারণে হতে পারে অথবা ক্ল্যামাইডিয়া সংক্রমণের কারণেও সমস্যা দেখা দিতে পারে।
খ) ব্যবস্থাপনাঃ Urethral Discharge ফ্লো-চার্ট অনুসরণ করে ব্যবস্থাপনা দেব। পুনরায় সংক্রমণের কারণ না থাকলে শুধুমাত্র Doxycycline ১০০ মি.গ্রা. X ২বার ৭দিন দেব। পুনরায় সংক্রমণের সম্ভাবনা থাকলে Ciprofloxacin ও Doxycycline দুটো ওষুধই দেব। কাউসেলিং করবো ও '4Cs' পুনরায় অনুসরণ করবো।

Vaginal Discharge (যোনিপথে স্রাব)

পাঠ : ৭
স্থিতি : ১ ঘন্টা ৩০ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. যোনিপথে অস্বাভাবিক স্রাবের কারণ উল্লেখ করতে পারবেন;
খ. ইতিহাস নিয়ে ও প্রয়োজনীয় পরীক্ষা করে স্রাবের ধরণ নির্ণয় করতে পারবেন; এবং
গ. সিনড্রোম অনুযায়ী ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
ক	অস্বাভাবিক স্রাবের কারণ	২০ মি.	ধারণা প্রকাশ	ট্রান্সপারেন্সী, বোর্ড, মার্কার
খ	স্রাবের ধরণ নির্ণয়	১০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী, বোর্ড, মার্কার
গ	ফ্লো-চার্টের সাহায্যে ব্যবস্থাপনা	৩০ মি.	দৃশ্যমান উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	২৫ মি.	ঘটনা বিশ্লেষণ	ঘটনা লেখা কাগজ

- পূর্বপ্রস্তুতি : - নিম্নলিখিত বিষয়ে ট্রান্সপারেন্সী তৈরী করুন -
- সেশনের উদ্দেশ্য
 - অস্বাভাবিক স্রাবের বৈশিষ্ট্য ও কারণ
 - স্রাবের ধরণ নির্ণয়
 - যোনিপথে স্রাবের ফ্লো-চার্ট (ক ও খ)
 - চিকিৎসা
- ঘটনা লেখা কাগজ প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

: ৫ মিনিট

প্রক্রিয়া

- : - শুভেচ্ছা জানিয়ে বলুন, "vaginal discharge বা যোনিপথে স্রাব মহিলাদের অত্যন্ত পরিচিত একটি সমস্যা। 'সাদা স্রাব', 'ধাতু ভাঙ্গা' ইত্যাদি সমস্যা নিয়ে মহিলারা প্রায়ই ক্লিনিকে আসেন। কিন্তু আমরা জানি, স্বাভাবিক বা সুস্থ অবস্থায়ও স্রাব যেতে পারে।"
- ট্রান্সপারেন্সী দেখিয়ে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক

: অস্বাভাবিক স্রাবের কারণ

স্থিতি

: ২০ মিনিট

প্রক্রিয়া

- : - উল্লেখ করুন, 'অস্বাভাবিক স্রাব নিয়ে আলোচনা করার আগে আসুন স্বাভাবিক স্রাব সম্পর্কে আলোচনা করি।' 'স্বাভাবিক স্রাব কখন কখন হতে পারে?' - প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন। প্রয়োজনে সহায়তা দিন।
- এরপর অংশগ্রহণকারীদের অস্বাভাবিক স্রাবের লক্ষণ/বৈশিষ্ট্য ও কারণ জিজ্ঞেস করুন। উত্তরগুলো বোর্ডে লিখুন। ট্রান্সপারেন্সী দেখিয়ে বোর্ডের লেখার সাথে মিলিয়ে নিন।
- আলোচনার সময় অংশগ্রহণকারীদের ধারণার অসঙ্গতি বা ঘাটতির প্রতি দৃষ্টি আকর্ষণ করে বিশেষ জোর দিন। সিনড্রোমের লক্ষণ, চিহ্ন ও জটিলতা বড় দলে আলোচনা করুন।
- যোনিপথে স্রাব আলোচনার সময় উল্লেখ করুন যে, 'সব স্রাবই যৌন সংক্রমণের কারণে হয়না। যেমন, ক্যানডিডিয়াসিস ও ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস যৌনবাহিত নয়।' এছাড়াও স্রাব নিয়ে আসা রোগীদের ক্ষেত্রে সার্ভিসাইটিসের ঝুঁকি নিরূপণ ও প্রয়োজনীয় পদক্ষেপ আলোচনা করুন।

Vaginal Discharge বা যোনিপথে স্রাব

স্বাভাবিক স্রাবঃ

- মাসিকের সময়, আগে ও পরে
- ওভুলেশনের সময়
- সহবাসের সময়, আগে ও পরে
- গর্ভবতী অবস্থায় ও বুকের দুধ খাওয়ানোর সময়
- গর্ভনিরোধক খাবার বড়ি বা আই.ইউ.ডি. ব্যবহার করলে

অধিকাংশ মহিলারাই স্বাভাবিক বা সাধারণ স্রাব চিহ্নিত করতে পারেন।

কি কি কারণে অস্বাভাবিক স্রাব হতে পারে?

অস্বাভাবিক স্রাবের কারণ

- যোনিপথে স্রাব (Vaginitis)
 - ট্রাইকোমোনিয়াসিস
 - ক্যানডিডিয়াসিস
 - ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস
- জরায়ুমুখ থেকে স্রাব (Cervicitis)
 - গনোরিয়া
 - ক্ল্যামাইডিয়া

তবে সার্তিসাইটিস ছাড়াও জরায়ু মুখে ঘা যেমন, জেনিটাল হার্পিস, শ্যাংক্রয়েড ইত্যাদির কারণে জরায়ুমুখ থেকে স্রাব হতে পারে।
- জরায়ু থেকে স্রাব
 - তলপেটে সংক্রমণ (PID)
 - এন্ডোমেট্রাইটিস

দেখা গেছে, অস্বাভাবিক স্রাবের মূল কারণ হচ্ছে ভ্যাজাইনাইটিস ও সার্তিসাইটিস (Vaginitis ও Cervicitis)। যদিও ভ্যাজাইনাইটিস এর প্রকোপ তুলনামূলকভাবে বেশী, কিন্তু সার্তিসাইটিস বেশী মারাত্মক।

যোনিপথে স্রাবের সিনড্রোমের লক্ষণ ও চিহ্ন

সিনড্রোমের লক্ষণ ও চিহ্ন

- যোনি পথে স্রাব
- সংগে জ্বালাপোড়া ও চুলকানি থাকতে পারে
- স্পেকুলাম পরীক্ষার সুবিধা থাকলে, স্রাবের উৎস ও ধরণ নির্ণয় করা সম্ভব। যদি স্রাবের উৎস জরায়ুমুখ হয়, জরায়ুমুখ থেকে সহজে এমনকি Swab লাগানোর পর রক্তক্ষরণ হয়, অথবা ঝুঁকি নিরূপণে রোগী ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত হয় তাহলে Cervicitis এর চিকিৎসা দিতে হবে (ঝুঁকি নিরূপণ পাঠ নং ৩ এ আলোচনা করা হয়েছে)। কারণ শুধুমাত্র ক্লিনিক্যাল পরীক্ষা করে ভ্যাজাইনাইটিস ও সার্তিসাইটিস এর মধ্যে পার্থক্য নির্ণয় করা যায় না। অনেক সময় সার্তিসাইটিসে আক্রান্ত রোগীর কোন লক্ষণ থাকে না। সেজন্য কোন রোগী স্রাবের সমস্যা নিয়ে এলে ভ্যাজাইনাইটিস এর পাশাপাশি সার্তিসাইটিস এর সম্ভাবনাকে বাদ দেয়া যায় না।

- স্রাবের উৎস জরায়ু বা জরায়ুমুখ থেকে না হলে এবং রোগী ঝুঁকিপূর্ণ না হলে স্রাবের ধরণ নির্ণয় করে ক্যানডিয়াসিস অথবা ট্রাইকোমোনিয়াসিস অথবা ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস এর চিকিৎসা দিতে হবে। প্রয়োজনে মিশ্র সংক্রমণের চিকিৎসা দিতে হবে।
- তলপেটে ব্যথা থাকলে, তলপেটে ব্যথার ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দিতে হবে।
- Cervicitis থাকলে গনোরিয়া ও ক্ল্যামাইডিয়া সংক্রমণ এর চিকিৎসা একসাথে দিতে হবে। কারণ, মিশ্র সংক্রমণ ছাড়াও ল্যাবরেটরী পরীক্ষা ছাড়া গনোরিয়া ও ক্ল্যামাইডিয়ার মধ্যে পার্থক্য নিরূপণ করা যায় না।

জটিলতা

- যোনিপথে স্রাব জনিত সমস্যা থাকলে HIV ভাইরাস সংক্রমণের ঝুঁকি বেশী থাকে। এছাড়া গনোরিয়া ও ক্ল্যামাইডিয়ার (Cervicitis) চিকিৎসা না করলে তলপেটে সংক্রমণ হতে পারে (১০-২০%)।
- তলপেটে সংক্রমণ বা PID চিকিৎসা না করলে শতকরা ৫৫-৮৫ ভাগ ক্ষেত্রে বন্ধ্যাত্ব, শতকরা ৭-১০ ভাগ ক্ষেত্রে জরায়ুর বাইরে গর্ভধারণ (ectopic pregnancy) এবং নবজাতকের চোখের সংক্রমণ হতে পারে।

পরামর্শ

রোগী যোনিপথে স্রাবের সমস্যা নিয়ে ক্লিনিকে আসার পর ঝুঁকি নিরূপণে রোগী ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত হলে Cervicitis (গনোরিয়া, ক্ল্যামাইডিয়া) এর চিকিৎসা দিতে হবে।

উদ্দেশ্য-খ	:	স্রাবের ধরণ নির্ণয়
স্থিতি	:	১০ মিনিট
প্রক্রিয়া	:	<ul style="list-style-type: none"> - উল্লেখ করুন যে, স্রাবের ধরণ বা বৈশিষ্ট্য নির্ণয় করা জরুরী কারণ ধরণ অনুযায়ী আমাদের ব্যবস্থাপনা দিতে হয়। কোন সংক্রমণে কি ধরণের স্রাব হয় আগে (পাঠ নং ৫) আমরা আলোচনা করেছি। - বিষয়টি একজন অংশগ্রহণকারীকে পুনরালোচনা করতে বলুন। প্রয়োজনে অন্যান্যরা সহায়তা দিতে পারেন। আলোচনার সময় মূল বক্তব্য বোর্ডে লিখুন। প্রয়োজনে ট্রান্সপারেন্সী দেখান।

যোনিপথের সংক্রমণে (vaginitis) বিভিন্ন ধরনের স্রাব

- ট্রাইকোমোনিয়াসিস : প্রচুর, জলীয়, ফেনা ফেনা, হলদে বা সবুজ দুর্গন্ধযুক্ত স্রাব
- ক্যানডিডিয়াসিস : সাদা, দইয়ের মতো থকথকে স্রাব
- ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস : 'মাছের' দুর্গন্ধসহ ধূসর সাদা পাতলা স্রাব
- জরায়ু মুখে সংক্রমণের (cervicitis) স্রাব : হলুদ ও পুঁজের মত প্রচুর

উদ্দেশ্য-গ : সিনড্রোম অনুযায়ী ব্যবস্থাপনা

স্থিতি : ৩০ মিনিট

প্রক্রিয়া : - উল্লেখ করুন যে, যোনিপথে স্রাবের সাথে যদি কোন রোগীর তলপেটে ব্যথা থাকে তবে আমরা 'তলপেটে ব্যথার' ফ্লো-চার্ট অনুসরণ করবো।


- অংশগ্রহণকারীদের কর্মক্ষেত্রে জীবাণুমুক্ত স্পেকুলাম ও গ্লাভস ব্যবহারের সুযোগ আছে কিনা জেনে নিন। অংশগ্রহণকারীদের সুযোগ (physical facility) অনুযায়ী 'স্পেকুলাম সহ' বা 'স্পেকুলাম ছাড়া' ফ্লো-চার্টটি ধাপে ধাপে ব্যাখ্যা করুন। প্রয়োজনে দু'ধরনের ফ্লো-চার্ট ব্যাখ্যা করা যেতে পারে। ট্রান্সপারেন্সী দেখিয়ে আলোচনার মাঝে মাঝে ফিডব্যাক/প্রতিবর্তা নিন।

- ফ্লো-চার্ট আলোচনাকালে কাউন্সেলিং- '4Cs' এর গুরুত্ব বুঝিয়ে বলুন।

- অংশগ্রহণকারীরা স্রাবের সমস্যায় বর্তমানে কি কি ওষুধ ব্যবহার করেন তা জেনে নিন এবং ট্রান্সপারেন্সী দেখিয়ে স্রাবের চিকিৎসা আলোচনা করুন।

Vaginal Discharge (যোনিপথে শ্রাব)

[স্পেকুলাম-পরীক্ষার সুবিধা নাই]



* সঙ্গীর চিকিৎসার প্রয়োজন নাই।

যোনিপথে শ্রাবের ব্যবস্থাপনা

ইতিহাস গ্রহণঃ

- শ্রাবের বর্ণ ও ধরণ (স্বাভাবিক অথবা অস্বাভাবিক)
- গর্ভ সম্পর্কিত ইতিহাস
- বর্তমানে পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার

ঝুঁকি নিরূপণ করুনঃ

নীচের প্রশ্নের মধ্যে যে কোন একটির উত্তর 'হ্যাঁ' হলে মহিলা ঝুঁকিপূর্ণঃ

- সঙ্গীর কোন সমস্যা আছে? সম্প্রতি যৌনবাহিত রোগের জন্য চিকিৎসা করা হয়েছে?
- রোগী কি যৌনকর্মী?
- রোগীর কি একাধিক যৌনসঙ্গী আছে অথবা গত ৩ মাসে নতুন কোন সঙ্গীর সাথে যৌন সম্পর্ক হয়েছে?

নীচের প্রশ্নসমূহের মধ্যে দুই বা দুইয়ের বেশীর উত্তর 'হ্যাঁ' হলে রোগী ঝুঁকিপূর্ণ।

- আপনার স্বামী/সঙ্গী কি দূরপাল্লার ড্রাইভার/পুলিশ/মিলিটারী অথবা পেশাগত কারণে বাইরে থাকেন?
- গত দুই সপ্তাহে আপনার স্বামী/সঙ্গী রাতে বাড়ির বাইরে ছিলেন ?
- আপনার স্বামী/সঙ্গীর গত দু'মাসে অন্য কারো সাথে যৌন সম্পর্ক হয়েছে বলে মনে করেন?
- রোগী নিজেই ঝুঁকিপূর্ণ পেশায় আছেন? যেমন গার্মেন্টস কর্মী বা মিলে/ফ্যাঙ্টরীতে কাজ করেন ?

শারীরিক পরীক্ষাঃ

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের অন্যান্য লক্ষণ/চিহ্ন পরীক্ষা করুন

যোনিপথে শ্রাবের চিকিৎসা

[স্পেকুলাম পরীক্ষা ছাড়া]

Cervicitis

1. **Tab Ciprofloxacin*** 500 mg মুখে একমাত্রা
অথবা
Inj. Ceftriaxone 250 mg মাংসপেশীতে একমাত্রা
এবং
2. **Cap Doxycycline*** 100 mg মুখে ১২ ঘন্টা অন্তর
x ৭ দিন অথবা
Cap Tetracycline * 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর
x ৭ দিন অথবা
Tab Erythromycin 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর
x ৭ দিন

Vaginitis

1. **Tab Metronidazole** 2 gm মুখে একবার
অথবা
400 mg মুখে ২ বার x ৭ দিন
(গর্ভের প্রথম ৩ মাসে দেয়া যাবে না)
এবং
2. **Tab Clotrimazole or Miconazole**
150 mg যোনিপথে x ৩ দিন
অথবা
Cap Fluconazole* বা 150 mg মুখে একমাত্রা

* গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে দেয়া যাবে না

➤ সম্ভব হলে একমাত্রার ওষুধ ক্লিনিকে খাইয়ে দিন

➤ সঙ্গীর urethritis চিকিৎসার জন্য 'VD' চিহ্নিত কার্ড দিন

➤ ফলোআপের সময় রোগের লক্ষণ রয়ে গেলে তা ওষুধের অকার্যকারিতা (resistance), পুনরায় সংক্রমণ বা ওষুধ ঠিকতম না খাবার কারণে হতে পারে।

Vaginal Discharge (যোনিপথে শ্রাব)

[স্পেকুলাম পরীক্ষার সুবিধা আছে]

রোগী যোনিপথে শ্রাবের সমস্যা নিয়ে এসেছেন
(তলপেটে ব্যথা নাই)

- রোগীর ঝুঁকি নিরূপণ করুন
- স্পেকুলাম পরীক্ষা করুন

রোগী ঝুঁকিপূর্ণ

- Cervicitis এর চিকিৎসা দিন
- '4Cs' অনুসরণ করুন

পূর্জযুক্ত জরায়ু মুখে শ্রাব অথবা
সহজেই রক্তক্ষরণ হয়

- ট্রাইকোমোনাসিস ও ব্যাকটেরিয়াল
ভ্যাজাইনোসিস এর চিকিৎসা দিন
- '4Cs' অনুসরণ করুন *

প্রচুর, জলীয় ফেনা ফেনা
দুর্গন্ধযুক্ত শ্রাব

সাদা দই এর মতো শ্রাব

- ক্যান্ডিডিয়াসিস এর চিকিৎসা
দিন
- '4Cs' অনুসরণ করুন *

১ সপ্তাহ পর ফলোআপ করুন

লক্ষণ/চিহ্ন রয়ে গেছে:

- ওষুধ ঠিকমত খাননি?
- পুনরায় সংক্রমণ হয়েছে?

হ্যাঁ

- পুনরায় চিকিৎসা দিন
- '4Cs' অনুসরণ করুন

না

রেফার করুন

* সঙ্গীর চিকিৎসার প্রয়োজন নাই।

যোনিপথে শ্রাবের ব্যবস্থাপনা

ইতিহাস গ্রহণঃ

- শ্রাবের বর্ণ ও ধরণ
- গর্ভ সম্পর্কিত ইতিহাস
- বর্তমানে পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার

ঝুঁকি নিরূপণ করুনঃ

নীচের প্রশ্নের মধ্যে যে কোন একটির উত্তর 'হ্যাঁ' হলে মহিলা ঝুঁকিপূর্ণঃ

- সঙ্গীর কোন সমস্যা আছে? সম্প্রতি যৌনবাহিত রোগের জন্য চিকিৎসা করা হয়েছে?
- রোগী কি যৌনকর্মী?
- রোগীর কি একাধিক যৌনসঙ্গী আছে অথবা গত ৩ মাসে নতুন কোন সঙ্গীর সাথে যৌন সম্পর্ক হয়েছে?

নীচের প্রশ্নসমূহের মধ্যে দুই বা দুইয়ের বেশীর উত্তর 'হ্যাঁ' হলে রোগী ঝুঁকিপূর্ণ।

- আপনার স্বামী/সঙ্গী কি দূরপাল্লার ড্রাইভার/পুলিশ/মিলিটারী অথবা পেশাগত কারণে বাইরে থাকেন?
- গত দুই সপ্তাহে আপনার স্বামী/সঙ্গী রাতে বাড়ির বাইরে ছিলেন ?
- আপনার স্বামী/সঙ্গীর গত দু'মাসে অন্য কারো সাথে যৌন সম্পর্ক হয়েছে বলে মনে করেন?
- রোগী নিজেই ঝুঁকিপূর্ণ পেশায় আছেন? যেমন গার্মেন্টস্ কর্মী বা মিলে/ফ্যাক্টরীতে কাজ করেন ?

শারীরিক পরীক্ষাঃ

- পেট পরীক্ষা
 - তলপেটে চাপ দিয়ে ব্যথা আছে কিনা দেখুন
- স্পেকুলাম দিয়ে যোনিপথ ও জরায়ুমুখ পরীক্ষা করুন
 - শ্রাবের উৎস, রঙ, গন্ধ, পরিমাণ ও ধরণ দেখুন
 - জরায়ু মুখে সহজে রক্তক্ষরণ হয় কিনা
 - সম্ভাব্য ক্ষেত্রে আই ইউ ডি-র সূতা দেখুন
 - প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের অন্যান্য লক্ষণ/চিহ্ন পরীক্ষা করুন।

যোনিপথে স্রাবের চিকিৎসা [স্পেকুলাম পরীক্ষাসহ]			
Cervicitis (সার্ভিসাইটিস)	Candidiasis (ক্যানডিডিয়াসিস)	Trichomoniasis এবং Bacterial vaginosis	
1. Tab Ciprofloxacin*: 500 mg মুখে একমাত্রা অথবা Inj Ceftriaxone: 250 mg. মাংসপেশীতে একমাত্রা এবং 2. Cap. Doxycycline*: 100 mg ১২ ঘন্টা অন্তর x ৭ দিন অথবা Cap Tetracycline* : 500 mg ৬ ঘন্টা অন্তর x ৭ দিন অথবা Tab Erythromycin 500 mg ৬ ঘন্টা অন্তর x ৭ দিন	Clotrimazole/ Miconazole Vaginal Tab: 150 mg যোনিপথে ১ বার x ৩ দিন অথবা Cap Fluconazole*: 150 mg মুখে একমাত্রা	Tab Metronidazole: 2 gm মুখে একমাত্রা অথবা 400 mg x ২ বার x ৭ দিন [গর্ভের প্রথম ৩ মাসে দেয়া যাবে না]	মিশ্র সংক্রমণ রয়েছে মনে হলে একাধিক সংক্রমণের চিকিৎসা একসাথে দিন

* গর্ভাবস্থায় ও স্তনদানকালে দেয়া যাবে না

- সম্ভব হলে একমাত্রার ওষুধ ক্লিনিকে খাইয়ে দিন
- সঙ্গীর urethritis চিকিৎসার জন্য 'VD' চিহ্নিত কার্ড দিন
- ফলোআপের সময় রোগের লক্ষণ রয়ে গেলে তা ওষুধের অকার্যকারিতা, পুনরায় সংক্রমণ বা ওষুধ ঠিকমত না খাবার কারণে হতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ২৫ মিনিট

প্রক্রিয়া : - ঘটনা লেখা কাগজগুলো প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন এবং ঘটনাগুলো পড়ে নির্দিষ্ট স্থানে উত্তর লিখতে বলুন। লেখা শেষ হলে সবার কাগজ জমা নিন।

- সঠিক উত্তরগুলো আলোচনা করুন। ভুল বা অসম্পূর্ণ উত্তরগুলো চিহ্নিত করে বিষয়টি গুরুত্বসহকারে পুনরায় ব্যাখ্যা করুন।

- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

ঘটনা বিশ্লেষণ

ঘটনা ১ঃ

রাহেলার বয়স ২৪ বছর। সে সাদা স্রাব, চুলকানি ও জ্বালাপোড়ার সমস্যা নিয়ে এসেছে। রাহেলা জানালো, গত ১০ দিন থেকে এ সমস্যা শুরু হয়েছে এবং স্রাবে দুর্গন্ধও রয়েছে। তার স্বামীও দুর্গন্ধের কথা উল্লেখ করেছে। পরীক্ষা করে দেখলেন স্রাব দই-এর মত থকথকে। ঝুঁকি সম্পর্কে প্রশ্ন করে ঝুঁকি আছে বলে মনে হয়নি। স্পেকুলাম পরীক্ষায় দেখলেন, cervicitis এর তেমন কোন লক্ষণ নেই। পেলভিস পরীক্ষা করে দেখলেন, স্বাভাবিক। তার স্বামী একজন একাউন্ট্যান্ট।

- ক) আপনার ডায়াগনোসিস কি?
- খ) আপনি কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা ২ঃ

নাইমা ক্লিনিকে এসে জানালো গত এক সপ্তাহ থেকে তার স্রাবের সাথে চুলকানি ও জ্বালাপোড়া শুরু হয়েছে। নাইমার বয়স ২০ বছর। তার স্বামী ব্যবসার কাজে প্রায়ই বাইরে থাকে। গত দু'সপ্তাহ আগে দিল্লী থেকে এসেছে। স্বামী কোন রকম discharge বা অন্য মহিলার সাথে যৌন সম্পর্কের কথা সম্পূর্ণ অস্বীকার করেছে। নাইমা জানালো স্বামী সহবাসেও তার ব্যথা হচ্ছে। পরীক্ষা করে দেখলেন, vulva, লালচে, সাথে প্রচুর পানির মত ফেনা ফেনা হলদেটে স্রাব। cervix এ প্রদাহের লক্ষণ রয়েছে ও একটুতেই রক্তপাত হচ্ছে। নাইমা গর্ভবতী নয়। কোলে বাচ্চা নেই।

- ক) আপনার ডায়াগনোসিস কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা ৩ঃ

সুলেখার বয়স ২৫ বছর, গত দু'সপ্তাহ থেকে সাদা স্রাব যাচ্ছে। স্বামীর discharge আছে কিনা সুলেখা জানেনা। সুলেখার স্বামী একজন driver। গত দু'সপ্তাহ হ'ল সে গাড়ী নিয়ে বাইরে আছে। এ পেশায় প্রায়ই তাকে বাইরে থাকতে হয়। সুলেখা শারীরিক পরীক্ষা করাতে রাজী নয়। সে গর্ভবতী নয় বা বাচ্চা বুকের দুধ খাচ্ছে না।

- ক) আপনার ডায়াগনোসিস কি?
- খ) কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা বিশ্লেষণের উত্তর

ঘটনা-১

ক) Vaginal Discharge Syndrome:

রাহেলার trichomoniasis, bacterial vaginosis এবং candidiasis সংক্রমণ রয়েছে।

খ) ব্যবস্থাপনা: Metronidazole - ৪০০ মি.গ্রা. x ২ বার - ৭ দিন অথবা ২ গ্রাম একমাত্রা
Clotrimazole - ৫০০ মি.গ্রা. যোনিপথে একমাত্রা

রাহেলার STI এর তেমন ঝুঁকি নেই, স্পেকুলাম পরীক্ষাতেও স্বাভাবিক, তাই Cervicitis এর চিকিৎসার দরকার নেই।

এছাড়া কাউন্সেলিং বা পরামর্শ দিতে হবে।

ঘটনা-২

ক) Vaginal Discharge Syndrome:

প্রচুর, ফেনাযুক্ত স্রাব trichomoniasis এর লক্ষণ। পরীক্ষায় তার জরায়ুতে সংক্রমণ পাওয়া গেছে। স্বামীও প্রায়ই পেশাগত কারণে বাইরে থাকে, যৌন রোগের ঝুঁকি রয়েছে।

খ) নাইমাকে cervicitis এবং trichomoniasis এর ব্যবস্থাপনা দিতে হবে।

ব্যবস্থাপনা: • Metronidazole - ৪০০ মি.গ্রা. x ২ বার - ৭ দিন
অথবা ২ গ্রাম একমাত্রা
• Ciprofloxacin - ৫০০ মি.গ্রা. একমাত্রা
• Doxycycline - ১০০ মি.গ্রা. x ২ বার - ৭ দিন

- কাউন্সেলিং করতে হবে, বিশেষতঃ '4Cs' অনুসরণ করতে হবে।

ঘটনা-৩

ক) Vaginal Discharge Syndrome:

স্বামীর পেশাগত কারণে সে ঝুঁকিপূর্ণ রোগী।

খ) সুলেখাকে Cervicitis এর ব্যবস্থাপনা দিতে হবে।

ব্যবস্থাপনা: • Ciprofloxacin - ৫০০ মি.গ্রা. একমাত্রা
• Doxycycline - ১০০ মি.গ্রা. x ২ বার - ৭ দিন

- কাউন্সেলিং করতে হবে, বিশেষতঃ '4Cs' অনুসরণ করতে হবে।

Lower Abdominal Pain (তলপেটে ব্যথা)

পাঠ : ৮
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

ক. তলপেটে ব্যথার কারণ, লক্ষণ, জটিলতা উল্লেখ করতে পারবেন ও রোগী ব্যথা নিয়ে এলে ফ্লো-চার্ট অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	---
ক	তলপেটে ব্যথার কারণ, লক্ষণ, জটিলতা ও ব্যবস্থাপনা	৩৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	২০ মি.	ঘটনা বিশ্লেষণ	ঘটনা লেখা কাগজ

পূর্বপ্রস্তুতি : - 'তলপেটে ব্যথা ব্যবস্থাপনার ফ্লো-চার্ট' এবং 'তলপেটে সংক্রমণের চিকিৎসা' ট্রান্সপারেন্সীতে লিখে নিন।
- ঘটনা লেখা কাগজগুলো প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

: ৫ মিনিট

- শুভেচ্ছা জানিয়ে সেশন শুরু করুন।
- উল্লেখ করুন, 'তলপেটে ব্যথা মহিলাদের অতি পরিচিত সমস্যা। এ ধরনের সমস্যা নিয়ে মহিলারা প্রায়ই ক্লিনিকে আসেন তবে তলপেটে সংক্রমণ (Pelvic Inflammatory Diseases) ছাড়াও অন্যান্য কারণে তলপেটে ব্যথা নিয়ে রোগী আমাদের কাছে আসতে পারেন। যেমনঃ appendicitis, ectopic pregnancy ইত্যাদি। এগুলো অত্যন্ত মারাত্মক ও জরুরী অবস্থা। সুতরাং রোগী তলপেটে ব্যথা নিয়ে এলে সঠিকভাবে রোগনির্ণয় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।'
- সেশনের উদ্দেশ্য বর্ণনা করুন।

উদ্দেশ্য-ক

: তলপেটে ব্যথা - রোগনির্ণয় ও ব্যবস্থাপনা

স্থিতি

: ৩৫ মিনিট

প্রক্রিয়া

- অংশগ্রহণকারীদের প্রশ্ন করে 'তলপেটে সংক্রমণের' কারণ জেনে নিন এবং উত্তরগুলো বোর্ডে লিখুন।
- সঠিক উত্তরগুলো চিহ্নিত করে আলোচনা করুন এবং উল্লেখ করুন, 'অধিকাংশ ক্ষেত্রে গনোরিয়া ও ক্ল্যামাইডিয়াস সঠিক চিকিৎসা না হলে পরবর্তীতে সংক্রমণ তলপেটে ছড়িয়ে পড়ে। তবে কখনও কখনও অন্যান্য কারণে, যেমন জীবাণুমুক্ত পরিবেশে প্রসব করানো না হলে অথবা প্রসবের পর ব্যক্তিগত পরিচ্ছন্নতা না মেনে চললে বিভিন্ন ধরনের এ্যানারবিক ব্যাকটেরিয়ার কারণেও সংক্রমণ হতে পারে।'
- প্রশ্ন করুন, 'তলপেটে ব্যথা নিয়ে রোগী এলে আমরা কি কি ইতিহাস নেব ও শারীরিক পরীক্ষা করবো?'
- অংশগ্রহণকারীদের উত্তর বড় দলে আলোচনা করুন। প্রয়োজনে আপনি সহায়তা দিন এবং PID-র লক্ষণসমূহ আলোচনা করুন।
- তলপেটে সংক্রমণের ফ্লো-চার্টটি প্রদর্শন করুন এবং একজন আগ্রহী অংশগ্রহণকারীকে সামনে এসে ধাপে ধাপে ব্যাখ্যা করতে বলুন। প্রতিটি ধাপ আলোচনার সময় প্রয়োজনে গুরুত্বপূর্ণ অংশগুলো পুনরায় ব্যাখ্যা করুন।
- সবশেষে ওভারহেড প্রজেক্টর বন্ধ করে অন্য একজন অংশগ্রহণকারীকে ধাপগুলো উল্লেখ করতে বলুন।

- উল্লেখ করুন যে, 'সিনড্রোমিক ব্যবস্থাপনা অধিবেশনে আলোচনার সময় আমরা দেখেছি গনোরিয়া, ক্ল্যামাইডিয়া ও এ্যানারোবিক ব্যাকটেরিয়া দ্বারা তলপেটে সংক্রমণ হয়।' অংশগ্রহণকারীদের পর্যায়ক্রমে গনোরিয়া, ক্ল্যামাইডিয়া ও এ্যানারোবিক ব্যাকটেরিয়া সংক্রমণে ব্যবহৃত ওষুধসমূহের নাম ডোজসহ জিজ্ঞেস করুন।
- প্রয়োজনে ট্রান্সপারেঙ্গী দেখিয়ে বিভিন্ন ওষুধের নাম ডোজসহ আলোচনা করুন এবং ওষুধের পাশাপাশি কাউন্সেলিং ('4Cs') করার প্রয়োজনীয়তা মনে করিয়ে দিন।

তলপেটে সংক্রমণ (Pelvic Inflammatory Diseases)

তলপেটে সংক্রমণ থাকলে মহিলারা সাধারণতঃ তলপেটে ব্যথার সমস্যা নিয়ে ক্লিনিকে আসেন। প্রাথমিকভাবে সংক্রমণ প্রজননতন্ত্রের নিম্নভাগে (যোনিপথ ও জরায়ু মুখ) শুরু হয়, পরে তা জরায়ু মুখ বা Cervix এর উপরিভাগে অর্থাৎ জরায়ু (Uterus), ডিম্ববাহী নালী (Fallopian tube) ও ডিম্বকোষে (Ovary) ছড়িয়ে পড়ে। ফলে Endometritis, Salpingitis, Parametritis এবং Pelvic Peritonitis-এর যে কোন একটি বা একাধিক সংক্রমণ থাকতে পারে। তলপেটে ব্যথার সমস্যায় আগত রোগীর Appendicitis বা Ectopic Pregnancy আছে কিনা পরীক্ষা করে প্রয়োজনে জরুরী ভাবে সার্জারী বা গাইনী বিভাগে রেফার করতে হবে। অনেক সময় জরায়ুমুখে (Cervix) সংক্রমণ থাকলেও রোগীর কোন লক্ষণ থাকে না এবং সংক্রমণ পরবর্তীতে Cervix এর উপরিভাগে ছড়িয়ে পড়ার পর (কয়েক মাস হতে পারে) রোগী সরাসরি তলপেটে ব্যথার সমস্যা নিয়ে আসেন।

কারণ :

বিভিন্ন ধরনের জীবাণু (যৌনবাহিত এবং যৌনবাহিত নয়) দ্বারা তলপেটে সংক্রমণ হতে পারেঃ

- গনোরিয়া (Gonorrhoea)
- ক্ল্যামাইডিয়া (Chlamydia)
- এ্যানারোবিক ব্যাকটেরিয়া (Anaerobic Bacteria)
- অন্যান্য কারণঃ
 - Gram negative rods
 - Streptococci

অধিকাংশ PID গনোরিয়া বা ক্ল্যামাইডিয়ার সংক্রমণের ফলে দেখা দেয় অথবা মিশ্র সংক্রমণ থাকতে পারে।

চিকিৎসা করা না হলে 8-20% Cervicitis এর ক্ষেত্রে পরবর্তীতে তলপেটে সংক্রমণ (PID) দেখা দেয়। এছাড়া প্রসব পরবর্তীকালে বা গর্ভপাতের সময় বা আই.ইউ.ডি প্রয়োগের সময় জীবাণুমুক্ত যন্ত্রপাতি বা পরিবেশ নিশ্চিত না করলে তলপেটে সংক্রমণ (PID) হতে পারে।

বিভিন্ন কারণে তলপেটে সংক্রমণ হলেও লক্ষণ দ্বারা আমরা নির্দিষ্ট কারণ চিহ্নিত করতে পারি না। সুতরাং তলপেটে ব্যথার সাথে নীচের যে কোন একটি লক্ষণ থাকলে রোগীকে তলপেটে সংক্রমণের (PID) ব্যবস্থাপনা দিতে হবেঃ

লক্ষণ ও চিহ্নঃ

তলপেটে ব্যথা (প্রায়ই দুইদিকে ও হঠাৎ শুরু হয়)

(রোগ নির্ণয়ের সময় রোগীর অন্যান্য জরুরী অবস্থা যেমন - septic abortion, intestinal obstruction, ruptured bowel, appendicitis বা ectopic pregnancy আছে কিনা পরীক্ষা করে নিশ্চিত হয়ে নিন, থাকলে রেফার করুন)

তলপেটে ব্যথার পাশাপাশি অন্যান্য লক্ষণঃ

- যোনিপথ বা জরায়ুমুখে অস্বাভাবিক স্রাব অথবা
- Cervical motion tenderness/Pelvic tenderness অথবা
- জ্বর (তাপমাত্রা 100.8° ফা. এর বেশী)

এছাড়া সহবাসকালে ব্যথা বা রোগীর আই.ইউ.ডি. থাকতে পারে।

জটিলতাঃ

- বন্ধ্যাত্ব
- জরায়ুর বাইরে গর্ভধারণ (ectopic pregnancy)
- একনাগাড়ে ব্যথা (chronic pain)
- Tubo ovarian abscess

একজন মহিলা সারাজীবনে কয়েকবার এ সংক্রমণে ভুগতে পারেন। একবার সংক্রমণ হলেও শতকরা ১১ ভাগ ক্ষেত্রে রোগীর বন্ধ্যা হয়ে যাওয়ার আশংকা থাকে। PID থাকলে গর্ভাবস্থায় জটিলতার আশংকা ৬-১০ গুণ বৃদ্ধি পায়।


পরামর্শঃ

তলপেটের সংক্রমণে গনোরিয়া, ক্ল্যামাইডিয়া ও এ্যানারবিক সংক্রমণের চিকিৎসা একত্রে দিতে হবে। তবে সঙ্গী ব্যবস্থাপনায় Urethritis অর্থাৎ শুধু গনোরিয়া ও ক্ল্যামাইডিয়ার চিকিৎসা দিতে হবে।

রেফারেলঃ

যথাযথ Antibiotics ও '4Cs' অনুসরণ করার পরও ৩ দিনের ফলোআপে রোগীর ব্যথা বৃদ্ধি পেলে উচ্চতর পর্যায়ের রেফার করতে হবে।

Lower Abdominal Pain (তলপেটে ব্যথা)



ইতিহাস গ্রহণঃ

- তলপেটে ব্যথার প্রকৃতি ও ইতিহাস
- অন্যান্য ইতিহাস: > মাসিকের সময় অতিক্রান্ত
> সাম্প্রতিক প্রসব/গর্ভপাত
> অস্বাভাবিক রক্তস্রাব
> যোনিপথে স্রাব
- পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার
- যৌনবাহিত/প্রজননতন্ত্র রোগের পূর্ব ইতিহাস

শারীরিক পরীক্ষা:

- তাপমাত্রা পরীক্ষা করুন (১০০.৪° ফাঃ এর বেশী)
- তলপেটে চাপ দিয়ে পরীক্ষা করে দেখুন:
> Superficial/Rebound tenderness
> Abdominal guarding
- P/V পরীক্ষা করে দেখুন:
> অস্বাভাবিক রক্তস্রাব/স্রাব
> পরীক্ষায় ব্যথা অনুভব করেন কি না
(tenderness on moving cervix/Pelvic tenderness)
> সম্ভাব্য ক্ষেত্রে আই ইউ ডি'র সূতা

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের অন্যান্য লক্ষণ/চিহ্ন আছে কিনা দেখুন

তলপেটে ব্যথার সিনড্রোমিক চিকিৎসা

1. Tab Ciprofloxacin *: 500mg মুখে একমাত্রা
অথবা
Inj Ceftriaxone: 250mg মাংসপেশীতে একমাত্রা এবং
 2. Cap Doxycycline *: 100mg মুখে ১২ ঘন্টা অন্তর x ১৪ দিন
অথবা
Cap Tetracycline *: 500mg মুখে ৬ ঘন্টা অন্তর x ১৪ দিন
অথবা
Tab Erythromycin: 500mg মুখে ৬ ঘন্টা অন্তর x ১০-১৪ দিন, এবং
 3. Tab Metronidazole: 400mg. মুখে ২ বার x ১০-১৪ দিন
- [গর্ভাবস্থায় প্রথম ৩ মাসে দেওয়া যাবে না]

* গর্ভাবস্থায় বা স্তনদানকালে দেয়া যাবে না

- > সম্ভব হলে ক্লিনিকে একমাত্রার ওষুধ খাইয়ে দিন
- > সঙ্গীর Urethritis চিকিৎসার জন্য 'PID' চিহ্নিত কার্ড দিন
- > ফলোআপের সময় রোগের লক্ষণ রয়ে গেলে তা ওষুধের অকার্যকারিতা, পুনরায় সংক্রমণ বা ওষুধ ঠিকমত না খাবার কারণে হতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি

: ২০ মিনিট

প্রক্রিয়া

- : - ঘটনা লেখা কাগজগুলো প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন এবং উত্তর লেখার জন্য ১০ মিনিট সময় নির্ধারণ করুন।
- নির্দিষ্ট সময় পর অপেক্ষাকৃত দুর্বল একজন অংশগ্রহণকারীকে প্রশ্নের উত্তর পড়তে বলুন। অন্যান্যদের মতামত নিন। প্রয়োজনে আরও দু'একজনকে প্রশ্নের উত্তর পড়তে বলুন। প্রয়োজনে আপনি সহায়তা দিন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

ঘটনা বিশ্লেষণ

ঘটনা-১

আছিয়া বিবাহিত, বয়স ২৫ বছর। মাসিক নিয়মিত এবং নয় দিন আগে শেষ হয়েছে। গত ৩ দিন ধরে জ্বর, পেট ব্যথা এবং ব্যথার পাশাপাশি গত এক সপ্তাহ ধরে তার vaginal discharge শুরু হয়েছে। একমাস আগে তার স্বামী ব্যাংকক থেকে ফিরেছে। গত এক বছর ধরে আছিয়া আই ইউ ডি ব্যবহার করছে। স্পেকুলাম পরীক্ষা করে দেখলেন জরায়ু মুখে পূঁজযুক্ত শ্রাব রয়েছে। বাইম্যানুয়াল পরীক্ষার সময় দেখা গেল আছিয়ার cervical motion tenderness আছে।

ক) আপনার ডায়াগনসিস কি?

খ) কি ব্যবস্থাপনা দেবেন? (ওষুধের নাম ও ডোজসহ ব্যবস্থাপনা উল্লেখ করুন)

ঘটনা-২

রহিমার বয়স ৩২ বছর। গত ১০ দিন ধরে সে তলপেটের ব্যথায় ভুগছে। তার কোন জ্বর বা vaginal discharge নেই। দু'সপ্তাহ আগে মাসিক শেষ হয়েছে। তার স্বামী কুমিল্লায় মিলিটারী ক্যাম্পে কাজ করে। মাসে দুই একবার বাড়ীতে আসে। গতরাতে স্বামী সহবাসে রহিমা প্রচণ্ড ব্যথা অনুভব করেছে। রহিমা কোন পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করে না। রহিমা খুব লাজুক, শারীরিক পরীক্ষা করাতে রাজী হয়নি।

ক) আপনার ডায়াগনসিস কি?

খ) কি ব্যবস্থাপনা দেবেন? (ওষুধের নাম ও ডোজসহ ব্যবস্থাপনা উল্লেখ করুন)

ঘটনা বিশ্লেষণের উত্তর

ঘটনা-১

- ক) তলপেটে ব্যথার সিনড্রোম। ইতিহাস ও অন্যান্য লক্ষণ থেকে মনে হয় আছিয়া তলপেটের সংক্রমণে ভুগছে।
- খ) তলপেটে ব্যথার ফ্লো-চার্ট ব্যবহার করে ব্যবস্থাপনা দেব। আই ইউ ডি খুলে দেব এবং অন্যান্য পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারের পরামর্শ এবং সম্ভব হলে supply দিয়ে দেব। এছাড়া নীচের ওষুধগুলো দেব।

Cap Ciprofloxacin ৫০০ মি.গ্রা. একমাত্রা

Cap Doxycycline ১০০ মি.গ্রা. দিনে ২ বার x ১৪ দিন

Tab Metronidazole ৪০০ মি.গ্রা. দিনে ২ বার x ১৪ দিন

কাউন্সেলিং বা পরামর্শ দেব। সঙ্গীর চিকিৎসা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ নেব।

ঘটনা-২

তলপেটে ব্যথার সিনড্রোম। ইতিহাস আর লক্ষণ দেখে তার তলপেটে সংক্রমণ হয়েছে বলে মনে হয়। রহিমার তলপেটে ব্যথা ও স্বামী সহবাসের ব্যথা ছাড়া আর কোন সমস্যা নেই। কিন্তু স্বামীর পেশাগত কারণে রহিমার যৌনবাহিত সংক্রমণের ঝুঁকি রয়েছে।

Cap Ciprofloxacin ৫০০ মি.গ্রা. একমাত্রা

Cap Doxycycline ১০০ মি.গ্রা. দিনে ২ বার x ১৪ দিন

Tab Metronidazole ৪০০ মি.গ্রা. দিনে ২ বার x ১৪ দিন

কাউন্সেলিং বা পরামর্শ দেব। সঙ্গীর চিকিৎসা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ নেব।

Genital Ulcer (যৌনাঙ্গে ক্ষত)

পাঠ : ৯
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

ক. রোগী Genital Ulcer (যৌনাঙ্গে ক্ষত) নিয়ে এলে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	VIPP কার্ড
ক	Genital Ulcer (যৌনাঙ্গে ক্ষত) এর ব্যবস্থাপনা	৩০ মি.	ধারণা প্রকাশ (VIPP পদ্ধতিতে)	বোর্ড, মার্কার, VIPP কার্ড, ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	২৫ মি.	ঘটনা বিশ্লেষণ	ঘটনা লেখা কাগজ

- পূর্বপ্রস্তুতি : - 'Genital Ulcer (যৌনাঙ্গে ক্ষত) এর ব্যবস্থাপনা' বড় (২২" x ৫") কার্ডে লিখে নিন।
- ব্যবস্থাপনার প্রতিটি ধাপ নমুনা অনুযায়ী কার্ডে লিখে নিন।
 - একটি বড় ব্রাউন পেপার VIPP বোর্ডে লাগিয়ে রাখুন।
 - ঘটনা লেখা কাগজ প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করে নিন।
 - Genital Ulcer এর চিকিৎসা এবং genital herpes এর ব্যবস্থাপনা ট্রান্সপারেন্সী পেপারে লিখে নিন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- : ৫ মিনিট
- : - সবাইকে শুভেচ্ছা জানিয়ে 'Genital Ulcer এর ব্যবস্থাপনা' লেখা কার্ডটি কাগজ লাগানো VIPP বোর্ডের উপরে লাগান এবং সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক
স্থিতি
প্রক্রিয়া

- : **Genital Ulcer** (যৌনাঙ্গে ক্ষত) এর ব্যবস্থাপনা
- : ৩০ মিনিট
- : - উল্লেখ করুন, 'পাঠ নং ৫ এ যৌনবাহিত রোগ আলোচনার সময় আমরা দেখেছি কোন কোন রোগে আক্রান্ত হলে যৌনাঙ্গে ক্ষত হতে পারে।' অপেক্ষকৃত নীরব একজন অংশগ্রহণকারীকে বোর্ডে এসে রোগের নাম, লক্ষণ ও জটিলতা লিখতে বলুন। প্রয়োজনে অন্যান্যরা সহায়তা দিতে পারেন।
- লেখা হলে বলুন যে, 'শুধুমাত্র ক্লিনিক্যাল পরীক্ষার সাহায্যে এই রোগগুলোকে পৃথকভাবে চিহ্নিত করা যায় না। আবার অনেক ক্ষেত্রে রোগীর মিশ্র সংক্রমণ থাকে। তাই যৌনাঙ্গে ক্ষত নিয়ে কোন রোগী এলে আমরা সিনড্রোমিক ব্যবস্থাপনায় নির্দিষ্ট ফ্লো-চার্ট অনুযায়ী ব্যবস্থাপনা দিয়ে থাকি।'
- দুই/তিন জন আর্থহী অংশগ্রহণকারীকে সামনে আহ্বান করুন এবং ফ্লো-চার্টের বিভিন্ন ধাপ লেখা কার্ডগুলো বোর্ডে ধাপে ধাপে লাগিয়ে ফ্লো-চার্টটি সম্পূর্ণ করতে বলুন। প্রয়োজনে অন্যান্যরা সহায়তা করতে পারেন।
- সব কার্ড লাগানো শেষ হলে একটি করে ধাপ ব্যাখ্যা করুন। কার্ডের ক্রম সঠিক না হলে ব্যাখ্যা করে সঠিকভাবে লাগিয়ে দিন।
- 'Genital Ulcer' এর চিকিৎসা লেখা ট্রান্সপারেন্সীটি প্রদর্শন করুন এবং ডোজসহ ওষুধের নাম, genital herpes এর ব্যবস্থাপনা অংশগ্রহণকারীদের পড়তে বলুন।
- ওভারহেড প্রজেক্টর বন্ধ করে দিন এবং ডোজসহ বিভিন্ন ওষুধের নাম, ও 'genital herpes এর ব্যবস্থাপনা' প্রশ্ন করে বড় দলে আলোচনা করুন।

যৌনাঙ্গে ক্ষত'র কারণ, লক্ষণ ও জটিলতা

কারণঃ

- ▶ Genital herpes এর প্রাথমিক বা পুনঃ পুনঃ সংক্রমণ
- ▶ শ্যাংক্রয়েড
- ▶ সিফিলিস
- ▶ চুলকানি

অন্যান্য কারণঃ

- ▶ লিফোথানুলোমা ভেনেরাম (LGV)
- ▶ Donavanosis (বাংলাদেশে খুব কম দেখা যায়)

তবে যৌনাঙ্গের ক্ষত অধিকাংশ ক্ষেত্রে সিফিলিস ও শ্যাংক্রয়েড-এর সংক্রমণের ফলে হয়।

লক্ষণ ও চিহ্নঃ

- ▶ যৌনাঙ্গে ক্ষত বা ফোস্কা
- Inguinal Bubo -র কারণ, শারীরিক লক্ষণ ও জটিলতা কি কি হতে পারে - প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা বোর্ডে লিখুন।
- উল্লেখ করুন 'পুরুষ ও মহিলা উভয়েই এ সমস্যা নিয়ে আমাদের কাছে আসতে পারেন। আক্রান্ত রোগীর groin -এর একপাশে বা দু'পাশে lymph node (লসিকা গ্রন্থি) ফোলা থাকতে পারে। এই ফোলায় (Swelling) পুঁজ(fluctuant) থাকে এবং চাপ দিলে রোগী ব্যথা পান (tender) কখনও কখনও পুঁজের চাপে ফোলাটি ফেটে শুকিয়ে গেলেও পরবর্তীতে আবারও এখানে পুঁজ জমা হয়। কিছু কিছু ক্ষেত্রে Inguinal Bubo-র পাশাপাশি রোগীর Genital Ulcer ও থাকতে পারে।'
- বিভিন্ন ধরণের Inguinal Swelling-এর কারণ ও লক্ষণ transparency দেখিয়ে বা বোর্ডে লিখে আলোচনা করুন। LGV ও শ্যাংক্রয়েড-এর পার্থক্য ব্যাখ্যা করুন।
- এবার ব্যবস্থাপনার ফ্লো-চার্টটি ট্রান্সপারেন্সিতে দেখান এবং একটি করে ধাপ ব্যাখ্যা করুন।
- প্রথম ধাপে ইতিহাস ও শারীরিক পরীক্ষা বর্ণনার সময় পাঠ নং ৩ এর রেফারেন্স দিন এবং অংশগ্রহণকারীদের প্রশ্ন করে ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষার পদ্ধতি পুনরালোচনা করুন। প্রয়োজনে দুই হাত দিয়ে lymph node পরীক্ষার পদ্ধতি ব্যাখ্যা করুন।
- পরবর্তী ধাপে উল্লেখ করুন যে, 'bubo র সাথে যদি genital ulcer থাকে তবে genital ulcer এর ফ্লো-চার্ট অনুযায়ী চিকিৎসা দিতে হবে। কিন্তু শুধু inguinal bubo নিয়ে এলে রোগীকে lymphogranuloma venereum এর চিকিৎসা দিতে হবে। এক সপ্তাহ পর রোগী ফলো-আপে আসার পর যদি দেখা যায় সঠিকভাবে ওষুধ ও অন্যান্য পরামর্শ মেনে চলার পরও রোগীর অবস্থার কোন উন্নতি হয়নি বা আরো খারাপ হয়েছে তাহলে উচ্চতর পর্যায়ে রেফার করতে হবে।'
- ফ্লো-চার্ট আলোচনা শেষ হলে ওভারহেড প্রজেক্টর বন্ধ করে একজন অংশগ্রহণকারীকে সেশনের মূল শিক্ষণ পুনরালোচনা করতে আহ্বান করুন। প্রয়োজনে অন্যান্য অংশগ্রহণকারীরা সহায়তা করতে পারেন।

- অংশগ্রহণকারীদের ক্ল্যামাইডিয়াস চিকিৎসা জিজ্ঞেস করুন। সঠিক উত্তরের জন্য প্রশংসা করে বলুন যে, lymphogranuloma venereum ক্ল্যামাইডিয়া সংক্রমণের ফলে হয়, তাই শুধু bubo নিয়ে এলে রোগীকে ক্ল্যামাইডিয়াস চিকিৎসা দিতে হয় তবে এক্ষেত্রে ৭ দিনের পরিবর্তে ১৪ দিনের চিকিৎসা দিতে হবে।
- প্রয়োজনে inguinal bubo-র চিকিৎসা বিকল্প ওষুধসহ ট্রান্সপারেন্সী দেখিয়ে আলোচনা করুন।

Inguinal Bubo

Inguinal region এর লসিকা গ্রন্থির ফোড়াকে (abscess) Inguinal bubo বলে।

কারণ, লক্ষণ ও চিহ্নঃ

- **Lymphogranuloma Venereum** (লিম্ফোগ্র্যানুলোমা ভেনেরাম):
ক্ল্যামাইডিয়া ট্র্যাকোমেটিস (L_1, L_2 ও L_3) সংক্রমণের ফলে ব্যথা ও পুঁজ হয়। সাধারণতঃ কোন ক্ষত থাকে না।
- **Chancroid** (শ্যাংক্রয়েড): **Haemophilus ducreyi** (হিমোফাইলাস ডুক্রিয়াই):
শ্যাংক্রয়েড দ্বারা সংক্রমণের ফলে হয়। তবে bubo র পাশাপাশি যৌনাঙ্গে ক্ষত (ulcer) পাওয়া যায়।
- এছাড়াও সিকিলিস, যৌনাঙ্গের হারপিস এবং টিউবারকুলোসিস হলে inguinal lymph node ফোলা নিয়ে রোগী আসতে পারে। কিন্তু এসব ক্ষেত্রে ফোলা শক্ত থাকে, ব্যথা বা পুঁজ থাকে না (non-tender, non-fluctuant and firm) বলে একে bubo বলা হয় না।

Inguinal Bubo Syndrome এর লক্ষণ ও চিহ্নঃ

- Inguinal region এর একপাশে বা উভয়পাশে লসিকাগ্রন্থি ফুলে যায়।
- লসিকাগ্রন্থির ভেতরে পুঁজ (fluctuant) থাকে এবং ফেটে যেতে পারে।
- কখনও কখনও চাপ দিলে রোগী ব্যথা অনুভব করেন।

LGV ও শ্যাংক্রয়েড এর মধ্যে পার্থক্যঃ

- ক) LGVতে সাধারণতঃ ক্ষত থাকেনা। প্রাথমিকভাবে খুব অস্পষ্টভাবে ক্ষত থাকলেও তা শীঘ্র শুকিয়ে যায় এবং রোগী অনেকসময় বুঝতে পারেন না। সাধারণতঃ রোগী দ্বিতীয় পর্যায়ে Inguinal region এ বৃদ্ধিপ্রাপ্ত বা ফোলা লসিকাগ্রন্থি নিয়ে আসেন তখন কোন ক্ষত থাকেনা।

শ্যাংক্রয়েড দ্বারা সংক্রমিত হলে bubo-র পাশাপাশি যৌনাঙ্গে সুস্পষ্ট ক্ষত থাকে।


খ) সুনির্দিষ্ট “groove sign” (বৃদ্ধিপ্রাপ্ত Inguinal এবং femoral লসিকাগ্রন্থির মাঝে Inguinal ligament দ্বারা বিভক্ত থাকে) LGVতে পাওয়া যায় কিন্তু শ্যাংক্রয়েড এর ক্ষেত্রে থাকেনা।

জটিলতা: > Genital Elephantiasis
> Fistula

পরামর্শ: Inguinal bubo-এর পাশাপাশি যৌনাসঙ্গে ক্ষত না থাকলে Inguinal bubo-র ফ্লেগ-চার্ট ব্যবহার করে LGVর ব্যবস্থাপনা দিন।

রেফারেল: যথাযথ চিকিৎসা ও 4Cs অনুসরণ করা সত্ত্বেও ১ সপ্তাহ পর ফলো আপের সময় রোগীর অবস্থার উন্নতি না হলে বা আরও খারাপ হলে উচ্চতর পর্যায়ে রেফার করণ।

Inguinal Bubo



ইতিহাস গ্রহণঃ

- Inguinal region এ (কুঁচকিতে) ব্যথার প্রকৃতি ও সময়কাল
- যৌনাঙ্গে ক্ষতের সাম্প্রতিক ইতিহাস
- বর্তমানে বা পূর্বে শরীরে কোথাও কোন অংশ ফুলে যাওয়ার ইতিহাস

শারীরিক পরীক্ষাঃ

- Inguinal region পরীক্ষা করে দেখুনঃ
 - পুঁজযুক্ত বা শক্ত/যন্ত্রণাদায়ক লসিকা গ্রন্থি
 - পুঁজ বের হবার কোন পথ
- যৌনাঙ্গে ক্ষত আছে কিনা দেখুন
- চামড়ায় কোন rash বা ক্ষত আছে কিনা দেখুন
- bubo থাকলেঃ পুরুষের glans penis এর উপরিভাগ ও চতুর্দিক, মহিলাদের যৌনাঙ্গ, labia -র মিউকাস অংশ ও মলদ্বার পরীক্ষা করে ক্ষত দেখুন
- প্রজননতন্ত্র/যৌনবাহিত রোগের অন্যান্য লক্ষণ/চিহ্ন আছে কিনা দেখুন

Inguinal Buboএর সিনড্রোমিক চিকিৎসা

Cap Doxycycline:* 100 mg মুখে ১২ ঘন্টা অন্তর x ১৪ দিন
অথবা

Cap Tetracycline:* 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ১৪ দিন
অথবা

Tab Erythromycin: 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ১৪ দিন

* গর্ভাবস্থায় ও স্তনদানকালে দেয়া যাবে না

পুঁজযুক্ত bubo-র ব্যবস্থাপনাঃ

- স্ফীত অংশে গরম সেক দিতে বলুন
- Incision দেবেন না
- ভেতরে পুঁজ থাকলে পাশের সুস্থ অংশ থেকে মোটা সূঁচযুক্ত সিরিঞ্জ দিয়ে Surgical aspiration করুন। প্রয়োজনে ২ দিন পর পুনরায় aspiration করুন।
অথবা
- রেফার করুন

➤ সঙ্গীর LGV চিকিৎসার জন্য রোগীর হাতে 'IB' চিহ্নিত কার্ড দিন

➤ ফলোআপের সময় রোগের লক্ষণ রয়ে গেলে তা ওষুধ ঠিকমত না খাবার কারণে হতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১৫ মিনিট

প্রক্রিয়া : - ঘটনা লেখা কাগজগুলো সবার হাতে দিয়ে উত্তর লেখার জন্য ১০ মিনিট সময় দিন।
লেখার সময় প্রত্যেক অংশগ্রহণকারীর কাছে যান এবং প্রয়োজনে সহায়তা দিন।

- লেখা শেষ হলে দু'একজনকে পড়তে বলুন। অন্যান্য অংশগ্রহণকারীদের মিলিয়ে দেখতে বলুন। কোথাও ভুল হলে ব্যাখ্যা দিন।

- সবাইকে ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

ঘটনা বিশ্লেষণ

ঘটনা-১

কামাল একজন হাবিলদার। বয়স ৩৫ বছর। তার ডান দিকে groin বা কুঁচকিতে গত ৫ দিন ধরে খুব ব্যথা। সাথে ফোলা আছে। ইতিহাস নিয়ে জানতে পারলেন একমাস আগে সে যৌনকর্মীর সংস্পর্শে এসেছিল কিন্তু অন্য কোন সমস্যা- যেমন discharge, যৌনঙ্গে ক্ষত বা জ্বালাপোড়া কিছুই দেখা যায়নি। আপনি পরীক্ষা করে দেখলেন groin বা কুঁচকিতে lymph gland ফোলা ও fluctuant এবং চাপ দিলে রোগী ব্যথা পায়। রোগীর আর কোন সমস্যা নাই।

ক) আপনার ডায়াগনোসিস কি?

খ) কি ব্যবস্থাপনা দেবেন? (ওষুধের নাম ও ডোজসহ ব্যবস্থাপনা লিখুন)

ঘটনা-২

সাজ্জাদ একজন ছাত্র, বয়স ২৫ বছর। গত এক সপ্তাহ ধরে তার ডান দিকে groin এর gland ফুলে গেছে। প্রশ্ন করে জানতে পারলেন genital ulcer এর সমস্যার জন্য গত সপ্তাহে সে চিকিৎসা নিয়েছিল কিন্তু বমি বমি ও অস্বস্তির কারণে সে ৩ দিন পর আর ওষুধ খায়নি। আগের তুলনায় ulcer কিছুটা ভালো কিন্তু gland ফুলে যাওয়াই এখন বড় সমস্যা। পরীক্ষা করে দেখলেন, ডান দিকের groin এ lymph gland ফোলা, প্রায় ফেটে যাবার অবস্থা। এছাড়া কয়েকটি genital ulcer ও আছে।

ক) আপনার ডায়াগনোসিস কি?

খ) কি ব্যবস্থাপনা দেবেন? (ওষুধের নাম ও ডোজসহ ব্যবস্থাপনা লিখুন)

ঘটনা বিশ্লেষণের উত্তর

ঘটনা-১

রোগীর genital ulcer নেই, বা ulcer এর কোন ইতিহাস নেই, তাই Inguinal Swelling Syndrome অনুযায়ী ব্যবস্থাপনা দেব।

Doxycycline - ১ ক্যাপসুল (১০০ মি.গ্রা.) দিনে ২ বার x ১৪ দিন খেতে হবে।

'4Cs' সম্পর্কে ৩ ৭ দিন পর ফলো-আপে আসার পরামর্শ দিতে হবে।

ঘটনা-২

Genital Ulcer Syndrome অনুযায়ী ব্যবস্থাপনা দেব। রোগীকে Benzathine Penicillin 2.4 million এবং Erythromycin ৫০০ মি.গ্রা. ৪ বার x ১৪ দিন খেতে হবে।

এছাড়া '4Cs' সম্পর্কে এবং ৭ দিন পর ফলো-আপে আসার পরামর্শ দিতে হবে।

Neonatal Conjunctivitis (নবজাতকের চোখে সংক্রমণ)

- পাঠ : ১৩
স্থিতি : ৪৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

ক. নবজাতকের চোখের সংক্রমণ চিহ্নিত করে ফ্লো-চার্ট অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	১০ মি.	উপস্থাপনা	---
ক	নবজাতকের চোখে সংক্রমণ চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা	২৫ মি.	বড় দলে আলোচনা	বোর্ড, মার্কার
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	---

পূর্বপ্রস্তুতি : - Ophthalmia Neonatorum-এ ব্যবহৃত ওষুধসমূহের নাম ট্রান্সপারেন্সিতে লিখে নিন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- ঃ ১০ মিনিট
- ঃ - শুভেচ্ছা বিনিময় করুন। পূর্বে আলোচিত পাঠ নং ৬ (Vaginal Discharge Syndrome) এর সূত্র ধরে প্রশ্ন করুন, 'Cervicitis এর চিকিৎসা না করলে কি কি সমস্যা বা জটিলতা দেখা দিতে পারে?'
- অংশগ্রহণকারীদের উত্তর বোর্ডে লিখুন। সম্ভাব্য উত্তরের মধ্যে নবজাতকের চোখে সংক্রমণ প্রসঙ্গে উল্লেখ করুন, 'Cervicitis এ আক্রান্ত মায়ের চিকিৎসা না করা হলে অথবা সংক্রমণের কোন লক্ষণ না থাকলে জন্মের সময় শিশুর চোখ সংক্রমিত হতে পারে।'
- সেশনের উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক
স্থিতি
প্রক্রিয়া

- ঃ নবজাতকের চোখে সংক্রমণ চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা
- ঃ ২৫ মিনিট
- ঃ - নবজাতকের চোখে সংক্রমণের কারণ, লক্ষণ, সম্ভাব্য জটিলতা ও প্রতিরোধের উপায় বড় দলে আলোচনা করুন। আলোচনার সময় প্রয়োজনে ট্রান্সপারেন্সীতে মূল পয়েন্ট প্রদর্শন করতে পারেন।
- একজন অংশগ্রহণকারীকে সবার মতামতের ভিত্তিতে বোর্ডে নবজাতকের চোখে সংক্রমণের ব্যবস্থাপনার ফ্লো-চার্ট তৈরী ও ব্যাখ্যা করতে বলুন।
- প্রয়োজনে আপনি সহায়তা দিন। ১ম ধাপ ব্যাখ্যার সময় উল্লেখ করুন যে, শিশুর মাতাপিতার যৌনআচরণ ও যৌনরোগ সম্পর্কিত অসুস্থতার ইতিহাস নিতে হবে।
- সবশেষে ট্রান্সপারেন্সী দেখিয়ে শিশু, শিশুর পিতামাতার চিকিৎসা ও শিশুর চোখের যত্ন আলোচনা করুন। চিকিৎসা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও রেফারেল সম্পর্কে উল্লেখ করুন।


Neonatal Conjunctivitis (নবজাতকের চোখে সংক্রমণ)

জন্মের প্রথম ২৮ দিনে নবজাতকের চোখে সংক্রমণ ও ডিসচার্জ থাকে। সাধারণতঃ গর্ভকালে অথবা জন্মের সময় প্রসবপথে শিশুর চোখ আক্রান্ত হয়।

- কারণঃ
- গনোরিয়া (সর্বাধিক ও গুরুতর) ও
 - ক্ল্যামাইডিয়া

অন্যান্য কারণ :	ব্যাকটেরিয়া জনিত সংক্রমণ: - Staphylococcus aureus - Streptococcus Pneumonia ইত্যাদি। সাধারণতঃ হাসপাতাল থেকে শিশুদের এ ধরনের সংক্রমণ হয় এবং এতে দৃষ্টিশক্তি নষ্ট হবার আশংকা থাকে না।
লক্ষণ/চিহ্ন :	এক চোখ বা উভয় চোখ আক্রান্ত হতে পারে - - চোখ ফোলা, লালচে ও পুঁজযুক্ত থাকে। - সাধারণতঃ শিশুর চোখ বন্ধ থাকে। চোখ খুলতে চাইলে বা চাপ দিলে পুঁজ বেরিয়ে আসে।
জটিলতা :	- সময়মত চিকিৎসা না হলে শিশুর কর্ণিয়া আক্রান্ত হয়ে চোখ অন্ধ হয়ে যেতে পারে। - গনোরিয়া দ্বারা সংক্রমণ হলে অন্ধত্ব ছাড়াও Arthritis বা Septicemia হতে পারে। - ক্ল্যামাইডিয়া দ্বারা সংক্রমণ হলে অন্ধত্ব ছাড়াও নিউমোনিয়া বা Otitis media হতে পারে।
প্রতিরোধ :	- প্রসব-পূর্ব সেবা/চেক-আপের সময় রোগীর Cervicitis আছে কিনা তা নিরূপণ করে দেখতে হবে। Cervicitis থাকলে স্বামী/সংগী সহ চিকিৎসা দিতে হবে। - শিশু জন্মের পর পর শিশু চোখ খোলার আগেই জীবাণুমুক্ত তুলা দিয়ে শিশুর চোখ ও মুখ মুছে দিতে হবে। - ধীরে ধীরে শিশুর নীচের চোখের পাতা নীচের দিকে ও উপরের চোখের পাতা উপর দিকে টেনে শিশুর চোখ খুলে দিতে হবে। - ১% টেট্রাসাইক্লিন চোখের মলম চোখের নীচের পাতার ভেতরের দিকে লাগাতে হবে।
পরামর্শঃ	- প্রথম ভিজিটে শিশুকে গনোরিয়া ও শিশুর মাতাপিতাকে গনোরিয়া ও ক্ল্যামাইডিয়ার চিকিৎসা দিতে হবে। ৩ দিন পর ফলো-আপ ভিজিটে শিশুর সংক্রমণ থাকলে ক্ল্যামাইডিয়ার চিকিৎসা দিতে হবে।
রেফারেলঃ	- যথাযথ এন্টিবায়োটিক দেবার পরেও দ্বিতীয় ফলো-আপ ভিজিটে শিশুর চোখের অবস্থার উন্নতি না হলে বা আরো খারাপ হলে উচ্চতর পর্যায়ে রেফার করতে হবে।

Neonatal Conjunctivitis (নবজাতকের চোখে সংক্রমণ)



ইতিহাস গ্রহণঃ

- মায়ের কাছে ইতিহাস নিনঃ
- মায়ের অথবা তাঁর সঙ্গীর যৌনবাহিত রোগের কোন লক্ষণ আছে কিনা

শিশুর চোখ পরীক্ষাঃ

- পুঁজযুক্ত discharge আছে কিনা দেখুনঃ
(চোখের পাতা ফাঁক করে অথবা চাপ দিয়ে পুঁজ আছে/পড়ছে কিনা দেখুন)

নবজাতকের চোখে সংক্রমণের চিকিৎসা

নবজাতকের চিকিৎসা	পিতামাতার চিকিৎসা (Urethritis এবং Cervicitis)
<p><u>গণোকক্কাসজনিত চোখে সংক্রমণ</u> Inj. Ceftriaxone: 50 mg/kg (সর্বোচ্চ ১২৫ মি.গ্রা.) মাংসপেশীতে একমাত্রা অথবা Inj. Kanamycin: 25 mg/kg (সর্বোচ্চ ৭৫ মি.গ্রা.) মাংসপেশীতে একমাত্রা</p> <p><u>ক্ল্যামাইডিয়াজনিত চোখে সংক্রমণ</u> Syrup Erythromycin: 50 mg/kg মুখে ৬ ঘন্টা অন্তর x ১৪ দিন অথবা Syrup Cotrimoxazole: 5 ml (১ চামচ) মুখে ১২ ঘন্টা অন্তর x ১৪ দিন</p>	<p>1. Tab Ciprofloxacin:* 500 mg মুখে একমাত্রা অথবা Inj. Ceftriaxone: 250 mg মাংসপেশীতে একমাত্রা এবং 2. Cap Doxycycline:* 100 mg মুখে ১২ ঘন্টা অন্তর x ৭ দিন অথবা Cap Tetracycline:* 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ৭ দিন অথবা Tab Erythromycin: 500 mg মুখে ৬ ঘন্টা অন্তর x ৭ দিন</p>
<p><u>শিশুর চোখের যত্নঃ</u></p> <ul style="list-style-type: none">● পরিষ্কার নরম কাপড় স্যালাইন বা পরিষ্কার পানিতে ভিজিয়ে শিশুর চোখ মুছতে বলুন● মোছার সময় চোখের ভেতরের কোণ থেকে শুরু করে বাইরের কোণে শেষ করুন● চোখ পরিষ্কার শেষে ভালোভাবে হাত ধুয়ে ফেলুন	<p>* গর্ভাবস্থায় ও স্তনদানকালে দেয়া যাবে না</p>

- সম্ভব হলে একমাত্রার ওষুধ রোগীকে ক্লিনিকে খাইয়ে দিন
- সঙ্গীর Urethritis চিকিৎসার জন্য মায়ের হাতে 'NC' চিহ্নিত কার্ড দিন
- ফলোআপের সময় নবজাতকের চোখে সংক্রমণ ও পিতামাতার গণোরিয়া/ক্ল্যামাইডিয়ার লক্ষণ রয়ে গেলে তা ওষুধ ঠিকমত না খাবার কারণে হতে পারে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

প্রক্রিয়া : - ছোট ছোট প্রশ্নের সাহায্যে বিষয়টি মূল্যায়ন করুন। মূল্যায়নের সময় সবার অংশগ্রহণ নিশ্চিত করুন।

নমুনা প্রশ্নঃ

- Neonatal Conjunctivitis-এর কারণ ও লক্ষণ বলুন।
- সময়মত চিকিৎসা না হলে শিশুর কি ক্ষতি হতে পারে?
- Neonatal Conjunctivitis-এর ব্যবস্থাপনার ধাপগুলো উল্লেখ করুন।
- শিশুর চিকিৎসার জন্য কি কি ওষুধ ও পরামর্শ দেবেন?
- মাতাপিতাকে কি চিকিৎসা দেবেন?

প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা : ভূমিকাভিনয় (Role Play)

- পাঠ : ১৪
- স্থিতি : ১ ঘন্টা
- উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -
প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের ব্যবস্থাপনা ভূমিকাভিনয় বা রোল প্লেয়ার মাধ্যমে অনুশীলন করতে পারবেন।
- পূর্বপ্রস্তুতি : - ঘটনা ৩টি কাগজে লিখে রাখুন।
- প্রক্রিয়া : - উল্লেখ করুন, প্রজননতন্ত্র যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা অত্যন্ত স্পর্শকাতর বিষয়।
বাস্তবক্ষেত্রে ক্লিনিক পরিবেশে আমরা কিভাবে ব্যবস্থাপনা দেব, এ সেশনে আমরা ভূমিকা
ভিনয়ের মাধ্যমে অনুশীলন করবো।
- অংশগ্রহণকারীদের খেলার মাধ্যমে ৩টি দলে ভাগ করুন। প্রতি দল থেকে একজনকে একটি
কাগজ টানতে বলুন। কাগজে লেখা বিষয়ের উপর দলটিকে ভূমিকাভিনয়ের প্রস্তুতি নিতে
বলুন।
 - উল্লেখ করুন প্রতিটি দল থেকে ১ জন সার্ভিস প্রোভাইডার ও ১ জন রোগী হিসাবে
ভূমিকাভিনয়ে অংশগ্রহণ করবেন এবং দলের অন্যান্য সদস্যরা প্রয়োজনীয় সহায়তা দেবেন।
 - সংলাপ তৈরী ও ভূমিকাভিনয় প্রস্তুতির জন্য ১৫ মিনিট সময় দিন।
 - ১৫ মিনিট পর সবাইকে বড় দলে ফিরে আসতে বলুন।
 - প্রতি দলের অভিনয় শেষে হাততালি দিন এবং অন্যান্য দলের মতামত আহ্বান করুন।
মতামত দেবার সময় দুর্বল ও সবল -- দুটো দিক আলোচনা করুন।
 - উল্লেখ করুন, 'আমরা এতক্ষণ ভূমিকাভিনয়ের মাধ্যমে যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনা
অনুশীলন করলাম। এতদিন হয়তো এভাবে ঝুঁকি চিহ্নিত করে কাউন্সেলিং বা পরামর্শ দেবার
কথা চিন্তা করিনি কিন্তু ফিরে গিয়ে কর্মক্ষেত্রে এ প্রক্রিয়া আমরা চালিয়ে যাবো। বার বার
অনুশীলনের মাধ্যমেই বিষয়টি আত্মস্থ ও কার্যক্ষেত্রে বাস্তবায়ন করা সম্ভব।'।
 - অংশগ্রহণকারীদের ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

ঘটনা ১

রহিমা একজন গার্মেন্টস কর্মী। বিবাহিত, স্বামী রিক্সা চালায়। গত ২ সপ্তাহ আগে সন্ধ্যায় ওভারটাইম কাজ করার সময় যৌন নির্যাতনের শিকার হন। দু'দিন থেকে তার প্রস্রাবে জ্বালাপোড়া হচ্ছে। সাদা স্রাবের সমস্যা দেখা দিয়েছে। সার্ভিস প্রোভাইডার হিসাবে আপনার করণীয় কি? কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা ২

শাহেদ ছাত্র। বয়স ২৬ বছর। গত এক সপ্তাহ থেকে প্রস্রাবে জ্বালাপোড়া হচ্ছে। কিছু discharge রয়েছে। ইতিহাস নিয়ে জানতে পারলেন তার একজন মেয়ে বন্ধু রয়েছে। দু'সপ্তাহ আগে তারা শারীরিকভাবে মিলিত হয়েছিল। আপনি কি ব্যবস্থাপনা দেবেন?

ঘটনা ৩

জাকের একজন শ্রমিক। তার স্ত্রী ফরিদপুরের গ্রামে থাকে। মাঝে মাঝে সে তার স্ত্রীর কাছে বেড়াতে যায়। গতকাল সে ফরিদপুরের গ্রামে থেকে ফিরেছে। আপনাকে জানালো, তার স্ত্রীর যৌনাঙ্গে যা হয়েছে, সংগে ব্যথা রয়েছে। আপনি জাকেরকে কি ব্যবস্থাপনা/পরামর্শ দেবেন?

এইডস্

- পাঠ : ১৫
স্থিতি : ১ ঘন্টা ৪৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. এইডস্ কি, এইডস্ কিভাবে ছড়ায় ও ছড়ায় না তা ব্যাখ্যা করতে পারবেন;
খ. এইডস্ এর লক্ষণসমূহ বর্ণনা করতে পারবেন; এবং
গ. এইডস্ প্রতিরোধের উপায় বলতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	১০ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
ক	এইডস্ কি এবং এইডস্ ছড়ানোর মাধ্যম কি	৪০ মি.	ধারণা প্রকাশ (VIPP পদ্ধতিতে)	VIPP কার্ড, মার্কার, ট্রান্সপারেন্সী
খ	এইডস্ এর লক্ষণ	২০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী
গ	প্রতিরোধের উপায়	২০ মি.	বড় দলে আলোচনা	---
	শিক্ষণ মূল্যায়ন	১৫ মি.	প্রশ্নোত্তর	কার্ডে লেখা প্রশ্ন

- পূর্বপ্রস্তুতি : - 'সেশনের উদ্দেশ্য', 'এইডস্ কিভাবে ছড়ায়', 'এইডস্ কিভাবে ছড়ায় না', 'এইচ.আই.ভি. ও এইডস্ এর লক্ষণ' ট্রান্সপারেন্সীতে লিখে রাখুন।
- তিনটি oval কার্ডে 'এইডস্ ছড়ায়', 'ছড়ায় না' ও 'কিছুটা ঝুঁকিপূর্ণ' লিখে রাখুন এবং এ বিষয়ে প্রতিটি পয়েন্ট ভিন্ন কোন রঙের চারকোনা কার্ডে লিখে রাখুন।
- নমুনা প্রশ্নগুলো কার্ডে লিখে VIPP বোর্ডে উল্টো করে লাগিয়ে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ১০ মিনিট

- : - শুভেচ্ছা বিনিময়ের পর প্রশ্ন করুন, 'বাংলাদেশে এখন পর্যন্ত কতজন এইচ.আই.ভি. পজিটিভ বলে চিহ্নিত হয়েছেন এবং ইতিমধ্যে কতজন এইডসে আক্রান্ত হয়েছেন?'
- অংশগ্রহণকারীদের ধারণা বোর্ডে লিখুন। প্রয়োজনে সঠিক উত্তর বোর্ডে লিখুন।
- এবার এইডস সংক্রমণের ইতিহাস সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন এবং নীচের তথ্যগুলো উল্লেখ করুন।
- ট্রান্সপারেন্সী দেখিয়ে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

এইডসের ইতিহাস এবং সংক্রমণ তথ্য

১৯৭০	এর শেষদিক থেকেই পূর্ব ও মধ্য আফ্রিকাতে রোগটির ব্যাপক প্রসার হয়েছিল বলে ধরে নেওয়া হয়। কিন্তু আফ্রিকাতে রোগটি আবিষ্কার সম্ভব হয়নি।
১৯৮১	এইডসের লক্ষণযুক্ত রোগী সর্বপ্রথম যুক্তরাষ্ট্রের লস এন্জেলসে সনাক্ত করা হয়। যদিও এইডস রোগের নামকরণ করা হয় ১৯৮৪ সালে।
১৯৮৩	পাস্তুর ইনস্টিটিউট এইডসের ভাইরাস হিসেবে এইচ.আই.ভি. কে আবিষ্কার করেন। যদিও এর নাম এইচ.আই.ভি. দেয়া হয় ১৯৮৬ সালে।
১৯৮৪	শরীরে এইচ.আই.ভি. সংক্রমণের টেস্ট উদ্ভাবিত হয়। এই টেস্টই HIV টেস্ট নামে সাধারণভাবে পরিচিত।
১৯৮৪	এশিয়া অঞ্চলে এইডস আক্রান্ত হওয়ার প্রথম ঘটনাটি থাইল্যান্ডে ধরা পড়ে।
১৯৮৬	ভারতবর্ষ ও বার্মায় প্রথম এইচ.আই.ভি. সংক্রমণের খবর জানা যায়।
১৯৮৯	বাংলাদেশে প্রথম এইডস রোগী চিহ্নিত হয়। এখন পর্যন্ত পঁচানব্বই জনের রক্তে HIV পাওয়া গেছে এবং দশ জন এইডসে আক্রান্ত হয়েছেন।


- উদ্দেশ্য-ক** : এইডস্ কি এবং এইডস্ ছড়ানোর মাধ্যম
- স্থিতি** : ৪০ মিনিট
- প্রক্রিয়া** :
- 'AIDS' শব্দটি বোর্ডে লিখুন এবং একজন অংশগ্রহণকারীকে 'AIDS' শব্দের আক্ষরিক অর্থ ও এর ব্যাখ্যা বোর্ডে লেখার জন্য আমন্ত্রণ জানান। প্রয়োজনে সহায়তা দিন।
 - এইডস্ রোগের জীবাণুর পুরো নাম অপর একজন অংশগ্রহণকারীকে বোর্ডে লিখতে বলুন। প্রয়োজনে সহায়তা দিন এবং এইচ.আই.ভি. ও এইডস্‌র সম্পর্ক ব্যাখ্যা করুন।
 - উল্লেখ করুন, "এইডস্ কিভাবে ছড়ায়", "কিভাবে ছড়ায় না", এবং "কিছুটা ঝুঁকিপূর্ণ আচরণ" ইত্যাদি বিষয়ে আমাদের কিছু ধারণা আছে। আসুন খেলার মাধ্যমে আমরা এ বিষয়ে ঐক্যমতে পৌঁছানোর চেষ্টা করি।"
 - VIPP বোর্ডে 'এইডস্ ছড়ায়', 'এইডস্ ছড়ায়না', 'কিছুটা ঝুঁকিপূর্ণ' শিরোনাম লেখা কার্ড ৩টি লাগিয়ে দিন। একজন করে সব অংশগ্রহণকারী এসে টেবিলে উল্টো করে রাখা ১টি কার্ড তুলে জোরে পড়বেন এবং কার্ডে লিখিত তথ্য সম্পর্কে নিজ ধারণা অনুসারে শিরোনাম লেখা কার্ডের নীচে লাগাবেন।
 - সব কার্ড লাগানো হলে ট্রান্সপারেন্সী দেখিয়ে এইডস্ কিভাবে ছড়ায় ও ছড়ায় না আলোচনা করুন। আলোচনা শেষে প্রয়োজনে VIPP বোর্ডে পূর্বে লাগানো কার্ডের স্থান পরিবর্তন করতে অংশগ্রহণকারীদের আহবান জানান।

AIDS শব্দের অর্থ ও ব্যাখ্যা				
A	:	Acquired	:	অর্জিত
I	:	Immune	:	শরীরের রোগ প্রতিরোধের ক্ষমতা
D	:	Deficiency	:	ঘটতি/অভাব
S	:	Syndrome	:	রোগাক্রান্ত হলে যে সকল উপসর্গ দেখা যায়।
HIV শব্দের অর্থ				
H	:	Human		
I	:	Immunodeficiency		
V	:	Virus		
এইচ.আই.ভি. এবং এইডস্ এর সম্পর্ক				
-	এইচ.আই.ভি. এক ধরনের ভাইরাস যার কারণে এইডস্ রোগ হয়।			
-	এইচ.আই.ভি. বহনকারী ব্যক্তিকে এইচ.আই.ভি. পজিটিভ বলা হয় এবং তিনি অন্য কাউকে এইচ.আই.ভি. দ্বারা সংক্রমিত করতে পারেন।			
-	এইচ.আই.ভি. পজিটিভ সব ব্যক্তিই একদিন এইডস্ রোগীতে পরিণত হবেন।			


কি কি উপায়ে এইচ.আই.ভি ডাইরাস ছড়ায়?




সংক্রমিত ব্যক্তির সাথে সহবাসের ফলে শতকরা ১ ভাগ সংক্রমিত হয়



সংক্রমিত রক্ত গ্রহণের ফলে শতকরা ৯০ ভাগ সংক্রমিত হয়



সংক্রমিত নেশাকারীর সূঁচ ব্যবহার করার ফলে শতকরা ০.৫ থেকে ১ ভাগ সংক্রমিত হয়



সংক্রমিত মায়ের দ্বারা তার শিশুর দেহে এইচ.আই.ভি সংক্রমণের সম্ভাবনা শতকরা ২৫-৩৫ ভাগ।

এইড্‌স ছড়ানোর মাধ্যম

এইড্‌স ছড়ায়

একাধিক সঙ্গী/সঙ্গিনীর
সাথে কনডম ছাড়া সহবাস

একই সূঁচ দিয়ে একাধিক
ব্যক্তির ইঞ্জেকশন নেয়া

HIV সংক্রমিত রক্তগ্রহণ

সংক্রমিত মায়ের দ্বারা
শিশুর দেহে

যৌনাঙ্গে মুখ দেয়া

পায়ুসংগম

এইড্‌স ছড়ায় না

হাঁচি, কাশি

সংক্রমিত ব্যক্তির সাথে
করমর্দন

আলিঙ্গন, সামাজিক চুম্বন

হস্তমৈথুন

অসংক্রমিত বিশ্বস্ত সঙ্গীর
সাথে যৌন সহবাস

মশা বা
পোকামাকড়ের কামড়

টাওয়েল, পোষাক
পরিচ্ছদ ব্যবহার

সঠিকভাবে কনডম ব্যবহার

আক্রান্ত ব্যক্তির
পরিচর্যা

একই টয়লেট/সুইমিং পুল
ব্যবহার

একই সাথে খাওয়া,
কাজ করা

কিছুটা ঝুঁকিপূর্ণ

বিউটি পার্লার, সেলুন
ইত্যাদি ব্যবহার

সংক্রমিত মায়ের স্তন্যপান

একই সূঁচ দিয়ে নাক কান
ছিদ্র করা

জিহ্বায় চুম্বন

এইচ.আই.ভি. ভাইরাস কিভাবে ছড়ায়

- বীর্য এবং যোনী নিসৃতঃ রসে এইচ.আই.ভি. ভাইরাস থাকে। ফলে স্বাভাবিক যৌনমিলন ও সমকামী (পুরুষের সংগে পুরুষের অথবা মহিলার সাথে মহিলার যৌন মিলন) যৌন সংগমে এইচ.আই.ভি. সংক্রমিত হতে পারে। যৌনমিলন ছাড়াও ওরাল সেক্স অর্থাৎ যৌন উত্তেজনা অথবা আনন্দ লাভের উদ্দেশ্যে পুরুষাংগে অথবা যোনীতে মুখ ব্যবহার করা এবং পায়ু পথে সংগম অর্থাৎ পায়ু পথে পুরুষাংগ প্রবেশ করানো ইত্যাদির মাধ্যমে ছড়াতে পারে। সংক্রমিত ব্যক্তির সাথে যৌন মিলনের ফলে শতকরা ১ ভাগ সংক্রমিত হয়। অর্থাৎ ১০০ বার এইচ.আই.ভি. আক্রান্ত ব্যক্তির সাথে যৌন সংগম করলে ১ বার সংক্রমিত হবে অথবা এইচ.আই.ভি আক্রান্ত ব্যক্তির সাথে ১০০ জন যৌন সংগম করলে ১ জন সংক্রমিত হবেন। পৃথিবীতে এইচ.আই.ভি. সংক্রমিতদের অধিকাংশই (প্রায় ৭৫-৮০%) যৌনসংগমের মাধ্যমে সংক্রমিত হয়েছে।
- সংক্রমণের দ্বিতীয় কারণটি হচ্ছে ভাইরাসযুক্ত রক্ত গ্রহণ করা। এইচ.আই.ভি. বহনকারী ব্যক্তির রক্ত বা রস জাতীয় পদার্থ এইচ.আই.ভি. সংক্রমিত করতে পারে। এইচ.আই.ভি. সংক্রমিত রক্ত গ্রহণ করলে ৯০ ভাগ ক্ষেত্রে সংক্রমিত হবার আশংকা থাকে অর্থাৎ সংক্রমিত ব্যক্তির রক্ত গ্রহণের মাধ্যমে প্রতি ১০০ জনের মধ্যে ৯০ জনই সংক্রমিত হবেন।
- অপরিশোধিত সূঁচ/সিরিঞ্জ শেয়ার বা অনেকে মিলে ব্যবহার করার মাধ্যমে এইচ.আই.ভি. হওয়ার আশংকা থাকে। শিরায় মাদক গ্রহণকারী ব্যক্তির এ ভাইরাস দ্বারা সংক্রমিত হতে পারেন। অন্যের ব্যবহৃত ইঞ্জেকশনের সূঁচ, যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহার করা আশংকাজনক। এক্ষেত্রে প্রতি ১০০০ এ পাঁচ থেকে দশ জন (০.৫-১%) সংক্রমিত হতে পারেন।
- সংক্রমণের চতুর্থ উপায় হচ্ছে সংক্রমিত মায়ের মাধ্যমে শিশুর দেহে ভাইরাস সংক্রমিত হওয়া। এইচ.আই.ভি. বহনকারী মায়েরা গর্ভবতী অবস্থায় অথবা জন্মের সময় শিশুর দেহে এই ভাইরাস সংক্রমণ করতে পারেন। পৃথিবীর সমস্ত এইচ.আই.ভি. আক্রান্তদের প্রায় ১০ ভাগই শিশু যারা মূলতঃ মায়ের থেকেই সংক্রমিত হয়েছে। অর্থাৎ সংক্রমিত মায়ের গর্ভাবস্থায় অথবা মায়ের দুধ থেকে শতকরা ২৫-৩৫ জন বাচ্চার সংক্রমিত হওয়ার আশংকা থাকে।
- দেখা গেছে ভাইরাস বহনকারী মায়ের বুকের দুধ পান করার কারণেও শিশুর দেহে এইচ.আই.ভি. সংক্রমিত হয়েছে। তবে মা আক্রান্ত হলেও শিশুকে বুকের দুধ খাওয়ানো অব্যাহত রাখতে পরামর্শ দেয়া হচ্ছে। কারণ উন্নয়নশীল দেশগুলোতে বুকের দুধ দেয়া বন্ধ করা হলে অপুষ্টি অথবা অন্যান্য রোগের কারণে শিশুটির মৃত্যু ঘটান সম্ভাবনা এইচ.আই.ভি. আক্রান্তের সম্ভাবনার থেকে বেশী।

যে সকল আচরণের কারণে এইচ.আই.ভি. সংক্রমিত হয় না

- হাঁচি, কাশি, খুঁথু অথবা শ্বাস-প্রশ্বাসের বা বাতাসের মাধ্যমে
- শারীরিক স্পর্শ যেমনঃ হ্যান্ড শেকিং, আলিঙ্গন অথবা সামাজিক চুম্বন দ্বারা
- পোকা মাকড় অথবা মশার কামড়ে
- একই স্কুলে পড়াশুনা করার কারণে
- একই ঘরে বসবাস করার কারণে
- জন সাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত স্থান ব্যবহার করার কারণে
- পানির মাধ্যমে যেমনঃ সাতাঁর কাটা
- একই টয়লেট ব্যবহারের কারণে
- খাবারের মাধ্যমে, আসবাব পত্র অথবা একই টেলিফোন ব্যবহারে

উদ্দেশ্য-খ : এইডসের লক্ষণ

স্থিতি : ২০ মিনিট

প্রক্রিয়া : - মানুষ এইচ আই ভি সংক্রমিত হওয়ার পর ক্রমপর্যায়ে শরীরের উপর কি প্রতিক্রিয়া হয় এবং শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে আসার ফলে ধাপে ধাপে কি লক্ষণ দেখা দেয় তা ট্রান্সপারেন্সী দেখিয়ে আলোচনা করুন। আলোচনার ফাঁকে ফাঁকে প্রতিবর্তা নিন।


এইচ.আই.ভি. সংক্রমণের পর্যায়সমূহ

- ১। সংক্রমণের সময় বেশীরভাগ ব্যক্তিরই (৬০%) বাইরে থেকে লক্ষণ প্রকাশ পায় না। তবে অল্পসংখ্যক ব্যক্তির (৪০%) সংক্রমণের ১-৩ সপ্তাহ পরে ইনফ্লুয়েঞ্জার মত জ্বরের উপসর্গ দেখা দেয় যা ১-৩ সপ্তাহ থাকতে পারে।
- ২। কেউ আজ এইচ.আই.ভি. দ্বারা আক্রান্ত হলে রক্ত পরীক্ষায় ধরা পড়তে সাধারণতঃ ৩ মাস (কোন কোন ক্ষেত্রে ৬ মাস) সময় লাগতে পারে। এই সময়কে উইন্ডো পিরিয়ড বলা হয়।
- ৩। এইচ.আই.ভি. বহনকারী ব্যক্তির শতকরা ৫০ জন ৮ বছর বাদে এবং ৬০ জন ১৫ বছর বাদে এইডসে আক্রান্ত হবেন।
- ৪। সংক্রমিত ব্যক্তি কোন কোন ক্ষেত্রে ১৫ (পনের) বছর পর্যন্ত এইচ.আই.ভি.-র বাহক হওয়া সত্ত্বেও অসুস্থতা বোধ নাও করতে পারেন।
- ৫। এইডস হলে ঐ ব্যক্তির মৃত্যু অনিবার্য। এইডসের লক্ষণ দেখা দেবার পরে উন্নয়নশীল দেশে ১ বছর ও উন্নত দেশে ৩ বছর পর্যন্ত এইডস রোগী বাঁচতে পারেন।

এইচ.আই.ভি.-র লক্ষণ ও উপসর্গ


১৯৯৬ সালে এইচ.আই.ভি. আক্রান্ত একজনের জীবনের বছরের ঘড়ি

- লক্ষণহীন
- ইনফ্লুয়েঞ্জার মত উপসর্গ
- শরীরের গ্ল্যান্ড (গ্রন্থি) ফুলে উঠা
- মধ্যে মধ্যে জ্বর
- ওজন হ্রাস (১০% এর কম)
- মধ্যে মধ্যে পাতলা পায়খানা
- হারপিস (যৌনাঙ্গে বা শরীরের ত্বকে)
- মুখের ভিতর সাদা ঘা (Candida)
- চামড়ার চুলকানি (যার কোন অন্য কারণ পাওয়া যাচ্ছে না)
- ক্রমাগত চলতে থাকা কাশি



এইডসের লক্ষণ ও উপসর্গ

১৯৯৬ সালের এইচ.আই.ভি. এবং এইডস আক্রান্ত একজনের জীবনের বছরের ঘড়ি



প্রধান লক্ষণ	অপ্রধান লক্ষণ	এইডস নির্দেশক অবস্থা
<ul style="list-style-type: none"> ■ ১ মাসের উপর জ্বর ■ ১ মাসের উপর পাতলা পায়খানা ■ ওজন খুব কমে যাওয়া (>১০%) 	<ul style="list-style-type: none"> ■ শরীরের গ্ল্যান্ড ফুলে উঠা ■ ওজন হ্রাস (<১০%) ■ মুখে বা গলার ভেতরে সাদা ঘা (Candida) ■ সারা শরীরে কারণ ছাড়া চুলকানি ■ ১ মাসের বেশী কাশি ■ হারপিস 	<ul style="list-style-type: none"> ■ টিবি ■ ঘন ঘন নিউমোনিয়া ■ জরায়ুর মুখে ক্যান্সার ■ চামড়ায় ক্যান্সার (Kaposi Sarcoma) ■ স্মৃতি লোপ ■ বিশেষ ধরণের মেনিন্জাইটিস

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে উন্নয়নশীল দেশে এইচ.আই.ভি. পজেটিভ কোনো ব্যক্তির ক্ষেত্রে উপরোক্ত যে কোনো দু'টি প্রধান এবং একটি অপ্রধান লক্ষণ থাকলে তাকে এইডস বলা হয়। এছাড়াও কোনো এইচ.আই.ভি. পজেটিভ ব্যক্তির যে কোন একটি এইডস নির্দেশক অবস্থা থাকলে তাকে এইডস আক্রান্ত বলা হবে। আমেরিকা ও উন্নত দেশে রক্তের বিশেষ কোষ (CD4 Cell)-এর সংখ্যা দ্বারা এইডস নিরূপণ করা হয়। এই কোষগুলি শরীরের প্রতিরোধ ক্ষমতার সাথে যুক্ত।

উদ্দেশ্য-গ : এইডস্ প্রতিরোধের উপায়

স্থিতি : ২০ মিনিট

প্রক্রিয়া : - উল্লেখ করুন, 'আমরা কিছুর আগে এইডস্ কিভাবে ছড়ায়/ছড়ায় না আলোচনা করেছি। আমরা জানি, AIDS রোগের কোন চিকিৎসা নেই। একমাত্র প্রতিরোধের মাধ্যমে আমরা/আমাদের দেশ ও পৃথিবী এই ভয়াবহ সমস্যা থেকে মুক্তি পেতে পারে। প্রতিরোধের উপায় সম্পর্কে আমরা জনগণকে শিক্ষা দিতে পারি বিশেষতঃ STI রোগীদের ক্ষেত্রে HIV সংক্রমণের আশংকা অন্যান্যদের তুলনায় দশগুন বেশী। STI রোগীদের ঝুঁকিপূর্ণ আচরণের ক্ষেত্রে HIV/AIDS সম্পর্কিত শিক্ষার বিকল্প নেই।'

- এইডস্ প্রতিরোধের উপায় সম্পর্কে প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা বোর্ডে লিখুন। লেখা শেষে প্রতিরোধ সম্পর্কে বড়দলে আলোচনা করুন।

- দু'জন অংশগ্রহণকারীকে ভূমিকাভিনয়ের আমন্ত্রণ জানান। একজন 'STI রোগী' ও অপরজন 'সার্ভিস প্রোভাইডারের' ভূমিকায় অভিনয় করবেন। সার্ভিস প্রোভাইডার STI রোগীকে HIV প্রতিরোধ সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ দেবেন। প্রস্তুতির জন্য ২ মিনিট সময় দিন। ভূমিকাভিনয় শেষ হলে সবার মতামত নিন। আপনিও মতামত দিন।

এইচ.আই.ভি./এইডস্ প্রতিরোধ

যে কেউ, তিনি পুরুষ বা মহিলা যেই হোন না কেন, সমভাবে এইডস্ দ্বারা আক্রান্ত হতে পারেন এবং অন্যকে সংক্রমিত করতে পারেন।

এশিয়ার অন্যান্য দেশের মতই বাংলাদেশেও এইচ.আই.ভি. সংক্রমণের প্রধানতম কারণ হচ্ছে নারী-পুরুষের যৌন মিলন।

এইচ.আই.ভি./এইডস্ প্রতিরোধে আমরা যা যা করতে পারিঃ

A / এ = একাধিক যৌন সঙ্গী/সঙ্গিনীর সাথে যৌন সহবাস থেকে বিরত থাকা

I / আই = ইনফরমেশন/জ্ঞানার্জন

D / ডি = ড্রাগের অপব্যবহার (একই সুঁচ ব্যবহার করে শিরায় ড্রাগ নেয়া) প্রতিরোধ

S / এস = সেইফ ব্লাড ট্রান্সফিউশন অর্থাৎ HIV পরীক্ষা না করে রক্ত গ্রহণ করা।

অভ্যাস পরিবর্তনের মাধ্যমে এইচ.আই.ভি. সংক্রমণ প্রতিরোধ

যৌনাভ্যাসঃ

- ক) একজন মাত্র বিশ্বস্ত সঙ্গী/সঙ্গিনীর সাথে যৌনসহবাস সীমাবদ্ধ রাখুন
খ) আপনার বিশ্বস্ত সঙ্গী বা সঙ্গিনী ছাড়া অন্য কারও সাথে সহবাস করলে সঠিকভাবে কনডম ব্যবহার করুন।

রক্তের মাধ্যমে :

- ক) রক্ত নেবার আগে তা এইচ.আই.ভি. মুক্ত কিনা নিশ্চিত হয়ে নিন।
খ) অপরিশোধিত সূঁচ পরিহার করুন এবং সেলুন, দাঁতের ক্লিনিক অথবা ডাক্তারের যন্ত্রপাতি সতর্কতার সাথে ব্যবহার করুন। সম্ভব হলে এগুলো ব্যবহার করা থেকে বিরত থাকুন।

মায়ের মাধ্যমে শিশুর দেহে :

- ক) এইচ.আই.ভি. আক্রান্ত মহিলাদের গর্ভধারণ করার আগে বাচ্চার সংক্রমণের আশংকা সম্পর্কে অবহিত করা। আক্রান্ত মাই বাচ্চা নেয়া, না নেয়ার সিদ্ধান্ত নেবেন।

ঝুঁকিমুক্ত আচরণ/অভ্যাসের মাধ্যমে এইচ.আই.ভি. প্রতিরোধ

ঝুঁকিমুক্ত আচরণগুলো হচ্ছেঃ

- ১। যথেষ্ট যৌনাচার থেকে বিরত থাকা।
- ২। সংক্রমিত নয় এ ধরনের একজন বিশ্বস্ত সঙ্গী/সঙ্গিনীর সাথে সহবাস করা।
- ৩। প্রয়োজনে যথাযথভাবে কনডম ব্যবহার করা।
- ৪। যৌন উত্তেজনা এবং যৌন আনন্দ লাভের জন্য হস্তমৈথুন করা।
- ৫। অন্যের ব্যবহৃত অপরিশোধিত সূঁচ এবং অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার না করা।
- ৬। এইচ.আই.ভি. মুক্ত রক্ত গ্রহণ করা।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১৫ মিনিট

প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের একজন করে সামনে এসে VIPP বোর্ড থেকে একটি কার্ড তুলে প্রশ্ন ও তার উত্তর জোরে বলতে বলুন। প্রয়োজনে অন্যান্যরা এবং আপনি সহায়তা দিতে পারেন।

- ধন্যবাদ জানিয়ে সেশনের সমাপ্তি টানুন।

প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণের ব্যবস্থাপনা
ধারণা যাচাই পত্র

সময়ঃ ৩০ মিনিট
মোট নম্বরঃ ৫০

ক) সংক্ষেপে উত্তর দিনঃ

৬ x ৩ = ১৮ নম্বর

১। রোগ চিকিৎসার ক্ষেত্রে সিন্ড্রোম বলতে আমরা কি বুঝি ?

২। একজন রোগী ভ্যাজাইনাল ডিস্চার্জ নিয়ে ৭ দিন আগে এসেছিল। আপনি পরীক্ষা করে যথাযথ চিকিৎসা দিয়েছিলেন। আজ সে ফিরে এসে বলল তার ডিস্চার্জ সারেনি। কি কি সম্ভাব্য কারণে তার ডিস্চার্জ এখনও হচ্ছে বলে আপনি মনে করেন? আপনি কি ব্যবস্থা নেবেন?

৩। একজন রোগী চুলকানি ও প্রচুর ভ্যাজাইনাল ডিস্চার্জ-এর সমস্যা নিয়ে আপনার কাছে চিকিৎসার জন্য এলেন। পরীক্ষা করে আপনি দেখলেন ডিস্চার্জ ফেনাযুক্ত এবং পুঁজের মতো হলুদ।

মহিলার রোগঃ _____

ব্যবস্থাপনাঃ _____

৪। একজন রোগী ড্যাজাইনাল ডিস্চার্জ-এর সমস্যা নিয়ে আপনার কাছে চিকিৎসার জন্য এলেন। পরীক্ষা করে আপনি দেখলেন ডিস্চার্জ পানির মত কিন্তু পরিমানে বেশী নয়। ইতিহাস নিয়ে জানা গেল যে মহিলার স্বামীর প্রস্রাবের সময় জ্বালা-পোড়া করে ও পুঁজের মত বের হয়।

মহিলার রোগ _____

ব্যবস্থাপনা _____

৫। এইডস্ রোগ কি কি ভাবে ছড়ায়?

৬। যৌনবাহিত সংক্রমণে কাউন্সেলিং-এর ধাপ সমূহের নাম লিখুনঃ

খ) সঠিক উত্তরের পার্শ্বে টিক চিহ্ন ✓ দিন। উত্তর একাধিক হতে পারেঃ

৬ X ২ = ১২ নম্বর

৭। নিম্নলিখিত রোগগুলির মধ্যে কোন্ কোন্টি এস,টি,ডি এবং কোন্ কোন্টি আর,টি,আই?

	<u>এস,টি,ডি</u>	<u>আর,টি,আই</u>
ট্রাইকোমোনিয়াসিস <input type="checkbox"/> <input type="checkbox"/>
ক্যান্ডিডিয়াসিস <input type="checkbox"/> <input type="checkbox"/>
গনোরিয়া <input type="checkbox"/> <input type="checkbox"/>
সিফিলিস <input type="checkbox"/> <input type="checkbox"/>
স্ক্যাবিস <input type="checkbox"/> <input type="checkbox"/>
টিনিয়াসিস <input type="checkbox"/> <input type="checkbox"/>
পি,আই,ডি <input type="checkbox"/> <input type="checkbox"/>

৮। গর্ভবতী কোন মহিলার যদি ১ম তিন মাসের মধ্যে ট্রাইকোমোনিয়াসিসের সমস্যা থাকে, আপনি কি চিকিৎসা দেবেন?

- মেট্রোনিডাজল দেব
- কোন চিকিৎসা দেব না
- দ্বিতীয় তিনমাসে আসতে বলব
- Fluconazole

৯। একজন মহিলার তলপেটে সংক্রমণ(পি,আই,ডি) থাকলে রোগী কি কি লক্ষণ নিয়ে থাকতে পারে? সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।

- তলপেটে ব্যথা
- তলপেটে চাপ দিলে ব্যথা করে
- সার্বাহিকাল মোশন টেন্ডারনেস
- ভ্যাজাইনাল ডিস্চার্জ
- জ্বর
- অনিয়মিত রক্তস্রাব
- প্রচুর ও সার্বক্ষনিক রক্তস্রাব
- পেটে চাকা
- মাসিক হতে দেবী হচ্ছে

১০। তলপেটে ব্যথা নিয়ে এসেছেন একজন মহিলা। পেটে হাত দিলে তিনি প্রচণ্ড ব্যথা পাচ্ছেন, তার পেট বেশ শক্ত। তার কোন ডিস্চার্জ নাই কিন্তু জ্বর আছে। আপনি কি করবেন? (সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিন।)

- এন্টিবায়োটিক দেব
- প্যারাসিটামল দেব
- ৭ দিন পর আসতে বলব
- সাথে সাথে রেফার করব

১১। Urethral discharge-এ নিম্নলিখিত ওষুধের সাহায্যে চিকিৎসা দেয়া হয় - (সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিন।)

- Cap Ciprofloxacin
- Cap Doxycycline
- Tab Erythromycin
- Tab Metronidazole
- Tab Cotrimoxazole

১২। Scrotal Swelling নিম্নলিখিত কারণে হতে পারে - (সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিন।)

- Mumps
- সিফিলিস
- ক্ল্যামাইডিয়া
- Inguinal Bubo
- Strangulated Hernia

১৩। নিচের বক্তব্যগুলি সত্য বা মিথ্যা চিহ্নিত করে সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন ✓ দিন।

২০ x ১ = ২০ নম্বর

	সত্য	মিথ্যা
ক) আর,টি,আই/এস,টি,আই শুধু খারাপ মেয়েদের সমস্যা। সাধারণ জনগণের এই অসুখ হয় না.....	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
খ) সঙ্গীর সমস্যা না থাকলে রোগীকে আর,টি,আই-এর চিকিৎসা দেবার দরকার নাই.....	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
গ) পি,আই,ডি-তে একসাথে কয়েকটি রোগের চিকিৎসা দিতে হয়	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
ঘ) ট্রাইকোমোনিয়াসিস এবং ব্যাক্টেরিয়াল ভ্যাজিনোসিস এর চিকিৎসা একই	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
ঙ) এস,টি,আই থাকলে সহজেই এইডস রোগে আক্রান্ত হয়	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
চ) এইডস রোগীকে স্পর্শ করা ঠিক না	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
ছ) ক্ষতহীন যৌনবাহিত সংক্রমণ থেকেও এইচ আই ভি ছড়াতে পারে	<input type="checkbox"/>	<input type="checkbox"/>

- জ) গর্ভবতী মহিলাকে Ciprofloxacin দেওয়া ঠিক নয়
- ঝ) গর্ভবতী মহিলাকে Tetracycline দেয়া উচিত নয় কিন্তু স্তনদানকারী মহিলাকে দেয়া যেতে পারে
- ঞ) সিনড্রোমিক ব্যবস্থাপনা যৌনবাহিত সংক্রমণে সঠিক রোগ নিরূপণে সহায়তা করে
- ট) Cervical discharge থাকলে গণোরিয়া ও ক্ল্যামাইডিয়ায় চিকিৎসা দিতে হবে
- ঠ) সিফিলিস ও শ্যাংক্রয়েড-এ প্রায়ই মিশ্র সংক্রমণ থাকে
- ড) লিম্ফোথানুলোমা ভেনেরাম এ কুঁচকিতে লসিকা গ্রন্থি (Inguinal lymph node) ফোলার সাথে যৌনাঙ্গে ক্ষত থাকতে পারে
- ঢ) যৌনাঙ্গে ক্ষত'র ক্ষেত্রে সঙ্গীর সমস্যা না থাকলেও সঙ্গীর চিকিৎসা দিতে হবে
- ণ) ডায়াবেটিস হলে রোগীর ক্যানডিডিয়াসিস সংক্রমণের আশংকা বেশী
- ত) শ্রাবের সমস্যা নিয়ে একজন মহিলা আপনার কাছে এসেছেন। স্পেকুলাম পরীক্ষায় দেখলেন, জরায়ু মুখে কোন শ্রাব (Cervical discharge) নেই কিন্তু যোনিপথে শ্রাব (Vaginal discharge) রয়েছে। প্রশ্ন করে জানলেন, রোগীর স্বামী একজন ব্যবসায়ী। গত দু'সপ্তাহে ব্যবসার কাজে তিনি বাড়ীর বাইরে ছিলেন। এক্ষেত্রে রোগীকে Vaginal discharge এর পাশাপাশি Cervical discharge এর চিকিৎসা দেয়া উচিত
- থ) Cervical motion tenderness সার্ভিসাইটিস-এর লক্ষণ
- দ) তলপেটে ব্যথা নিয়ে আসা রোগীর ক্ষেত্রে সাম্প্রতিক গর্ভপাতের ইতিহাস থাকলে রোগীকে রেফার করা উচিত
- ধ) ট্রাইকোমোনিয়াসিসে প্রচুর ও ফেনা ফেনা এবং ক্যানডিডিয়াসিসে সাদা দইয়ের মতো শ্রাব হয়
- ন) প্রাথমিক পরিচর্যা কেন্দ্রে আগত সকল রোগীর তথ্য পর্যালোচনা করে যৌনবাহিত সংক্রমণের প্রকোপ নির্ণয় করা যায়

অপারেশন রিসার্চ প্রজেক্ট

অপারেশন রিসার্চ প্রজেক্ট (ORP) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জাতীয় সমন্বিত স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচীর (NIPHP) সকল সহযোগী প্রতিষ্ঠান এবং আইসিডিডিআর,বি'র একটি যৌথ উদ্যোগ। এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা (অপারেশন রিসার্চ) এবং কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে অত্যাবশ্যকীয় সেবা (ESP) প্রদানকারী সংস্থাসমূহকে অধিকতর ফলপ্রসূ ও কার্যকরভাবে সেবা প্রদানের ক্ষেত্রে সহযোগিতা দেয়া। অপারেশন রিসার্চ প্রজেক্টের কার্যক্রম পরিচালিত হয় গ্রাম এবং শহর উভয় এলাকায়, যেমনঃ যশোর জেলার অভয়নগর, চট্টগ্রাম জেলার পটিয়া ও মীরশ্বরাই থানা এবং ঢাকা সিটি করপোরেশনের অন্তর্গত দশটি জোন। এ ছাড়া চট্টগ্রাম জেলার আরও ১৩ টি থানায়ও এই প্রজেক্টের সীমিত কার্যক্রম রয়েছে।

নিম্নলিখিত বিষয়সমূহ প্রকল্পের গবেষণার বিষয়ভূক্তঃ

(১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় স্বল্প সাফল্যপূর্ণ এলাকা (যেমন চট্টগ্রাম, সিলেট ইত্যাদি) এবং স্বল্প সেবাপ্রাপ্ত জনগোষ্ঠীর (যেমন নবপরিণীতা, কিশোরী, পুরুষ, বস্তিবাসী ইত্যাদি) জন্য সেবাসমূহের যোগান বৃদ্ধি; (২) প্রদত্ত সেবার উৎকর্ষতা সাধনের মাধ্যমে গ্রাহক (client) সন্তুষ্টির পূর্ণতা বিধান; (৩) অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের নিমিত্তে সেবাদানকারী সংগঠনসমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ; (৪) পারিবারিক স্বাস্থ্যসেবা প্রদান প্রক্রিয়ার আর্থিক সময়স্রতা দৃঢ়তর করা এবং এই প্রক্রিয়ায় বানিজ্যিক খাতের অধিকতর ও যথাযথ সম্পৃক্তি নিশ্চিতকরণ। উল্লেখিত কার্যাবলীর মনিটরিং ও মূল্যায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার লক্ষ্যে জরিপ পরিচালনা এবং অন্যান্য সহায়তা প্রদানের জন্য প্রকল্পের অধীনে রয়েছে একটি মাঠ কার্যক্রম তত্ত্বাবধায়ক দল।

অপারেশন রিসার্চ প্রজেক্ট তার কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন এবং গবেষণালব্ধ অভিজ্ঞতা প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সরকারী, বেসরকারী ও দাতাসংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে নিয়মিতভাবে মিটিং, কর্মশালা, সেমিনারের আয়োজন করে। এ ছাড়া রয়েছে মাঠ পরিদর্শন এবং গবেষণা কার্যক্রম(intervention) সম্পর্কে অবহিতকরণের ব্যবস্থা। প্রজেক্টের গবেষণালব্ধ ফলাফল জার্নাল এবং জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন সমূহে উপস্থাপনের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে। অধিকন্তু আইসিডিডিআর,বি পরিদর্শনে আগত অতিথিবৃন্দ এবং সেন্টার আয়োজিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচীসমূহের অংশগ্রহণকারীদের সাথেও প্রকল্প তার অভিজ্ঞতা পর্যালোচনা করে থাকে।

প্রকল্প স্টাফদের একটি প্রধান দায়িত্ব হলো শিশু ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সরকারী ও বেসরকারী সংস্থাসমূহকে অধিকতর দক্ষ ও ফলপ্রসূ করে গড়ে তোলার লক্ষ্যে কারিগরী সহায়তা প্রদান। বিভিন্ন পর্যালোচনা মিটিং, পরিদর্শন মিশন, সমন্বয় কমিটি এবং টাস্ক ফোর্সে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্প এইরূপ সহায়তা প্রদান করে থাকে।



CENTRE
FOR HEALTH AND
POPULATION RESEARCH

অপারেশন রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়া ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮।

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট (ORP) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জাতীয় সমন্বিত স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচীর (NIPHP) সকল সহযোগী প্রতিষ্ঠান এবং আইসিডিডিআর,বি'র একটি যৌথ উদ্যোগ। এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা (অপারেশন্স রিসার্চ) এবং কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে অত্যাবশ্যকীয় সেবা (ESP) প্রদানকারী সংস্থাসমূহকে অধিকতর ফলপ্রসূ ও কার্যকরভাবে সেবা প্রদানের ক্ষেত্রে সহযোগিতা দেয়া। অপারেশন্স রিসার্চ প্রজেক্টের কার্যক্রম পরিচালিত হয় গ্রাম এবং শহর উভয় এলাকায়, যেমনঃ যশোহর জেলার অভয়নগর, চট্টগ্রাম জেলার পটিয়া ও মীরশ্বরাই থানা এবং ঢাকা সিটি করপোরেশনের অন্তর্গত দশটি জোন। এ ছাড়া চট্টগ্রাম জেলার আরও ১৩ টি থানায়ও এই প্রজেক্টের সীমিত কার্যক্রম রয়েছে।

নিম্নলিখিত বিষয়সমূহ প্রকল্পের গবেষণার বিষয়ভূক্তঃ

(১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় স্বল্প সাফল্যপূর্ণ এলাকা (যেমন চট্টগ্রাম, সিলেট ইত্যাদি) এবং স্বল্প সেবাপ্রাপ্ত জনগোষ্ঠীর (যেমন নবপরিণীতা, কিশোরী, পুরুষ, বস্তিবাসী ইত্যাদি) জন্য সেবাসমূহের যোগান বৃদ্ধি; (২) প্রদত্ত সেবার উৎকর্ষতা সাধনের মাধ্যমে গ্রাহক (client) সন্তুষ্টির পূর্ণতা বিধান; (৩) অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের নিমিত্তে সেবাদানকারী সংগঠনসমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ; (৪) পারিবারিক স্বাস্থ্যসেবা প্রদান প্রক্রিয়ার আর্থিক সয়ম্বরতা দৃঢ়তর করা এবং এই প্রক্রিয়ায় বানিজ্যিক খাতের অধিকতর ও যথাযথ সম্পৃক্তি নিশ্চিতকরণ। উল্লেখিত কার্যাবলীর মনিটরিং ও মূল্যায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার লক্ষ্যে জরিপ পরিচালনা এবং অন্যান্য সহায়তা প্রদানের জন্য প্রকল্পের অধীনে রয়েছে একটি মাঠ কার্যক্রম তত্ত্বাবধায়ক দল।

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট তার কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন এবং গবেষণালব্ধ অভিজ্ঞতা প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সরকারী, বেসরকারী ও দাতাসংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে নিয়মিতভাবে মিটিং, কর্মশালা, সেমিনারের আয়োজন করে। এ ছাড়া রয়েছে মাঠ পরিদর্শন এবং গবেষণা কার্যক্রম(intervention) সম্পর্কে অবহিতকরনের ব্যবস্থা। প্রজেক্টের গবেষণালব্ধ ফলাফল জার্নাল এবং জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন সমূহে উপস্থাপনের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে। অধিকন্তু আইসিডিডিআর,বি পরিদর্শনে আগত অতিথিবৃন্দ এবং সেন্টার আয়োজিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচীসমূহের অংশগ্রহণকারীদের সাথেও প্রকল্প তার অভিজ্ঞতা পর্যালোচনা করে থাকে।

প্রকল্প স্টাফদের একটি প্রধান দায়িত্ব হলো শিশু ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সরকারী ও বেসরকারী সংস্থাসমূহকে অধিকতর দক্ষ ও ফলপ্রসূ করে গড়ে তোলার লক্ষ্যে কারিগরী সহায়তা প্রদান। বিভিন্ন পর্যালোচনা মিটিং, পরিদর্শন মিশন, সমন্বয় কমিটি এবং টাস্ক ফোর্সে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্প এইরূপ সহায়তা প্রদান করে থাকে।



CENTRE
FOR HEALTH AND
POPULATION RESEARCH

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮।